আপনি যথেচ্ছ বিহার করুন, মদ্যপান করিতে থাকুন। সন্তাপ দূর করিয়া যথেচ্ছ কার্য্য করিতে থাকুন। আজ রামকে যমালয়ে প্রেরণ করিলে সীতা চিরতরে আপনার বশীভূত হইবে ॥ ২৩ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের যুদ্ধকাণ্ডে কুম্ভকর্ণগর্জ্জন-নামক
৪২শ সর্গ সমাপ্ত ॥ ৪২ ॥

১। ছ-পুস্তকে অতঃ পরং 'বধেন তে দাশরথেঃ সুখার্হ সুখং সমাহর্ত্তুমহং যতেহস্ত। নিহত্য রামং সহ লক্ষ্মণেন খাদামি সর্ব্বান্ হরিযোধমুখ্যান্॥' ইত্যধিকম্। ২। ছ 'চাগ্র্য-'। ৩। ছ 'কার্য্যাণি'।

(৪৩) ত্রিচত্বারিংশঃ সর্গঃ

এবং বিকত্থমানস্য ধন্বিনো বলশালিনঃ।

কুম্ভকর্ণস্য বচনং শ্রুত্বোবাচ মহোদরঃ ॥ ১ ॥

কুম্ভকর্ণ কুলে জাতো যথা প্রাকৃতদর্শনঃ।[১]

অবলিপ্তো ন জানীষে কৃত্যং সর্ব্বত্র বেদিতুম্ ॥ ২ ॥

অয়ং রাজা ন জানীতে কুম্ভকর্ণ নয়ানয়ৌ।[২]

ত্বং তু কৈশোরয়া বুদ্ধ্যা কেবলং বক্তুমিচ্ছসি ॥ ৩ ॥[৩]

স্থানং বৃদ্ধিঞ্চ হানিঞ্চ দেশকালবিভাগবিৎ।

আত্মনশ্চ পরেষাং চ বুধ্যতে রাক্ষসর্ষভ ॥ ৪ ॥[৪]

১। লো-টী। বিকত্থমানস্যাত্মানং মন্ত্রজ্ঞত্বেন শ্লাঘমানস্য বলং শক্তিশ্রেষ্ঠং যস্য তস্য বলশালিনঃ। 'শালী শ্রেয়ানদৃষ্টশ্চে'তি রত্নমালা।

২। লো-টী। রাজ্ঞো নীত্যনভিজ্ঞত্বং যৎ পূর্ব্বমুক্তং তদাক্ষিপতি চতুর্ভিঃ পদ্যৈঃ—কুম্ভকর্ণেত্যাদিভিঃ। যথা যথাবৎ যোগ্যে কুলে প্রাকৃতস্যেবাকুলজস্যেব দর্শনং জ্ঞানং যস্য সঃ। সর্ব্বত্র সর্ব্বেষু যৎ কৃত্যং কর্ম্ম সকামং কর্ম্মেত্যর্থঃ।

৩। লো-টী। কৈশোরয়া তরুণাবস্থোচিতয়া। 'কিশোরস্তরুণাবস্থে তৈলপর্ণ্যাং হয়ার্ভকে' ইতি কোষঃ।

৪। লো-টী। হে রাক্ষসর্ষভ, ত্বয়ৈব বুধ্যতে ন তু রাজ্ঞেত্যাক্ষেপঃ। দ্বিতীয়ান্তপাঠে ভবানেব বুদ্ধ্যতে স্থানম্ আয়স্থানম্. 'দেশং কালং বলাবল'মিতি ক্বচিৎ পাঠঃ।

এইরূপ শ্লাঘাপরায়ণ বলশালী ধনুর্দ্ধর কুম্ভকর্ণের কথা শুনিয়া 'মহোদর' বলিলেন—॥ ১ ॥

হে কুম্ভকর্ণ, তুমি সদ্বংশে জন্ম গ্রহণ করিয়াছ, কিন্তু তোমার দৃষ্টি নীচবংশীয় ব্যক্তির ন্যায়। তুমি গর্ব্বিত; তুমি সর্ব্ববিষয়ে কর্ত্তব্যাকর্ত্তব্য নির্দ্ধারণ করিতে জান না ॥ ২ ॥

হে কুম্ভকর্ণ, এই রাজা কোন্ কার্য্য নীতিসম্মত ও কোন্ কার্য্য নীতিবিরুদ্ধ, তাহা জানেন না, তুমিও তরুণ বুদ্ধিতেই [এইরূপ] বলিতে ইচ্ছা করিতেছ ॥ ৩ ॥

হে রাক্ষসশ্রেষ্ঠ! দেশকাল-বিভাগে অভিজ্ঞ ব্যক্তি নিজের ও শত্রুর বৃদ্ধি, ক্ষয় ও অবস্থার পর্য্যালোচনা করেন ॥ ৪ ॥

১। ছ '-তবজ্জনঃ' ২। ছ 'ন হি'। ৩। ছ '-মর্হসি'। ৪। ছ 'রাক্ষসেশ্বর'।

যৎ তু শক্যং বলবতা বক্তুং প্রাকৃতবুদ্ধিনা।
অনুপাসিতবৃদ্ধেন তদেতদ্ গদিতং ত্বয়া॥ ৫॥
যত্তু[১] ধর্ম্মার্থকামানাং[২] ব্রবীষি পৃথগাশ্রয়ান্[৩]।
অত্র[৪] পশ্য স্বয়া বুদ্ধ্যা ন হি লক্ষণমস্তি তে॥ ৬॥
কাম এব হি[৫] সর্ব্বেষাং কার্য্যাণাং তু প্রয়োজনম্।
শ্রেয়ঃ পাপীয়সাং চাত্র[৬] সম্ভবেচ্চৈব কর্ম্মণাম্॥ ৭॥

৫। লো-টী। বক্তুং শক্যং যোগ্যং তদ্ গদিতং, 'দর্শিত'মিতি বা পাঠঃ।

৬। লো-টী। ইদানীং ত্বং কেবলং কামপরায়ণ ইতি পূর্ব্বং যদুক্তং তস্য সর্ব্বসাধারণত্বাৎ নায়ং দোষভাক্ ইত্যাহ—যত্ত্বিতি ত্রিভিঃ পদ্যৈঃ। পৃথক্ আশ্রয়ো যেষাং তান্। কাম্যত ইতি কামঃ সুখম্। অত্র অনয়োর্ধর্ম্মার্থয়োঃ, তে তবাপি স্বতঃ পুরুষার্থত্বেন লক্ষণং জ্ঞানং নাস্তি, তয়োরপি তদ্বাদ্দেশেন (?) করণাৎ।

৭। লো-টী। এতদেবাহ—কাম ইতি। হি যস্মাৎ কাম এব সুখমেব কার্য্যাণাং কর্ম্মণাং প্রয়োজনমুদ্দেশ্যং ন কেবলং বিহিতকর্ম্মণাম্ অপি তু অবিহিতানামপীত্যাহ—শ্রেয় ইতি। অত্র সংসারে পাপীয়সামপি কর্ম্মণাং কাম এব শ্রেয়ঃ প্রয়োজনং সংভবেৎ সংভবতি। 'ফলং ভবতি কর্ম্মণা'মিতি বা পাঠঃ।

যে অভিজ্ঞ ব্যক্তির শিষ্যত্ব গ্রহণ করে নাই এবং যাহার বুদ্ধি নিতান্ত সাধারণের মত, তাদৃশ বলবান্ ব্যক্তি যাহা বলিতে পারে, তাহাই তুমি বলিয়াছ॥ ৫॥

তুমি যে ধর্ম্ম, অর্থ ও কামের পৃথক পৃথক্ আশ্রয়ের কথা বলিতেছ, তোমার স্বীয় বুদ্ধিদ্বারা বিবেচনা করিয়া দেখ, এ বিষয়ে কোন প্রমাণ নাই॥ ৬॥

কাম অর্থাৎ সুখই সমস্ত কার্য্যের উদ্দেশ্য। জগতে পাপ কার্য্যেরও শুভ ফল সম্ভব॥ ৭॥

১। ছ 'যচ্চ'। ২। ছ '-মাংস্তং'। ৩। ছ 'পুরুষাশ্রিতান্'। ৪। 'অনু-'। ৫। ছ 'তু'। ৬। ছ '-য়সাম্নাত্র ফলং ভবতি'।

নিঃশ্রেয়সফলাবেব ধর্ম্মার্থাবিতরাবপি।
অধর্ম্মানর্থয়োঃ[১] প্রাপ্তিঃ ফলং বৈ[২] প্রত্যবায়িকম্ ॥ ৮ ॥

ঐহলৌকিকপাবিত্র্যং কর্ম্ম পুম্ভির্নিষেব্যতে।
অকর্ম্মণা ন কল্যাণং লভতে কামমাশ্রিতঃ[৩] ॥ ৯ ॥

তৎ[৪] প্রকৃষ্টতমং রাজ্ঞো হৃদি[৫] কার্য্যতমং মহৎ।
শত্রোর্যুধি বিনাশেন কিমিবাত্রাপনীয়তে ॥ ১০ ॥

৮। লো-টী। ধর্ম্মার্থয়োঃ করণং কামমুদ্দেশ্যৈবেতি পুনদ্র্ঢ়য়তি—নিঃশ্রেয়সেতি। নির্নিশ্চিতং শ্রেয়ঃ কাম এব ফলং যয়োস্তাবিতি সর্ব্বজ্ঞঃ। নিঃশ্রেয়সং শুভং কাম এব ফলং যয়োরিতি বা, 'নিঃশ্রেয়সং শুভে মোক্ষে মনীয়স্যপি পিঙ্গলে' ইতি ভুরি০। অতএব কামসিদ্ধার্থং যদ-ধর্ম্মং করোতি রাজা তদ্ বিরুদ্ধং নেত্যাশয়ঃ। পাপীয়সাং কর্ম্মণাং সুখসাধনত্বেহপি বিশেষমাহ—অধর্ম্মেণেতি। অনয়োরর্থকাময়োঃ প্রাপ্তিঃ প্রাপ্তিরূপং ফলং তৎ প্রত্যবায়িকং প্রত্যবায়ঃ পাপং তজ্জনকম্। আর্ষো বৃদ্ধ্যভাবঃ। 'ফলং বৈ প্রেত্য পাপিক'মিতি পাঠে প্রেত্য স্থিতস্য পাপিকং দুঃখদমিত্যর্থঃ।

৯। লো-টী। যদ্যপি পাপীয়সঃ কর্ম্মণঃ সুখহেতুত্বমস্তি, তথাপি তৎ কর্ত্তব্যং ন ভবতীত্যাহ—ঐহেতি। পবিত্রমেব পাবিত্র্যম্ ঐহলৌকিকং পবিত্রং সর্ব্বলোকানিন্দ্যং কর্ম্ম যুক্তং শক্যং নিষেব্যতে, 'পুংভির্নিষেধ্যতে' ইতি বা পাঠঃ। যতোহকর্ম্মণা নিন্দ্যেন কর্ম্মণা কামমাশ্রিতঃ কামযুক্তঃ 'ঐহলৌকিকচারিত্র্য'মিতি পাঠে ইহলোকস্য ইদম্ ঐহলৌকিকং চারিত্র্যং চরিত্রং স্বভাব ইহলোকস্বভাবসিদ্ধং যৎ কর্ম্ম, তদপি যুক্তং ধর্ম্মবিরুদ্ধং নিষেব্যতে। কুতঃ? অকর্ম্মণেতি। 'ঐহলৌকিকপারত্র্য'মিতি পাঠে 'স্বকর্ম্মণা চ কল্যাণ'মিতি চ পাঠে পারত্র্যং পরলোকোচিতম্।

১০। লো-টী। যদ্যপি রাজ্ঞঃ প্রমাদাদিনা বিকর্ম্ম ঘটিতং তথাপীদং নানুচিতমিত্যাহ—তৎ প্রকৃষ্টেতি। শত্রোর্বিনাশেন কার্য্যতমং সুখরূপং রাজ্ঞো হৃদি বর্ত্ততে তদেব মহৎ প্রকৃষ্টতমম্ অতীবভদ্রং ন ত্বধর্ম্মহেতুতয়া নিন্দ্যং 'কিমিবাত্রাপনীয়তে', ইবেতি বাক্যালঙ্কারে। অত্র কোহপনয়ঃ ক্রিয়তে? যদ্বা, শত্রোর্বধেন রাজ্ঞো হৃদি যৎ প্রকৃষ্টতমং সুখং বর্ত্ততে তদেবাস্মাভিঃ কার্য্যতমং কার্য্যমবশ্যমিত্যর্থঃ।

সুখলাভই ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষের উদ্দেশ্য; অধর্ম্ম ও অনর্থ সংঘটিত হয়—প্রত্যবায়ের ফলে ॥ ৮ ॥

ইহলোকে যাহার পবিত্রতা আছে, তাদৃশ কর্ম্মই লোকে করে। কামাশ্রিত ব্যক্তি কর্ম্ম ব্যতিরেকে কল্যাণ লাভ করিতে পারে না ॥ ৯ ॥

শত্রুবিনাশদ্বারা রাজার মনোগত প্রকৃষ্টতম অভিলাষ সাধন করা উত্তম কর্ত্তব্য, তাহাতে অন্যায় কি? ॥ ১০ ॥

১। ছ 'অধর্ম্মেণানয়োঃ'। ২। ছ 'বা'। ৩। ছ '-মাস্থিতঃ'। ৪। ক 'উৎপ্রকৃষ্ট-'। ৫। ছ 'ভুবি'।

[১]একস্যৈবাভিযানে তু হেতুর্যঃ প্রকৃতস্ত্বয়া।
অত্রাপ্যনুপপন্নং তে বক্ষ্যামি যদসাধু[২] চ ॥ ১১ ॥
[৩]যেন পূর্ব্বং জনস্থানে রাক্ষসা বহবো হতাঃ।
বলিনং রাঘবং তং তু কথমেকো হনিষ্যসি ॥ ১২ ॥
যে পুরা[৪] নির্জিতাস্তেন জনস্থানে মহৌজসঃ।
[৫]রাক্ষসাংস্তান্ পুরে সর্ব্বান্ ভীতানদ্যাপি পশ্যসি ॥ ১৩ ॥
যেঽপি চান্যে মহাত্মানো রাক্ষসাঃ শূরসম্মতাঃ।
রামং পশ্যন্তি ভীতাস্তে স্বপ্নেঽপি নরসত্তমম্ ॥ ১৪ ॥
তং সিংহমিব সংক্রুদ্ধং রামং দশরথাত্মজম্।
সর্পং সুপ্তমিবা[৬]বুদ্ধে প্রবোধয়িতুমিচ্ছসি ॥ ১৫ ॥

১১। লোটী। সীতাবশোপনয়নে বশ প্রাপণে, যস্ত্বয়া ত্বমেব প্রকৃতঃ সাংপ্রতো হেতুঃ, অভেদে তৃতীয়া, অত্রাপি কিমপনীয়ত ইত্যন্বয়ঃ। যদ্বা, যো হেতু রামপরাজয়ঃ স ত্বয়া প্রকৃতঃ প্রকর্ষেণ কৃতঃ সোল্লুণ্ঠনম্। প্রথমোক্তমুত্তরং দত্ত্বা রাবণক্রোধানন্তরম্ 'অহমেকোঽহস্ত যাস্যামি যুদ্ধং যুদ্ধবিশারদে'তি যদুক্তং তদপ্যাক্ষিপতি—অত্রাপীতি। অত্রাপি এককগমনেঽপি অসাধুনা-মহঙ্কারিণামিব তে তব যৎ ব্যাহৃতং তদপি অনুপপন্নম্ অযোগ্যং বক্ষ্যামি বদামি।

১৫। লোটী। হে অবুদ্ধে, প্রধর্ষয়িতুং গ্রহীতুম্।

একাকী যুদ্ধযাত্রার বিষয়ে তুমি যে কারণ প্রদর্শন করিয়াছ—সে বিষয়েও যাহা অসঙ্গত ও অসাধু, তাহা বলিব ॥ ১১ ॥

যিনি পূর্ব্বে জনস্থানে বহু রাক্ষস সংহার করিয়াছেন, সেই রামকে তুমি একাকী কিরূপে নিহত করিবে? ॥ ১২ ॥

দেখিতে পাইতেছ—তিনি পূর্ব্বে দণ্ডকারণ্যে যাহাদিগকে পরাজিত করিয়াছেন, সেই মহাবলশালী রাক্ষসগণ অদ্যাপি নগরমধ্যে সন্ত্রস্ত হইয়া আছে ॥ ১৩ ॥

বীরসমাদৃত অন্যান্য যে সমস্ত মহামনাঃ রাক্ষস স্বপ্নেও পুরুষোত্তম রামকে অবলোকন করে তাহারাও ভয় পায় ॥ ১৪ ॥

হে নির্ব্বুদ্ধে, তুমি সেই ক্রুদ্ধ সিংহ ও সুপ্ত সর্পের ন্যায় দশরথনন্দন রামকে

১। ছ 'সীতাবশোপনয়নে হেতুর্যো ব্যাহৃতস্ত্বয়া'। ২। ছ '-সাধুবৎ'। ৩। ছ অতঃ পরং 'খরশ্চ নিহতঃ সংখ্যে দূষণস্ত্রিশিরাস্তথা'। ইত্যধিকম্। ৪। ছ 'পুনর্নি-'। ৫। ছ '-সাস্তনয়াংস্তেষাং ভীতান্নাদ্যাস্তু-'। ৬। ছ '-মিব ক্রুদ্ধং প্রধর্ষয়িতু-'।

জ্বলন্তং তেজসা যুক্তং[১] ক্রোধেন চ দুরাসদম্ ।
কস্তং মৃত্যুমিবাসহ্যমাসাদয়িতুমর্হতি[২] ॥ ১৬
সংশয়স্থমনাচীর্ণং[৩] শত্রোঃ প্রতিসমাপনে[৪] ।
একস্য গমনং তত্র[৫] নহি মে রোচতে তব[৬] ॥ ১৭ ॥
হীনার্থস্তু[৭] সমৃদ্ধার্থং কো রিপুং প্রাকৃতো[৮] যথা ।
নিশ্চিতং জীবিতত্যাগে বশমানেতুমর্হতি ॥ ১৮ ॥
যস্য নাস্তি মনুষ্যেষু সদৃশো রাক্ষসোত্তম ।
কথমাশংসসে যোদ্ধুং তুল্যেনেন্দ্রবিবস্বতোঃ ॥ ১৯ ॥

১৬। লো-টী। দুরাসদম্ অনবগাহ্যং মৃত্যুসমং তত্তুল্যং ভূতং প্রাণিনম্, 'মৃত্যুমিবাসহ্য'-মিতি পাঠঃ।

১৭। লো-টী। শত্রোঃ প্রতিসমাপনে প্রতিপক্ষভাবেন সমাপনে প্রাপণে নিমিত্তে যদেকস্য তে তব গমনং সংশয়স্থং নাশকরম্ অনাচীর্ণং কৈরপি নাচরিতং তৎ তেনাস্য ইদানীং ন রোচতে ইত্যন্বয়ঃ। 'শত্রোঃ প্রতি সমাসনে' ইতি পাঠে প্রতিপক্ষভাবেন সমাসনেঽবস্থাননিমিত্তে। 'সংশয়স্থমিবাচিন্ত্য'মিতি পাঠে অচিন্ত্যাজ্ঞানবিষয়ং প্রতিপক্ষভাবেন রামস্য সমীপে গমনং তস্যাপি ন জ্ঞানবিষয়মিত্যর্থঃ।

১৮। লো-টী। হীনার্থঃ হতসেনাপতিত্বাৎ। নিশ্চিতং কৃতনিশ্চয়ম্।

১৯। লো-টী। আশংসতে, 'অশংসসে' ইতি বা পাঠঃ। তুল্যেন রামেণ।

প্রবুদ্ধ করিতে ইচ্ছা করিতেছ ॥ ১৫ ॥

কে ক্রোধে প্রজ্বলিত তেজোযুক্ত দুর্দ্ধর্ষ ও মৃত্যুর ন্যায় অসহনীয় সেই রামচন্দ্রের সম্মুখীন হইতে পারে ? ॥ ১৬ ॥

শত্রুবধার্থে তোমার একাকী সেখানে গমন সংশয়গ্রস্ত, আমার তাহা অনভিপ্রেত এবং কেহ কখনও এরূপ আচরণ করে নাই ॥ ১৭ ॥

কোন্ দুর্ব্বল ব্যক্তি সাধারণ লোকের মত জীবনদানে কৃতসঙ্কল্প প্রবল শত্রুকে বশীভূত করিতে পারে ? ॥ ১৮ ॥

হে রাক্ষসোত্তম ! মনুষ্যদিগের মধ্যে যাঁহার তুল্য কেহ নাই, ইন্দ্র ও যমের

১। ছ 'নিত্যং'। ২। ছ '-সাহ্য-'। ৩। ছ '-কীর্ণং'। ৪। ছ 'পরি-'। ৫। ছ 'তেহস্য'। ৬। ছ 'ভৃশম্'। ৭। ছ '-র্থস্তু'। ৮। ছ 'প্রাকৃতং'।

এবমুক্ত্বা তু[১] সংরব্ধং কুম্ভকর্ণং মহোদরঃ।
উবাচ রক্ষসাং মধ্যে রাবণং রাক্ষসাধিপম্ ॥ ২০ ॥
লব্ধোপপন্না বৈদেহী কিং বৃথৈব[২] বিকল্পিতৈঃ।
ত্বং যদীচ্ছসি বৈদেহীং বশগাং[৩] তু শৃণু প্রভো ॥ ২১ ॥
দৃষ্টঃ কশ্চিদুপায়ো মে সীতোপস্থানকারকঃ।
রুচিত[৪]শ্চৈব মে বুদ্ধ্যা রাক্ষসেশ্বর মে[৫] শৃণু ॥ ২২ ॥
অহং দ্বিজিহ্বঃ সংহ্রাদী[৬] কুম্ভকর্ণো বিতর্দ্দনঃ[৭]।
পঞ্চ রামবধায়ৈতে নির্যান্তি[৮]তি বিঘোষয় ॥ ২৩ ॥

২১। লো-টী। লব্ধা প্রাপ্তা উপপন্না সমীপাগতা, বিকল্পিতৈর্বৃথৈব বিবিধৈঃ কল্পনৈঃ কিম্? 'বিকত্থিতৈ'রিতি পাঠে শরাণাং বিবিধৈর্বৃথৈব শ্লাঘনৈঃ কিমিত্যর্থঃ। 'বশগামাত্মনঃ প্রভো' ইতি বা পাঠঃ।

২২। লো টী। সীতোপস্থানং সীতায়াঃ পতিভাবেন তব সমীপস্থানং তৎকারকঃ। মে শৃণুতং, 'শৃণু' ইতি বা পাঠঃ।

২৩। লো-টী। বিতর্কনঃ, বিমর্দ্দন ইতি বা পাঠঃ।

তুল্য সেই রামের সহিত যুদ্ধ করিবার আশা করিতেছ কিরূপে? ॥ ১৯ ॥

মহোদর ক্রুদ্ধ কুম্ভকর্ণকে এই কথা বলিয়া রাক্ষসদিগের মধ্যে রাক্ষসরাজ রাবণকে বলিলেন— ॥ ২০ ॥

সীতালাভের উপায় আছে। বৃথা বহুবিধ কল্পনার প্রয়োজন কি? হে প্রভো, আপনি যদি সীতাকে বশীভূত করিতে ইচ্ছা করেন, তবে শুনুন ॥ ২১ ॥

হে রাক্ষসরাজ! সীতা যাহাতে বশীভূত হইবে, এরূপ কোনও উপায় আমি স্থির করিয়াছি, আমার বুদ্ধিতে তাহা ভাল লাগে, আপনি তাহা শ্রবণ করুন ॥ ২২ ॥

আমি, দ্বিজিহ্ব, সংহ্রাদী, কুম্ভকর্ণ ও বিতর্দ্দন—এই পাঁচজন রামকে বধ করিবার জন্য নির্গত হই—আপনি এইরূপ ঘোষণা করুন ॥ ২৩ ॥

১। ছ 'সুসং-'। ২। ছ '-বং বিকত্থিতৈঃ'। ৩। ছ '-গাস্ত শৃনুষ মে'। ৪। ছ 'রচিত-'। ৫। ছ 'তং'। ৬। ছ 'সংহ্রাদঃ'। ৭। ছ 'বিকর্ত্তনঃ'। ৮। ছ 'পঞ্চ রামং গমিষ্যামি যুদ্ধায়াস্মিন্নিযোজয়'।

ততো গত্বা বয়ং যুদ্ধং দাস্যামস্তস্য যত্নতঃ।
১
জেষ্যামো যদি তে শত্রুং নোপায়ৈঃ কার্য্যমস্তি তে ॥ ২৪ ॥

অথ জীবতি তে শত্রুর্বয়ঞ্চ কৃতসংযুগাঃ।
২
ততঃ সমুপপৎস্যামো মনসা যৎ সমীক্ষিতম্ ॥ ২৫ ॥
৩
বয়ং যুদ্ধাদিহৈষ্যামো রুধিরেণ সমুক্ষিতাঃ।

বিদার্য্য স্বাং তনুং রাজন্ রামনামাঙ্কিতৈঃ শরৈঃ ॥ ২৬ ॥
৪
হতং তদ্বানরং সৈন্যং সসুগ্রীবং ন সংশয়ঃ।

নিহতো রাঘবোঽস্মাভির্লক্ষ্মণশ্চেতিবাদিনঃ ॥ ২৭ ॥

২৪। লো-টী। তস্য ধীমতঃ, 'যত্নত' ইতি বা পাঠঃ। 'শত্রুঞ্চ তং বধিষ্যাম' ইতি পাঠঃ, 'তং বধিষ্যামহে শত্রু'মিতি বা। নোপায়ৈর্নোপায়ান্তরৈঃ। 'অস্তি তে', অস্তি ন ইতি বা পাঠঃ।

২৫। লো-টী। কৃতসংযুগাঃ কৃতনিশ্চয়া বা। অন্বিতং যোগ্যং যত্নং সমবধাস্যামো বিধাস্যামঃ। 'ততঃ সমুপপৎস্যামো মনসা যৎ সমন্বিত'মিতি পাঠে সমন্বিতং যদ্ যোগ্যং তৎ করিষ্যাম ইত্যর্থঃ।

২৭। লো-টী। কিং কৃত্বা এষ্যামস্তদাহ—হতমিতি।

তার পর আমরা যাইয়া যত্নপূর্ব্বক তাহার সহিত যুদ্ধ করিব। যদি আমরা আপনার শত্রুকে জয় করিতে পারি, তাহা হইলে আপনার উপায় অবলম্বনের প্রয়োজন নাই ॥ ২৪ ॥

আর যদি আপনার শত্রু জীবিত থাকে, আমরাও যুদ্ধ করিয়া আসি, তাহা হইলে আমি যাহা মনে মনে স্থির করিয়াছি সেই উপায় প্রয়োগ করিব ॥ ২৫ ॥

আমরা রামনামাঙ্কিত শরজালে স্বীয় দেহ বিদারিত করিয়া রক্তাক্তদেহে যুদ্ধ হইতে এখানে আগমন করিব ॥ ২৬ ॥

আমরা বলিতে থাকিব—"সুগ্রীবের সহিত সমস্ত বানরসৈন্য নিহত হইয়াছে, আমরা রাম ও লক্ষ্মণকে বধ করিয়াছি।" ॥ ২৭ ॥

১। ছ 'তব শত্রুং বধিষ্যামি উপায়ৈঃ কার্য্যমস্ত তে'। ২। ছ 'সমভিযাস্যামো'। ৩। ছ '-দ্ধাৎ সমেষ্যামো'। ৪। ছ 'অহং'।

তব পাদৌ গ্রহীষ্যামস্ত্বং নঃ প্রীত্যা পরিষ্বজেঃ।
ততোঽবঘোষয় পুরে[১] গজস্কন্ধেন পার্থিব।
হতো রামঃ সহ ভ্রাত্রা সসৈন্য ইতি হৃষ্টবৎ[২] ॥ ২৮ ॥
প্রীতো[৩] ভূত্বা চ ভৃত্যানাং যথাকামং দদস্ব চ।
ভোগাংশ্চ পরিবারাংশ্চ কাম্যং[৪] বসু চ দাপয়েঃ ॥ ২৯ ॥
ততো মাল্যানি বাসাংসি বরান্নমনুলেপনম্।
পেয়ঞ্চ বহুযোধেভ্যঃ স্বয়ঞ্চ মুদিতঃ পিব ॥ ৩০ ॥
অথাস্মিন্[৫] বহুলীভূতে[৬] কৌলীনে সর্ব্বতো গতে[৭]।
প্রবিশ্যাশ্বাস্য[৮] চৈব ত্বং সীতাং[৯] রহসি পার্থিব।
ধনধান্যৈশ্চ রত্নৈশ্চ কামৈশ্চৈনাং প্রলোভয়েঃ ॥ ৩১ ॥

২৮। লো-টী। হৃষ্টবৎ অবঘুষ্য ঘোষয়িত্বা।

২৯। লো-টী। ভোগান্ ভোগসাধনানি, পরিবারান্ পরিচ্ছদান্। 'পরিবারঃ পরিজনে খড়্গকোষপরিচ্ছদে' ইতি ভুরি°। 'ভোগাংশ্চৈবাপরাংশ্চে'তি পাঠে ভোগান্ ধনানি অপরান্ সুখসাধনানি বসু রত্নং কামং যথেষ্টং কাম্যং বা।

৩১। লো-টী। অস্মিন্ কৌলীনে জনবাদে বহুলীভূতে, 'বহুলীকৃতে' ইতি বা পাঠঃ। 'কৌলীনং স্যাজ্জনবাদে যুদ্ধে পশ্বহিপক্ষিণা'মিতি ভূরি°।

হে রাজন্, [এই বলিয়া] আমরা আপনার পাদগ্রহণ করিব, আপনি প্রীতি সহকারে আমাদিগকে আলিঙ্গন করিবেন, তারপর আপনি হৃষ্টপ্রায় হইয়া হস্তিপৃষ্ঠে সমারূঢ় লোকদ্বারা নগরমধ্যে ঘোষণা করিবেন—"রাম ভ্রাতা ও সৈন্যসহ নিহত হইয়াছে" ॥ ২৮ ॥

আপনি প্রীত হইয়া ভৃত্যদিগকে তাহাদের ইচ্ছামত ভোগ্যবস্তু ও পরিচ্ছদ প্রদান করিবেন এবং অভিলষিত ধন বিতরণ করিবেন ॥ ২৯ ॥

তার পর আপনি সৈন্যদিগকে মাল্য, বস্ত্র, অনুলেপন, উত্তম খাদ্য ও পেয় বস্তু প্রদান করিবেন এবং নিজেও আনন্দিত হইয়া পান করিবেন ॥ ৩০ ॥

হে রাজন্, অনন্তর এই কথা লোকমুখে চারিদিকে ছড়াইয়া পড়িলে, আপনি

১। ছ 'ততো বদস্ব নগরে বাঢ়ং ছন্দেন'। ২। ছ '-বান্'। ৩। ছ 'প্রীতো নাম ততো ভূত্বা ভৃত্যানাং ত্বমরিন্দম'। ৪। ছ 'কামাংশ্চৈব প্রলোভয়'। ৫। ছ 'ততোঽস্মিন্'। ৬। ক '-কৃতে'। ৭। ছ-পুস্তকে অতঃ পরং 'ভক্ষিতঃ সুমহদ্রামো রাক্ষসৈরিতি শ্রাবিতে' ইত্যধিকম্। ৮। ছ '-স্বস্থ'। ৯। ছ 'চৈনাং'।

অনয়োর্বধতো[1] রাজন্ ভয়শোকাচ্চ[2] বিহ্বলা।
অকামা তদ্বশে[3] সীতা নষ্টনাথা ভবিষ্যতি ॥ ৩২ ॥

রঞ্জনীয়ং হি ভর্ত্তারং বিনষ্টমবগম্য[4] সা।
নৈরাশ্যাৎ স্ত্রীস্বভাবাচ্চ ত্বদ্বশং প্রতিযাস্যতি[5] ॥ ৩৩ ॥

সা পুরা সুখসংবৃদ্ধা সুখার্হা দুঃখকর্শিতা।
ত্বদধীনং সুখং জ্ঞাত্বা সর্ব্বথোপনমিষ্যতি[6] ॥ ৩৪ ॥

এতৎ সুনীতং মম দর্শনেন[7] রামং হি দৃষ্ট্বৈব ভবেদনর্থঃ।
ইহৈব তৎ[8] সেৎস্যতি মোৎসুকো[9] ভূর্মহানযুদ্ধেন সুখস্য লাভঃ ॥ ৩৫ ॥

৩২। লো-টী। অনয়া উপধয়া ছলেন। কিংভূতয়া ? ভয়শোকানুবন্ধয়া, মাং হনিষ্যতীতি ভয়ং, ভর্ত্তৃনাশেন শোকঃ, তয়োরনুবন্ধম্: অনুবন্ধনং যস্যাস্তয়া, 'অনুবন্ধয়ে'তি পাঠঃ। তয়োরনুবন্ধঃ প্রবৃত্তির্যয়া তয়া, অকামাপি, 'সকামা' ইতি ক্বচিৎ পাঠঃ।

৩৩। লো-টী। রঞ্জনীয়ং রাগবিষয়ঃ।

৩৪। লো-টী। উপনমিষ্যতি, প্রণমিষ্যতীতি বা পাঠঃ।

৩৫। লো-টী। এতৎ পূর্ব্বোক্তং মতং দর্শনেন বদ্ধাভব (?) সুনীতং নির্ণীতং ময়া, 'নয়দর্শনেনে'তি পাঠে নয়জ্ঞেন ময়া। ইহৈব অস্মিন্নেব মম মতে অযুদ্ধেন যুদ্ধং বিনৈব তব সুখস্য লাভঃ সেৎস্যতি, তত্তস্মাৎ নোৎসুকো ভূর্যুদ্ধায়েত্যর্থঃ। 'মোৎসুক' ইতি পাঠঃ। 'অভূদি'তি বা পাঠঃ। 'কার্য্যতত্ত্ব'মিতি পাঠে কার্য্যতত্ত্বং কার্য্যং কিন্তৎ তত্রাহ—মহানিতি।

[অশোকবনে] প্রবেশপূর্ব্বক গোপনে সীতাকে আশ্বাস দান করিয়া ধন, ধান্য, রত্ন ও কাম্যবস্তুদ্বারা প্রলুব্ধ করিবেন ॥ ৩১ ॥

রাম-লক্ষ্মণের নিধনসংবাদ-শ্রবণে ভয় ও শোকে বিহ্বলা হইয়া অনাথা সীতা ইচ্ছা না থাকিলেও আপনার বশীভূতা হইবে ॥ ৩২ ॥

প্রেমাস্পদ স্বামী নিহত জানিয়া সীতা নিরাশা হইয়া স্ত্রী-স্বভাববশে আপনার বশীভূতা হইবে ॥ ৩৩ ॥

সীতা সুখভোগযোগ্যা এবং সে প্রথম হইতেই সুখে লালিতা পালিতা হইয়াছে, এক্ষণে দুঃখে জর্জ্জরিতা হইয়া এবং সুখলাভ আপনার অধীন জানিয়া সর্ব্বপ্রকারেই নম্রতা (বশ্যতা) স্বীকার করিবে ॥ ৩৪ ॥

আমার দৃষ্টি (বিবেচনা) অনুসারে ইহাই উত্তমরূপে নির্ণীত হইয়াছে।

১। ছ 'অনয়োপধয়া'। ২। ছ '-কানুবন্ধয়া'। ৩। ছ 'ত্বদ্বশা'। ৪। ছ '-মধিগম্য'। ৫। ছ '-শঙ্ক গমিষ্যতি'। ৬। '-পনম্রি-'। ৭। ছ 'নয়দর্শনেন'। ৮। ছ 'তে'। ৯। ক 'নোৎ-'।

অদৃষ্টসেনো হ্যনবাপ্তসংশয়ো রিপূনযুদ্ধেন জয়স্ব সর্ব্বথা।
যশশ্চ পুণ্যঞ্চ মহীঞ্চ ভূপতে শ্রিয়ং চ কীর্ত্তিঞ্চ সমাপ্নু[১]হি ত্বম্ ॥ ৩৬ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে যুদ্ধকাণ্ডে মহোদরবাক্যং নাম
ত্রিচত্বারিংশঃ সর্গঃ ॥ ৪৩ ॥

৩৬। লো-টী। অদৃষ্টসেনঃ অদৃষ্টসৈন্যো বা পাঠঃ। যশো নিজা খ্যাতিঃ কীর্ত্তিগুর্ণজা।
লঙ্কাকাণ্ডে মহোদরবাক্যম্ ॥ ৪৩ ॥

রামকে দেখাইলেই অনর্থ সংঘটিত হইবে। এই উপায়ে যুদ্ধব্যতিরেকেই আপনার মহান্ সুখলাভ হইবে, আপনি উৎকণ্ঠিত হইবেন না ॥ ৩৫ ॥

হে রাজন্, সৈন্যদিগকে দর্শন না করিয়া এবং সংশয়ারূঢ় না হইয়া যুদ্ধ ব্যতিরেকেই সর্ব্বপ্রকারে শত্রু জয় করুন এবং যশঃ, পুণ্য, কীর্ত্তি, সম্পদ্ ও পৃথিবী লাভ করুন ॥ ৩৬ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের যুদ্ধকাণ্ডে 'মহোদরবাক্য'-নামক
৪৩শ সর্গ সমাপ্ত ॥ ৪৩ ॥

১ ক 'সমবাপ্ন' হি'।

(৪৪) চতুশ্চত্বারিংশঃ সর্গঃ

স[১] তথোক্তো বিনির্ভৎর্স্য কুম্ভকর্ণো মহোদরম্।
আদদে নিশিতং[২] শূলং বেগাচ্ছত্রুনিবর্হণম্ ॥ ১ ॥
সর্ব্বকালায়সং[৩] দীপ্তং তপ্তকাঞ্চনভূষণম্।
ইন্দ্রাশনিসমং ঘোরং[৪] বজ্রপ্রতিমগৌরবম্ ॥ ২ ॥
দেবদানবদর্পঘ্নং যক্ষগন্ধর্ব্বসূদনম্[৫]।
আদায় নিশিতং শূলং শত্রুশোণিতরঞ্জিতম্ ॥ ৩ ॥
কুম্ভকর্ণো মহাতেজা রাবণং বাক্যমব্রবীৎ।
গমিষ্যাম্যহমেবৈকস্তিষ্ঠত্বিহ বলং তব[৬] ॥ ৪ ॥

১। লো-টী। মহোদরং নির্ভৎর্স্য শূলমাদদে যোদ্ধুং, নিশিতং শাণিতম্।

২। লো-টী। কালায়সং লোহসারস্তন্ময়ং তপ্তকাঞ্চনভূষণং কচিত্তু 'কালান্তকযমোপম'-মিতি পাঠঃ। বজ্রপ্রতিমগৌরবং হীরকতুল্যমহত্ত্বং শিরস্থাগ্নতিলকমিত্যর্থঃ। 'পাবকোঽগ্নৌ সদাচারে বহ্নিমন্থে চ চিত্রকে' ইতি কোষঃ।

এই কথায় কুম্ভকর্ণ মহোদরকে ভৎর্সনা করত বেগে শত্রুসংহারকারক শাণিত শূল গ্রহণ করিলেন ॥ ১ ॥

সেই শূল আগাগোড়া কৃষ্ণলৌহ-নির্ম্মিত ও উজ্জ্বল সুবর্ণ-ভূষিত। তাহা বজ্রের ন্যায় ভীষণ ও বজ্রের ন্যায় গুরুভার ॥ ২ ॥

মহাতেজস্বী কুম্ভকর্ণ দেবতা ও দানবদিগের দর্পাপহারী যক্ষ-গন্ধর্ব্ব-সংহারক শত্রুরক্তে রঞ্জিত শাণিত শূল লইয়া রাবণকে বলিলেন—"আমি একাই গমন করিব, আপনার সৈন্য এইখানেই অবস্থান করুক ॥ ৩-৪ ॥

১। ছ 'তথোক্তঃ স'। ২। ছ 'ত্রিশিখং'। ৩। ছ 'কালান্তকযমোপমম্'। ৪। ছ 'ভীমং'। ৫। ছ অতঃ পরং 'রক্তমাল্যাম্বরধরং শিরস্থভূতপাবকম্' ইত্যধিকম্। ৬। ছ অতঃ পরম্ 'অদ্যৈবাহন্তু তান্ সর্ব্বান্ ভক্ষয়িষ্যামি বানরান্' ইত্যধিকম্।

অহং তেঽদ্য ভয়ং ঘোরং বধাৎ তস্য দুরাত্মনঃ।
[১]রাক্ষসেশ্বর নেষ্যামি নির্ব্বৈরস্ত্বং সুখী ভব ॥ ৫ ॥
গর্জ্জন্তি ন বৃথা শূরা [২]নির্জ্জলা ইব তোয়দাঃ।
পশ্য সম্পদ্যমানং [৩]মে গর্জিতং যুধি কর্ম্মণা ॥ ৬ ॥
নামর্ষয়তি যো নিত্যমপ্রগল্‌ভং স ভাষতে।
[৪]অমর্ষভাবাঃ শূরাস্তু কর্ম্ম কুর্ব্বন্তি দুষ্করম্ ॥ ৭ ॥
বিক্লবানাম[৫]বুদ্ধীনাং রাজ্ঞাং পণ্ডিতমানিনাম্।
[৬]রোচতে ত্বদ্বচো নিত্যং কথ্যমানং মহোদর ॥ ৮ ॥

৫। লো-টী। 'রাক্ষসেশ্বর নেষ্যামী'তি পাঠঃ। 'রাবণৈষোপনেষ্যামী'তি ক্বচিৎ।

৬। লো-টী। অগর্জিতং সম্পদ্যমানং নিষ্পন্নং পশ্য, 'বৈ গর্জিত'মিতি পাঠে বৈ ইবার্থে, যুধি গর্জিতং ন তু কুঞ্জরমিব কর্ম্মণা সম্পদ্যমানং কৃতকর্ম্মাণং মাং পশ্য। 'গর্জ্জিতং বারিবাহাদি-ধ্বনৌ না স তু কুঞ্জর' ইতি কোষঃ।

৭। লো-টী। যস্তু মহোদরঃ নামর্ষয়তি ক্রোধং ন করোতি, যস্তু অস্মদ্বিধমপ্রগল্‌ভং শৌর্য্যশূন্যং বচো ন ভাষতে। 'স ভাষতে' ইতি পাঠে অপ্রগল্‌ভং শৌর্য্যশূন্যমেব স ভাষতে। আমৃষ্য সংক্রুধ্য।

৮। লো-টী। রাজ্ঞাং স্থানে বিহ্বলানাং ভীতানাং পণ্ডিতমানিনাং ব্যাহৃতিং বচনং জনঃ শৃণুতাং শৃণোতু, ন রাজা।

হে রাক্ষসরাজ, আমিই আজ সেই দুরাত্মাকে বধ করিয়া আপনার ভীষণ ভয় দূর করিব, আপনি শত্রুশূন্য হইয়া সুখী হইবেন ॥ ৫ ॥

বীরগণ শূন্যগর্ভ মেঘের মত বৃথা গর্জ্জন করে না ; দেখুন, যুদ্ধে আমার গর্জ্জন কার্য্যে পরিণত হইতেছে ॥ ৬ ॥

যে ক্রোধ প্রকাশ করে না, সে সর্ব্বদা শৌর্য্যহীনবাক্যই উচ্চারণ করে ; যাহারা কোপনস্বভাব, সেই বীরগণ দুষ্কর কার্য্য সাধন করে ॥ ৭ ॥

হে মহোদর, তুমি যাহা বলিতেছ, তাহা সর্ব্বদা দুর্ব্বল, বুদ্ধিহীন ও পণ্ডিতম্মন্য রাজাদিগের রুচিকর ॥ ৮ ॥

১। ছ 'রাবণৈতৎ প্রমার্জ্জামি'। ২। ছ 'সজলা জলদা ইব'। ৩। ছ 'বৈ'। ৪। ছ 'আমৃষ্য হি রণে শূরাঃ'। ৫। ছ '-বুদ্ধীনাং'। ৬। ছ 'শৃণ্বতাং ব্যাহৃতমিদং ত্বদ্বিধানাং'।

যুদ্ধে[1] কাপুরুষৈর্নিত্যং ভবদ্ভিঃ প্রিয়বাদিভিঃ।
রাজানমনুবর্ত্তদ্ভিঃ কৃত্যমেতদ্বিনাশিতম্ ॥ ৯ ॥
কৃচ্ছ্রাবস্থা কৃতা লঙ্কা ক্ষীণঃ কোষো বলং হতম্।
রাজানমিমমাসাদ্য রাক্ষসানাং ব্যপত্রপ[2] ॥ ১০ ॥
এষ নির্যাম্যহং যুদ্ধমুদ্যতঃ শত্রুনিগ্রহে[3]।
দুর্নয়ং ভবতামদ্য সমীকর্ত্তুং পরাক্রমৈঃ ॥ ১১ ॥
[4]কুম্ভকর্ণবচঃ শ্রুত্বা জহর্ষে রাক্ষসাধিপঃ।
পুনর্জাতমিবাত্মানং মেনে স ধনদানুজঃ ॥ ১২ ॥

৯। লো-টী। অনুবর্ত্তদ্ভিরনুবর্ত্তমানৈঃ সেবমানৈরেতদ্বিনাশিতম্ এতস্যা লঙ্কায়া বিনাশিতং কৃত্যং কৃতং, 'কৃত'মিতি পাঠো বা, বিনাশিতং নাশঃ।

১০। লো-টী। তদেব বিবৃণোতি- কৃচ্ছ্রাবস্থেতি। সন্তাপাবস্থা, 'কৃচ্ছ্রাবস্থাং গতে'তি পাঠঃ ক্বাপি। ইমম্ এবংবিধং রাজানমাসাদ্য প্রাপ্যাপি যৎ কৃচ্ছ্রাবস্থেত্যাদি তৎ রাক্ষসানাং ব্যপত্রপা লজ্জেত্যর্থঃ। ব্যপত্রপ ইতি সার্ব্বজ্ঞঃ পাঠঃ। ইমং রাজানমাসাদ্য বর্ত্তমানানাং রাক্ষসানাং মধ্যে ব্যপত্রপঃ মহোদরো নির্লজ্জঃ।

১১। লো-টী। দুর্নয়ং সুনয়েন সহ সমীকর্ত্তুং সুনয়ং কর্ত্তুমিত্যর্থঃ। 'শমীকর্ত্তু'মিতি পাঠে উপশান্তং কর্ত্তুমিত্যর্থঃ।

তোমরা যুদ্ধে কাপুরুষ, সর্ব্বদা মিষ্ট কথা বলিতে অভ্যস্ত এবং রাজার আনুগত্যপরায়ণ হইয়াই এই কার্য্য পণ্ড করিয়াছ ॥ ৯ ॥

হে নির্লজ্জ, তোমরাই এই রাজাকে লইয়া লঙ্কার কঠিন অবস্থা সৃষ্টি করিয়াছ, রাজকোষ ক্ষয়প্রাপ্ত হইয়াছে এবং রাক্ষসসৈন্য নিহত হইয়াছে ॥ ১০ ॥

এই আমি শত্রুসংহারে উদ্যত হইয়া পরাক্রমদ্বারা তোমাদের দুর্নীতি-প্রতিবিধানার্থে যুদ্ধে গমন করিতেছি ॥ ১১ ॥

কুম্ভকর্ণের কথা শুনিয়া রাক্ষসরাজ আনন্দিত হইলেন এবং তিনি নিজের পুনর্জ্জন্ম হইল বলিয়া মনে করিলেন ॥ ১২ ॥

১। ছ যুদ্ধকাপু-'। ২। ক 'ব্যপত্রপাঃ'। ৩। ছ '-নির্জ্জয়ে'। ৪। ছ 'অয়ং শ্লোকো নাস্তি'।

[১] তত উক্তবতো বাক্যং কুম্ভকর্ণস্য ধীমতঃ।
সংবর্দ্ধয়িতুমুৎসাহমিদং বচনমব্রবীৎ ॥ ১৩ ॥
মহোদরোঽয়ং রামাদ্বৈ পরিত্রস্তো ন সংশয়ঃ।
ন হি রোচয়তে ভীতো যুদ্ধং যুদ্ধবিশারদ ॥ ১৪ ॥
ন কশ্চিৎ ত্বৎসমো মেঽস্তি সৌহার্দ্দেন বলেন চ।
গচ্ছ শত্রুবধায় ত্বং কুম্ভকর্ণ জয়ায় চ ॥ ১৫ ॥
সৈন্যৈঃ পরিবৃতো বীর কর্ত্তব্যঞ্চ বচো মম।
অসহায়স্য গমনং মম বুদ্ধ্যা ন রোচতে ॥ ১৬ ॥
বানরা[২] হি মহাত্মানঃ শীঘ্রাশ্চ[৩] ব্যবসায়িনঃ।
একাকিনং প্রমত্তঞ্চ গময়েয়ুর্হি সংশয়ম্ ॥ ১৭ ॥

১৫। লো-টী। শত্রুবধায় বধং কর্ত্তুম্।

১৭। লো-টী। মহাত্মানোঽতীবযুদ্ধস্বভাবা বুদ্ধবধোঃ (?), শীঘ্রা দ্রুতগতয়ঃ, ব্যবসায়িনঃ যুদ্ধব্যবসায়বন্তঃ। 'শূরাঃ শীঘ্রপরাক্রমা' ইতি পাঠে শত্রুদর্শনমাত্রেণ শীঘ্রকৃতপরাক্রমাঃ গময়েয়ুঃ প্রাপয়েয়ুঃ।

তার পর রাবণ বুদ্ধিমান্ কুম্ভকর্ণের উৎসাহবর্দ্ধনার্থে এই কথা বলিলেন—॥ ১৩ ॥

হে যুদ্ধবিশারদ! এই মহোদর রামের ভয়ে সন্ত্রস্ত হইয়াছে, সন্দেহ নাই। এ ই ভয়ে যুদ্ধে প্রবৃত্তি দান করিতেছে না ॥ ১৪ ॥

হে কুম্ভকর্ণ, সৌহার্দ্দ্য ও পরাক্রমে তোমার তুল্য আমার আর কেহ নাই, তুমি শত্রুবধ ও জয়লাভার্থে গমন কর ॥ ১৫ ॥

হে বীর, তুমি সৈন্যপরিবৃত হইয়া গমন কর, একাকী গমন করা আমার বুদ্ধিতে ভাল মনে হয় না ॥ ১৬ ॥

বানরগণ অত্যন্ত চেষ্টাপরায়ণ, ক্ষিপ্রকারী ও অধ্যবসায়সম্পন্ন, অসহায় ও অসাবধান হইলে তাহারা সংশয়াপন্ন করিয়া তুলিবে ॥ ১৭ ॥

১। ছ 'এতচ্ছ্রুত্বা তু বচনং কুম্ভকর্ণস্য রাবণঃ'। ২। ছ '-রাঃ সু-'। ৩। ছ-'ছ-টি 'শীঘ্রগা'।

তস্মাৎ পরমদুর্দ্ধর্ষৈঃ[১] সৈন্যৈঃ পরিবৃতো ব্রজ।
জহি[২] তং রাক্ষসৈঃ সার্দ্ধং শত্রুপক্ষং নিসূদয় ॥ ১৮ ॥

অথাসনাৎ সমুৎপত্য মণিং সূর্য্যসমপ্রভম্।
আববন্ধ মহাতেজাঃ কুম্ভকর্ণস্য রাবণঃ ॥ ১৯ ॥

অঙ্গদানঙ্গুলীবেষ্টান্[৩] কবচঞ্চ মহাধনম্।
হারঞ্চ শশিসঙ্কাশং স ববন্ধ মহাত্মনঃ ॥ ২০ ॥

দিব্যানি গন্ধমাল্যানি রত্নান্যাভরণানি[৪] চ।
গাত্রেষু যোজয়ামাস কুণ্ডলে চ মহাধনে ॥ ২১ ॥

কাঞ্চনাঙ্গদকেয়ূরনিষ্কপ্রবরভূষিতঃ।
কুম্ভকর্ণো[৫] মহাবাহুঃ সংস্কৃতোঽগ্নিরিবাবভৌ[৬] ॥ ২২ ॥

১৮। লো-টী। হে পরমদুর্দ্ধর্ষ, 'পরমদুর্দ্ধর্ষৈ'রিতি বা পাঠঃ।

২০। লো-টী। অঙ্গদান্ অঙ্গদানি। 'অঙ্গদঃ কপিভেদে না কেয়ূরে তু নপুংসক'মিতি কোষঃ। 'অঙ্গদে চাস্য শুশুভে' ইতি পাঠে সুষ্ঠু ভদ্রে অঙ্গুলীবেষ্টান্ অঙ্গুরীয়কাণি।

২২। লো-টী। কেয়ূরং কঙ্কণং সমুদ্ভূতোঽগ্নিরিব বহুকাষ্ঠজনিতোঽগ্নিরিব নবাক্ষরং চরণমেকং, 'হুতাশন' ইতি বা পাঠঃ।

সুতরাং পরম দুর্দ্ধর্ষ সৈন্যবৃন্দে পরিবৃত হইয়া গমন কর, রাক্ষসগণের সহিত রামকে বধ কর এবং শত্রুপক্ষকে পরাস্ত কর ॥ ১৮ ॥

অনন্তর রাবণ আসন হইতে উত্থিত হইয়া কুম্ভকর্ণের গাত্রে সূর্য্যের ন্যায় প্রভাময় মণি বন্ধন করিয়া দিলেন ॥ ১৯ ॥

তিনি মহাত্মা কুম্ভকর্ণকে হস্তাভরণ, অঙ্গুলিত্রাণ, মহামূল্য কবচ এবং শশাঙ্ক-শুভ্র হার পরাইয়া দিলেন ॥ ২০ ॥

গাত্রে মনোরম গন্ধ, মাল্য, রত্ন, আভরণ এবং মহামূল্য কুণ্ডলদ্বয় সংযোজিত করিলেন ॥ ২১ ॥

মহাবাহু কুম্ভকর্ণ সুবর্ণময় বলয়, কেয়ূর ও উত্তম কণ্ঠাভরণে ভূষিত হইয়া

১। ক '-র্ষ'। ২। ছ 'রাক্ষসৈঃ সহিতঃ সর্ব্বং'। ৩। ছ 'অঙ্গদে চাস্য শুশুভে'। ৪। ছ 'রত্নানি বিবিধানি চ'। ৫। ছ '-কর্ণঃ'। ৬। ছ 'সুহুতোঽগ্নি-'।

শ্রোণীসূত্রেণ[১] মহতা কাঞ্চনেন বিরাজতা।
অমৃতোৎপাদনে নদ্ধো ভুজঙ্গেনেব মন্দরঃ[২] ॥ ২৩ ॥
সর্ব্বাভরণচিত্রাঙ্গঃ শূলপাণিঃ স রাক্ষসঃ।
বিক্রমে[৩] তু কৃতোৎসাহো নারায়ণ ইবাবভৌ ॥ ২৪ ॥
স রাবণং পরিষ্বজ্য কৃত্বা চাপি প্রদক্ষিণম্।
প্রণম্য শিরসা[৪] চৈব সংপ্রতস্থে মহাবলঃ ॥ ২৫ ॥
তস্য সূতো[৫] রথং দিব্যং পঞ্চনল্বপ্রমাণতঃ।
যুক্তং খরশতেন[৬]াথ যুদ্ধ[৭]ধ্বজবিভূষিতম্ ॥ ২৬ ॥

২৩। লো-টী। মণিসূত্রেণ মণিসম্বন্ধেন কাঞ্চনেন সূত্রেণ দীপ্তকাঞ্চনসূত্রগ্রথিত-মণিভির্ন্ধ ইত্যর্থঃ।

[লো-টী।] তারসহস্রনেত্রং তারং নক্ষত্রমিব সহস্রনেত্রং চক্ষুর্যস্য তৎ। 'তারং নপুংসকং নেত্রমধ্যরূপে তু ন দ্বয়ো'রিতি ভূরি০। 'ভাস্করসন্নিকাশ'মিতি বা পাঠঃ।

২৪। লো-টী। নারায়ণো বামন অস্মৈ ইমম্।

২৬। লো-টী। পঞ্চনল্বঃ নল্বঃ কিষ্কুচতুঃশতং, তথা 'কিষ্কুর্হস্তে বিতস্তৌ চে'ত্যমরঃ। প্রমাণতঃ দ্বিসহস্রহস্তপ্রমাণং দ্বিসহস্রবিতস্তিপ্রমাণং বা।

সংস্কৃত অগ্নির ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ২২ ॥

কুম্ভকর্ণ উজ্জ্বল কাঞ্চনময় বিশাল কটীসূত্র পরিধান করিয়া অমৃতোৎপাদন-কালে ভুজঙ্গবেষ্টিত মন্দরের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ১৩ ॥

কুম্ভকর্ণের গাত্র সমস্ত আভরণে বিচিত্র শোভা ধারণ করিল, তিনি বিক্রম-প্রকাশে উৎসাহিত হইয়া নারায়ণের ন্যায় শোভা পাইতে লাগিনেল ॥ ২৪ ॥

মহাবলশালী কুম্ভকর্ণ রাবণকে আলিঙ্গন করিয়া এবং প্রদক্ষিণ ও নতমস্তকে প্রণাম করিয়া প্রস্থান করিলেন ॥ ২৫ ॥

বিনীত সারথি তাঁহার জন্য শত-গর্দ্দভবাহিত সমরপতাকাশোভিত ২০০০

১। ছ 'মণি-'। ২। ছ অতঃ পরং 'সকাঞ্চনং ভারসহং বিচিত্রং বিদ্যুৎপ্রভং দীপ্তমিবাত্মভাসা। আবধ্য-মানং কবচং বভাসে সন্ধ্যাভ্রসংবীত ইবাদ্রিরাজঃ'। ইত্যধিকম্। ৩। ছ '-মিষন্ কৃতো-'। ৪। ছ 'পাদৌ'। ৫। ছ 'হৃষ্টঃ'। ৬। ছ '-সহস্রেণ'। ৭। ছ 'গৃধ্রধ্বজ-'।

মহাজলদনির্ঘোষং কৈলাসশিখরোপমম্ ।
অষ্টচক্রসমাযুক্তমুপনীয় মহারথম্ ॥ ২৭ ॥
জয়াশিষা বর্দ্ধয়িত্বা বিনীতঃ প্রাঞ্জলিঃ স্থিতঃ ।
স তং সমারুহ্য যযৌ মেঘগম্ভীরনিস্বনম্ ॥ ২৮ ॥
তমাশীর্ভিঃ প্রশস্তাভিঃ প্রেষয়ামাস রাবণঃ ।
শঙ্খদুন্দুভিনির্ঘোষৈ রাক্ষসাশ্চ বরায়ুধাঃ ॥ ২৯ ॥
তং গজৈশ্চ তুরঙ্গৈশ্চ স্যন্দনৈশ্চাম্বুদস্বনৈঃ ।
অনুজগ্মুর্মহাত্মানং গচ্ছন্তং রথিনাং বরম্ ॥ ৩০ ॥

২৭। লো-টী। অষ্টভিশ্চক্রৈঃ সমাযুক্তম্, 'অষ্টচক্রং মহাচক্রে'মিতি পাঠে মহচ্চক্রমন্ত্রবিশেষো যত্র তম্, উপনীয় সমীপে আনীয় জয়াশিষা মহারথং কুম্ভকর্ণং বর্দ্ধয়িত্বেত্যন্বয়ঃ।

[লো-টী।] অতিকায়ো মহাকায়ঃ।

[লো-টী।] নাগাঃ সর্পাঃ দ্বীপিনো ব্যাঘ্রাঃ মৃগা ধৈর্য্যযুক্তমত্তাঃ করিবিশেষাঃ। "মন্দ্রা ভদ্রা মৃগাশ্চৈব বিজ্ঞেয়াস্ত্রিবিধা গজাঃ। বলপ্রচুরসারূপ্যসত্ত্বভেদোপলক্ষিতা" ইতি রত্নমালা। দ্বিজাঃ পক্ষিণঃ, এতৈর্বিশিষ্টাঃ। দেবদানববিদ্বিষং, 'দেবদানববিদ্বিষ' ইতি বা পাঠঃ।

হাত-পরিমিত মহামেঘের ন্যায় নির্ঘোষযুক্ত কৈলাসশিখরতুল্য অষ্টচক্রযুক্ত বিশাল রথ উপস্থিত করিয়া এবং জয়াশীর্ব্বাদে তাঁহাকে সংবর্দ্ধিত করিয়া কৃতাঞ্জলিপুটে অবস্থান করিতে লাগিল। কুম্ভকর্ণ মেঘের ন্যায় গম্ভীর-ধ্বনিযুক্ত সেই রথে আরোহণ করিয়া গমন করিলেন ॥ ২৬-২৮ ॥

রাবণ উত্তম আশীর্ব্বাদ দ্বারা তাঁহাকে বিদায় দিলেন। উত্তম-আয়ুধধারী রাক্ষসগণ হস্তী, অশ্ব ও জলদ-নির্ঘোষ রথারোহণে শঙ্খ ও দুন্দুভিনিনাদসহকারে সেই রথিশ্রেষ্ঠ কুম্ভকর্ণের অনুগমন করিল ॥ ২৯-৩০ ॥

১। '-ক্রং মহাচক্র-'। ২। ছ 'স যযৌ রথমারুহ্য'। ৩। ছ অতঃ পরং 'সোঽতিকায়ো মহাবীর্য্যো রথস্থোপরি রাক্ষসঃ। গন্ধর্ব্বনগরাকারঃ প্রগৃহীতায়ুধো বভৌ॥ ইত্যধিকম্। ৪। ছ 'রাক্ষসঃ'। ৫। ছ '-নৈশ্চ বরায়ুধৈঃ'। ৬। ছ 'মত্তঙ্গজৈস্তুরঙ্গৈশ্চ'। ৭। ছ 'রথিনো রথিনাং বরম্'। ৮। ছ অতঃ পরং 'নাগোষ্ট্রখরহস্ত্যশ্বসিংহদ্বিপমৃগদ্বিজৈঃ। অনুজগ্মুশ্চ তং ঘোরং দেবদানববিদ্বিষঃ॥' ইত্যধিকম্।

স পুষ্পবর্ষৈরবকীর্য্যমাণো ধৃতাতপত্রঃ শিতশূলপাণিঃ।
মদোৎকটঃ শোণিতপানমত্তো বিনির্যযৌ রাক্ষসযোধমুখ্যঃ॥৩১॥
পদাতয়শ্চ বহবো [১]নিষ্পতন্তং [২]মহাবলম্।
অন্বযূ রাক্ষসা ঘোরা ভীমাক্ষং শস্ত্রপাণয়ঃ॥ ৩২ ॥
রক্তাক্ষাঃ সুমহাকায়া নীলাঞ্জনচয়োপমাঃ।
শূলানুদ্যম্য খড়্গাংশ্চ [৩]পট্টিশাসিপরশ্বধান্॥ ৩৩ ॥
বহুব্যামাংশ্চ পরিঘান্ গদাশ্চ মুষলানি চ।
[৪]সালস্কন্ধাংশ্চ [৫]বিবিধান্ শতঘ্নীশ্চ দুরাসদাঃ॥ ৩৪ ॥

৩১। লো-টী। মদোৎকটঃ, 'উৎকটস্তীব্রমত্তয়ো'রিতি কোষঃ।

৩৩। লো-টী। শূলানুদ্যম্য গৃহীত্বা, 'শূলোঽস্ত্রী চোগ্রতায়ুধে' ইতি কোষঃ। 'শূলানী'তি বা পাঠঃ। 'শূলানি'ত্যাদি 'শতঘ্নী'শ্চেত্যন্তানি অস্ত্রাণি উদ্যম্য অন্বযুরিত্যন্বয়ঃ।

৩৪। লো-টী। বহূন্ অনেকান্ স্থূলান্ বা, ব্যামান্ ব্যামপ্রমাণান্ পরিঘান্। 'ব্যামো বাহ্বোঃ সকরয়োস্ততয়োস্তির্য্যগন্তর'মিত্যমরঃ। সালস্কন্ধান্ সালোঽত্র সালবৃক্ষাতিরিক্তবৃক্ষবিশেষঃ তৎস্কন্ধান্ প্রকাণ্ডান্। 'অস্ত্রী প্রকাণ্ডঃ স্কন্ধঃ স্যান্মূলাচ্ছাখাবধিস্তরো'রিত্যমরঃ।

রাক্ষসযোদ্ধৃদিগের মধ্যে শ্রেষ্ঠ মহোদ্ধত কুম্ভকর্ণ রক্তপানার্থে উন্মত্ত হইয়া শাণিত শূল হস্তে লইয়া নির্গত হইলেন। তাঁহাকে পুষ্পবৃষ্টিতে আচ্ছাদিত করা হইল এবং তাঁহার মস্তকে ছত্র ধারণ করা হইল॥ ৩১ ॥

শস্ত্রধারী ভীষণাকৃতি বহু পদাতি রাক্ষস ভীষণ-নেত্রযুক্ত ধাবমান মহাবলশালী কুম্ভকর্ণের অনুগমন করিল॥ ৩২ ॥

তাহাদের চক্ষু রক্তবর্ণ, তাহারা বিশালকায় এবং অঞ্জনরাশির ন্যায় কৃষ্ণবর্ণ, তাহারা শূল, পট্টিশ, খড়্গ, পরশু, বহুব্যামপরিমিত পরিঘ, গদা, মুষল, বহুবিধ সালবৃক্ষের কাণ্ড এবং দুর্দ্ধর্ষ শতঘ্নী লইয়া গমন করিল॥ ৩৩-৩৪ ॥

১। ছ 'মহাকায়া মহাবলাঃ'। ২। ছ অতঃ পরং 'নিপতন্তং মহাকায়ং মহানাদং মহাবলম্।' ইত্যধিকম্। ৩। ছ 'নিশিতাংশ্চ পরশ্বধান্'। ৪। ছ 'তাল-'। ৫। ছ 'বিপুলান্'।

[১] স পুরদ্বারমাগম্য দারুণো লোমহর্ষণঃ।
নিষ্পপাত মহাতেজাঃ কুম্ভকর্ণঃ প্রতাপবান্ ॥ ৩৫ ॥
ধনুঃশতপরীণাহঃ [২] ষড়্ব্যায়ামশতোচ্ছ্রিতঃ।
রৌদ্রঃ শকটচক্রাক্ষো গিরিকূটোপমো [৩] মহান্ ॥ ৩৬ ॥
[৪] স চ নিষ্পাত্য রক্ষাংসি দগ্ধশৈলোপমো বলী।
কুম্ভকর্ণো মহাবাহুঃ প্রহসন্ [৫] বাক্যমব্রবীৎ ॥ ৩৭ ॥
অদ্য বানরমুখ্যানাং [৬] তানি যূথানি ভাগশঃ।
[৭] নির্দহিষ্যামি সংক্রুদ্ধঃ শলভানিব পাবকঃ ॥ ৩৮ ॥

৩৬-৩৭। লো-টী। ধনুঃশতপরীণাহঃ ধনুঃশতং চতুঃশতং হস্তাঃ পরিণাহো বিস্তরো যস্য সঃ। 'ষড়্ব্যামশতমুচ্ছ্রিত' ইতি বা পাঠঃ। শকট-চক্রে ইবাক্ষিণী যস্য সঃ। 'মহাপর্ব্বত-সন্নিভ' ইতি পাঠঃ। ক্বচিচ্চ 'গিরিকূটোপমো বলী'তি। নিষ্পপাত যুদ্ধে নির্জগাম ইত্যর্থঃ। সংনিপত্য ইতি পাঠঃ, ক্বচিচ্চ সন্নিবর্ত্ত্যেতি, নিবর্ত্তনং কারয়িত্বা দন্তৈর্হসন্। 'দুগ্ধশৈলোপমো বলী'তি ক্বচিৎ পাঠঃ।

৩৮। লো-টী। বিধক্ষ্যামি ভস্মীকরিষ্যামি।

রোমাঞ্চজনক দারুণ প্রতাপশালী মহাতেজস্বী কুম্ভকর্ণ পুরদ্বারে উপস্থিত হইয়া বেগে ধাবিত হইতে লাগিলেন ॥ ৩৫ ॥

কুম্ভকর্ণ পর্ব্বতশৃঙ্গের ন্যায় বিশাল ও ভীষণাকৃতি; চারিশত হাত তাঁহার পরিধি, ছয়শত ব্যাম-পরিমিত দৈর্ঘ্য ও গাড়ীর চাকার মত চক্ষুঃ ॥ ৩৬ ॥

দগ্ধপর্ব্বতসদৃশ মহাবাহু বলশালী কুম্ভকর্ণ ধাবিত হইয়া হাসিতে হাসিতে রাক্ষসদিগকে বলিলেন—॥ ৩৭ ॥

অগ্নি যেমন পতঙ্গদিগকে দগ্ধ করে, আজ আমি ক্রুদ্ধ হইয়া শ্রেষ্ঠ বানরদিগের সেই দলগুলিকে সেইরূপ দলে দলে দগ্ধ করিব ॥ ৩৮ ॥

১। ছ 'অথান্যাম্বপুরাদ্বায় দারুণং ঘোরদর্শনম্'। ২। ছ 'ষড়্ব্যামশতমুচ্ছ্রিতঃ'। ৩। ছ 'মহাপর্ব্বত-সন্নিভঃ'। ৪। ছ 'সন্নিবর্ত্ত্য স রক্ষাংসি দন্তৈঃ শূলোপমৈর্দৃঢ়ৈঃ'। ৫। ছ -বক্রঃ'। ৬। ছ 'তান্যনীকানি'। ৭। ছ 'নির্দ্ধক্ষ্যামি স্বয়ং ক্রুদ্ধঃ'।

নাপরাধ্যন্তি মে কামং বানরা বনচারিণঃ।
জাতিরেবংবিধানাস্তু পুরোদ্যানবিদূষণী[১] ॥ ৩৯ ॥
পুরোপরোধমূলং তু[২] রাঘবঃ সহলক্ষ্মণঃ।
হতে তস্মিন্ হতং সর্ব্বং তং হনিষ্যামি[৩] সংযুগে ॥ ৪০ ॥
এবং তস্য ব্রুবাণস্য কুম্ভকর্ণস্য রক্ষসঃ[৪]।
বভূবুর্ঘোররূপাণি নিমিত্তানি সমন্ততঃ[৫] ॥ ৪১ ॥
শুষ্কাশনিযুতা[৬] মেঘা বিনেদুর্দারুণস্বরাঃ[৭]।
সসাগরবনা চৈব বসুধা সমকম্পত ॥ ৪২ ॥

৩৯। লো-টী। মে মম নাপরাধ্যন্তি যত এবংবিধানাং চপলানাং কপীনাং পুরোদ্যান-দূষণী দোষজননী জাতিঃ স্বভাবঃ।

৪০। লো-টী। 'পুরোপরোধমূলস্তু' ইতি পাঠঃ। 'পুরাবাধস্য' ইতি বা পাঠঃ।

৪২। লো-টী। শুষ্কাশনিঃ তৈর্মুখৈঃ, যদ্বা জ্বালানাং সমৃদ্ধিঃ সজ্বালং জ্বালাসমৃদ্ধিঃ তৈর্বিনা বজ্রপাতঃ উদ্যাতা যুক্তাঃ শুষ্কাশনির্গতা ইতি সার্ব্বজ্ঞপাঠঃ। 'বজ্রাশনিসমা' ইতি পাঠে বজ্রাশনী বজ্রবিদ্যুতৌ যস্মৈ তুল্যকালৌ যেষাং তে বজ্রাশনিযুক্তাঃ ন পুনর্জলযুক্তা ইত্যন্বয়ঃ। 'অশনিঃ স্ত্রীপুংসয়োঃ স্যাচ্চপলায়াং পবাবপী'তি কোষঃ। 'গর্দ্দভস্বরাঃ', 'গর্দ্দভস্বনা' ইতি বা পাঠঃ।

বনচারী বানরগণ আমার নিকট কোনরূপ অপরাধ করে নাই বটে, কারণ নগরের উদ্যান নষ্ট করা ইহাদের স্বভাব ॥ ৩৯ ॥

নগরীর অবরোধের মূল হইতেছে রাম ও লক্ষ্মণ; সেই রাম নিহত হইলেই সকলে নিহত হইবে, আমি যুদ্ধে তাহাকেই বধ করিব ॥ ৪০ ॥

সেই রাক্ষস কুম্ভকর্ণ যখন এইরূপ বলিতেছিলেন, তখন চারিদিকে ভয়াবহ দুর্নিমিত্ত সংঘটিত হইতে লাগিল ॥ ৪১ ॥

শুষ্ক-বজ্রযুক্ত দারুণ-স্বরবিশিষ্ট মেঘ গর্জ্জন করিতে লাগিল এবং সাগর ও অরণ্যসমন্বিত বসুমতী কম্পিত হইতে লাগিল ॥ ৪২ ॥

১। ছ 'বিভূষিণী'। ২। ছ 'চ'। ৩। ছ 'বধিষ্যামি'। ৪। ছ 'রাক্ষসাঃ'। ৫। অতঃ পরং ছ-পুস্তকে 'নাদং চক্রুর্মহাঘোরং কম্পয়ন্তো বসুন্ধরাম্। তস্য নিষ্ক্রামতঃ পুর্য্যাঃ কুম্ভকর্ণস্য রক্ষসঃ'। ইত্যধিকম্। ৬। ছ '-সমা'। ৭। ছ '-গর্দ্দভস্বনাঃ'।

ঘোররূপাঃ শিবা নেদুঃ সজ্বালকবলৈর্মুখৈঃ।
মণ্ডলান্যপসব্যানি[১] ববন্ধুশ্চ[২] বিহঙ্গমাঃ ॥ ৪৩ ॥

নিপপাত চ গৃধ্রোঽস্য রথস্যোপরি গচ্ছতঃ[৩]।
প্রাস্ফুরন্নয়নং সব্যং[৪] সব্যো বাহুরকম্পত[৫] ॥ ৪৪ ॥

[৬]তথা প্রাবেপতাঙ্ঘ্রিশ্চ রোমহর্ষশ্চ জায়তে।
অভিদ্যত স্বরশ্চৈব রণভূমিং বিগাহতঃ ॥ ৪৫ ॥

গগনান্নিষ্পপাতোল্কা জ্বলন্তী ভীমনিস্বনা[৭]।
আদিত্যো নিষ্প্রভশ্চাসীৎ প্রববৌ ন চ মারুতঃ ॥ ৪৬ ॥

অচিন্তয়ন্ মহোৎপাতানুত্থিতান্ জীবিতান্তকান্।
নির্যযৌ কুম্ভকর্ণশ্চ[৮] কৃতান্তবলমোহিতঃ ॥ ৪৭ ॥

৪৩। লো-টী। জ্বালাসহিতাঃ কবলা গ্রাসা যেষু তৈঃ। অপবিধ্যানি অপসব্যানি 'অপসব্যানী'তি বা পাঠঃ।

৪৪ (?)। লো-টী। তুমুলো মহান্, 'ধ্বজস্যোপরি দারুণ' ইতি বা পাঠঃ।

৪৭। লো-টী। কৃতান্তঃ অশুভং কর্ম্ম বলঞ্চ তাভ্যাং মোহিতঃ মোহং প্রাপিতঃ। 'কৃতান্তবলমোদিত' ইতি বা পাঠঃ। 'কৃতান্তো যমসিদ্ধান্তদৈবাকুশলকর্ম্মসু' ইতি কোষঃ।

ভীষণাকৃতি শৃগালসমূহ অগ্নিশিখাযুক্ত মুখ ব্যাদান করিয়া চীৎকার করিতে লাগিল এবং পক্ষিগণ প্রতিকূলভাবে মণ্ডল রচনা করিতে লাগিল ॥ ৪৩ ॥

গমনকারী কুম্ভকর্ণের রথের উপর গৃধ্র নিপতিত হইল, বামচক্ষুঃ ও বামবাহু স্পন্দিত হইতে লাগিল ॥ ৪৪ ॥

যুদ্ধক্ষেত্রে প্রবেশকালে অঙ্ঘ্রি-স্পন্দন, রোমাঞ্চ ও স্বরভঙ্গ হইল ॥ ৪৫ ॥

আকাশ হইতে ভয়ানক ধ্বনিযুক্ত প্রজ্বলিত উল্কা নিপতিত হইল, সূর্য্যের প্রভা ক্ষীণ হইল এবং বায়ু স্তম্ভিত হইল ॥ ৪৬ ॥

কৃতান্তের প্রভাবে মোহিত হইয়া কুম্ভকর্ণ সেই সমস্ত দুর্লক্ষণের বিষয় চিন্তা না করিয়াই নির্গত হইলেন ॥ ৪৭ ॥

১। ছ '-নি চ সব্যানি'। ২। ছ -স্তে'। ৩। ছ-'স্য পুরতঃ পথি'। ৪। ছ 'ব্য-'। ৫। ছ -স্তথৈব চ'। ৬। ছ অয়ং শ্লোকো নাস্তি। ৭। ছ '-দর্শিনী'। ৮। ছ '-র্ণঃ স'।

স নির্গম্য[১] পুরদ্বারাদ্ বৃহৎপর্ব্বতসন্নিভঃ।
দদর্শাথ[২] ঘনপ্রখ্যং বানরানীকমদ্ভুতম্[৩] ॥ ৪৮ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে যুদ্ধকাণ্ডে কুম্ভকর্ণনির্যাণং নাম
চতুশ্চত্বারিংশঃ সর্গঃ ॥ ৪৪ ॥

৪৮। লো-টী। নিষ্ক্রম্য গত্বা. 'পুরদ্বারাৎ কুম্ভকর্ণো মহাবল' ইতি বা পাঠঃ।

[লো-টী।] বায়ুনুন্নাঃ প্রেরিতাঃ বায়ুনা ভিন্নং ছিন্নমভ্রজালমিব ননাদ চকার।

[লো-টী।] দিবি আকাশে।

[লো-টী।] 'বিপুলপরিঘবাংস্তু' ইতি পাঠঃ। কচিত্তু 'বিপুলপরিঘধৃগি'তি আহর-জ্জনয়ামাস, কিঙ্করদণ্ডবান্ কিঙ্করনামা দণ্ডস্তদ্বান্।

ইতি শ্রীলোকনাথচক্রবর্ত্তিকৃতায়াং লঙ্কাকাণ্ডমনোহরায়াং কুম্ভকর্ণনির্যাণম্ ॥ ৪৬ ॥

বিশাল-পর্ব্বততুল্য কুম্ভকর্ণ পুরদ্বার হইতে নির্গত হইয়া মেঘের ন্যায় অদ্ভুত বানরসৈন্য অবলোকন করিলেন ॥ ৪৮ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের যুদ্ধকাণ্ডে কুম্ভকর্ণযাত্রা-নামক
৪৪শ সর্গ সমাপ্ত ॥ ৪৪ ॥

১। ছ 'নিষ্ক্রম্য'। ২। ছ '-শাভ্র-'। ৩। ছ অতঃ পরং 'বানরান্ বীক্ষ্য সংহৃষ্টো ননর্দ্দ বিকৃতস্বনম্। তে দৃষ্ট্বা রাক্ষস-শ্রেষ্ঠং বানরাঃ পর্ব্বতোপমাঃ। বায়ুনুন্না ইব ঘনা যযুঃ সর্ব্বা দিশস্তদা। তদ্বানরানীকমতিপ্রচণ্ডং দিশো দ্রবদ্ভিন্নমিবাভ্রজালম্। স কুম্ভকর্ণঃ সুসমীক্ষ্য হর্ষান্ননাদ নাদং ঘনসন্নিকাশঃ॥ তং তস্য নাদং তুমুলং নিশম্য যথা নিনাদং দিবি বারিদস্য। পেতুর্ধরণ্যাং বহবঃ প্লবঙ্গা নিকৃত্তমূলা ইব শালবৃক্ষাঃ॥ কুম্ভেণ তু সমাশ্বস্য সঙ্গম্য চ পরস্পরম্। বৃক্ষাদ্রিহস্তা হরয়ঃ সংগ্রামং সংপ্রতস্থিরে॥ বিপুলপরিঘবাংস্তু কুম্ভকর্ণো রিপুনিধনায় বিনিঃসৃতো মহাত্মা। কপিগণ-ভয়মাদদৎ সুতীব্রং প্রভুরিব দণ্ডধরঃ স্বয়ং কৃতান্তঃ॥' ইত্যধিকম্।

(৪৫) পঞ্চচত্বারিংশঃ সর্গঃ

স পুরদ্বারনির্যাতঃ[১] কুম্ভকর্ণো মহাবলঃ।

রাক্ষসৈর্বহুভিঃ ক্রুদ্ধৈর্নর্দ্দমানৈঃ পুরস্কৃতঃ ॥ ১ ॥

[২]সংননাদ মহানাদং সমুদ্রমভিনাদয়ন্।

জনয়ন্নিব নির্ঘাতং[৩] কম্পয়ন্নিব পর্ব্বতান্ ॥ ২ ॥

তমবধ্যং মঘবতা[৪] যমেন বরুণেন চ।

প্রেক্ষ্য ভীমাক্ষমায়ান্তং বানরা বিপ্রদুদ্রুবুঃ ॥ ৩ ॥

তাংস্তু বিদ্রবতো দৃষ্ট্বা বালিপুত্রোঽঙ্গদোঽব্রবীৎ।

গবাক্ষং শরভং[৫] নীলং কুমুদঞ্চ মহাবলম্ ॥ ৪ ॥

২। লো-টী। নির্ঘাতা মেঘব্যতিরেকেণ জাতাঃ শব্দাস্তান্ বিধমন্ দহন্ প্রতিধ্বনয়ন্ বা।

৩। লো-টী। 'মহাকায়'মিতি পাঠঃ। 'মঘবতে'তি ক্বচিৎ।

মহাবলশালী সেই কুম্ভকর্ণ পুরদ্বার হইতে বহির্গত হইয়া সমুদ্র প্রতিধ্বনিত করিয়া বজ্রনিনাদের ন্যায় মহানাদে গর্জ্জন করিতে লাগিলেন। সেই গর্জ্জনে পর্ব্বতরাজি যেন কম্পিত হইতে লাগিল। বহু রাক্ষস ক্রোধে গর্জ্জন করিতে করিতে তাঁহার অনুগমন করিল ॥ ১-২ ॥

ইন্দ্র, যম এবং বরুণেরও অবধ্য ভীষণ-লোচনশালী কুম্ভকর্ণকে আসিতে দেখিয়া বানরগণ পলায়ন করিতে লাগিল ॥ ৩ ॥

বালিপুত্র অঙ্গদ তাহাদিগকে পলায়ন করিতে দেখিয়া বলিলেন—হে বানরগণ! তোমরা গবাক্ষ, শরভ, নীল ও মহাবলশালী কুমুদকে বিস্মৃত হইয়া এবং

১। ছ '-নিক্রান্তঃ'। ২। ছ 'স'। ৩। ছ '-তান্ বিধুন্বন্নিব'। ৪। ছ 'মহাঘোরং'। ৫। ছ 'চন্দনং'।

আত্মানমিব বিস্মৃত্য বীর্য্যাণ্যভিজনানি চ।
ক গচ্ছথ[1] পরিত্রস্তা হরয়ঃ প্রাকৃতা ইব ॥ ৫ ॥

আগচ্ছথ নিবর্ত্তধ্বং কিং প্রাণান্ পরিরক্ষথ।

ক গতানাং ন মৃত্যুর্বো ভবিতা বানরর্ষভাঃ ॥ ৬ ॥
মর্ত্তব্যে[2] সতি সংগ্রামে বরং মৃত্যুর্ভবাদৃশাম্।
জীবিতং চাপি মৃত্যুর্বো নাস্ত্যাত্মবশকারিতম্[3] ॥ ৭ ॥
যোধধর্ম্মং পুরস্কৃত্য যুধ্যধ্বং বানরোত্তমাঃ[4]।
নৈতদ্ যুদ্ধায় বৈ রক্ষো মহতীয়ং বিভীষিকা ॥ ৮ ॥

৫। লো-টী। বীর্য্যাণি শক্তীঃ, অভিজনানি অভিজনান্ কুলানি খ্যাতীর্ব্বা। 'অভিজনঃ কুলে খ্যাতৌ জন্মভূমৌ কুলধ্বজে' ইতি ভূরি°।

৮। লো-টী। ভবিতা ভবিষ্যতি। নৈতদ্ যুদ্ধায় বৈ এতৎ রক্ষঃ ন যুদ্ধায় সমর্থমিতি। 'নালং যুদ্ধায়ে'তি বা পাঠঃ।

নিজ নিজ বীর্য্য ও বংশের কথা বিস্মৃত হইয়া যেন আত্ম-বিস্মৃত হইয়াই সাধারণের ন্যায় সন্ত্রস্ত হইয়া কোথায় পলায়ন করিতেছ ? ॥ ৪-৫ ॥

হে শ্রেষ্ঠ বানরগণ ! তোমরা নিবৃত্ত হও, আগমন কর, প্রাণরক্ষার প্রয়াস পাইতেছ কি জন্য ? কোথায় গেলে তোমাদের মৃত্যু হইবে না ? ॥ ৬ ॥

মৃত্যু যখন অবশ্যম্ভাবী, তখন তোমাদের মত ব্যক্তির যুদ্ধে মৃত্যুই বরং ভাল। যদি স্বাধীন কর্ম্মক্ষমতা না থাকে, তাহা হইলে তোমাদের বাঁচিয়া থাকাই মৃত্যুর সমান ॥ ৭ ॥

হে শ্রেষ্ঠ বানরগণ, তোমরা যোদ্ধার ধর্ম্ম আশ্রয় করিয়া যুদ্ধ করিতে থাক, এই রাক্ষস যুদ্ধের জন্য নহে, ইহা একটা বিরাট বিভীষিকা ! (অর্থাৎ এই রাক্ষস প্রকৃত রাক্ষস নহে ; আমাদের ভয়োৎপাদনার্থে কল্পিত মায়ামাত্র !) ॥ ৮ ॥

১। ক 'গচ্ছত'। ২। ছ 'জীবিতাদপি'। ৩। ছ '-কারিতঃ'। ৪। ছ 'বানরর্ষভাঃ'।

মহতীমুত্থিতামেতাং[১] বানরাণাং বিভীষিকাম্ ।
বিক্রম্য বিধমিষ্যামো[২] নিবর্ত্তধ্বং প্লবঙ্গমাঃ ॥ ৯ ॥
কৃচ্ছ্রেণ চ[৩] সমাশ্বস্তাঃ সংস্তভ্য চ পরস্পরম্ ।
শিলাপাদপহস্তাস্তে তস্থুঃ সংগ্রামমূর্দ্ধনি ॥ ১০ ॥
[৪]তে প্রহৃষ্টা নিবর্ত্তিত্বা সমদা ইব কুঞ্জরাঃ ।
নিজঘ্নুঃ পরমক্রুদ্ধাঃ কুম্ভকর্ণং বনৌকসঃ ॥ ১১ ॥
প্রাংশুভির্গিরিশৃঙ্গৈশ্চ শিলাভিশ্চ[৫] সমন্ততঃ ।
পাদপৈঃ পুষ্পিতাগ্রৈশ্চ বধ্যমানো ন চুক্ষুভে ॥ ১২ ॥

৯ । লো-টী । বিক্রম্য, বিক্রমাদ্বা পাঠঃ ।
১০ । লো-টী । সংস্তভ্য স্থিরীভূয় ।
১১ । লো-টী । নিবর্ত্তিত্বা নিবৃত্য ।
১২ । লো-টী । প্রাংশুভির্দীর্ঘৈঃ গিরিসারৈঃ গিরিশৃঙ্গৈরিতি সর্ব্বজ্ঞঃ । যদ্বা, গিরিসারৈর্লোহৈঃ প্রাংশুভির্মহদ্ভিঃ । 'গিরিসারঃ পুমান্ লোহে রঙ্গে মলয়পর্ব্বতে' ইতি কোষঃ । পর্ব্বতাগ্রৈঃ পর্ব্বতশৃঙ্গৈঃ ।

হে বানরগণ, তোমরা নিবৃত্ত হও, আমরা বিক্রম-প্রকাশপূর্ব্বক বানরদিগের এই মহাবিভীষিকা বিদূরিত করিব ॥ ৯ ॥

তাহারা অতিকষ্টে আশ্বস্ত হইয়া এবং পরস্পরের ধৈর্য্যবিধান করিয়া শিলা ও পাদপহস্তে সংগ্রামক্ষেত্রে অবস্থান করিতে লাগিল ॥ ১০ ॥

মত্তহস্তীর ন্যায় সেই বানরগণ আনন্দিত হইয়া ফিরিয়া আসিল এবং অতিশয় ক্রুদ্ধ হইয়া কুম্ভকর্ণকে প্রহার করিতে লাগিল ॥ ১১ ॥

কুম্ভকর্ণ চারিদিকে উন্নত পর্ব্বতশৃঙ্গ, শিলা ও পুষ্পিত পাদপদ্বারা প্রহৃত হইয়াও বিচলিত হইলেন না ॥ ১২ ॥

১ । ছ '-মেকো রাক্ষসানাং মহাচমূম্' । ২ । ছ '-ক্ষামি' । ৩ । ছ 'তু' । ৪ । ছ 'সন্নিবর্ত্ত্য চ সংক্রুদ্ধাঃ' । ৫ । ছ 'মহাবলাঃ' ।

ততঃ পর্ব্বতমুৎপাট্য দ্বিবিদঃ প্লবগর্ষভঃ।
দুদ্রাব জ্বলনাকারো[১] রাক্ষসং ভীমবিক্রমঃ[২] ॥ ১৩ ॥

স তং মহামেঘনিভং চিক্ষেপ সুমহাবলঃ।[৩]
তমপ্রাপ্য মহাকায়ং তস্য সৈন্যমপোথয়ৎ ॥ ১৪ ॥

তস্য গাত্রেষু[৪] পতিতা ব্যশীর্য্যন্ত মহাশিলাঃ।
পাদপাঃ পুষ্পিতাগ্রাশ্চ ভগ্নাঃ পেতুর্মহীতলে ॥ ১৫ ॥

স তু সৈন্যানি সংক্রুদ্ধো বানরাণাং মহৌজসাম্[৫]।
মমন্থ পরমায়স্তো বনান্যগ্নিরিবোত্থিতঃ ॥ ১৬ ॥

১৩। লো-টী। জ্বলনোঽগ্নিরিব আকারঃ শরীরং যস্য তম্।

১৪। লো-টী। আদৌ তং কুম্ভকর্ণমবাপ্য অপোথয়ৎ নাশয়ামাস।

১৫। লো-টী। পশ্চাত্তস্য গাত্রেষু।

১৬। লো-টী। পরমায়স্তঃ কপিভিঃ ক্লেশিতো হতো বা। 'আয়স্তস্তেজিতে ক্ষিপ্তে ক্লেশিতে কুপিতে হতে' ইতি কোষঃ।

তার পর ভীষণ-পরাক্রমশালী অগ্নিতুল্য বানরশ্রেষ্ঠ 'দ্বিবিদ' একটি পর্ব্বত উৎপাটিত করিয়া কুম্ভকর্ণের প্রতি ধাবিত হইলেন ॥ ১৩ ॥

মহাবলশালী দ্বিবিদ সেই মহামেঘসদৃশ পর্ব্বতটী নিক্ষেপ করিলেন। সেটী মহাকায় কুম্ভকর্ণের নিকট পর্য্যন্ত না পৌছিয়া তাঁহার সৈন্যকে নিহত করিল ॥ ১৪ ॥

বিশাল শিলাসমূহ তাঁহার গাত্রে পতিত হইয়া বিশীর্ণ হইল, পুষ্পিতাগ্র পাদপরাজি ভগ্ন হইয়া ভূতলে পতিত হইল ॥ ১৫ ॥

উত্থিত অগ্নি যেমন বনরাজি দগ্ধ করে, সেইরূপ কুম্ভকর্ণ অতিশয় ক্লেশ প্রাপ্ত হইয়া ক্রুদ্ধ হইয়া মহাবলশালী বানরদের সৈন্যরাজি মথিত করিতে লাগিলেন ॥ ১৬ ॥

১। ছ '-কারং'। ২। ছ '-বিক্রমম্'। ৩। ছ অতঃ পরং 'শতশঃ পাদপান্ বীরাশ্চিক্ষিপুস্তে মহাবলাঃ'। ইত্যধিকম্। ৪। ছ 'অভিতস্তু'। ৫। ছ 'বনৌকসাম্।

বানরাস্তু[১] সুসংক্রুদ্ধা গিরিশৃঙ্গৈর্মহাবলাঃ।
রাক্ষসানামনীকানি নিজঘ্নুশ্চ[২] সহস্রশঃ ॥ ১৭ ॥

তচ্ছৈলশৃঙ্গাভিহতং হতাশ্বরথবাহনম্।
রক্ষোরুধিরসংক্লেদং বভূবায়োধনং মহৎ ॥ ১৮ ॥

রথিনো বানরেন্দ্রাণাং শরৈঃ কালান্তকোপমৈঃ।
শিরাংসি সহসা জঘ্নুর্[৩]নদন্তো যুদ্ধলালসাঃ ॥ ১৯ ॥

বানরাশ্চ মহাত্মানঃ সমুৎপাট্য মহাদ্রুমান্।
রথানশ্বান্[৪] গজানুষ্ট্রান্ রাক্ষসাংশ্চাপ্যমর্দয়ন্[৫] ॥ ২০ ॥

লোহিতার্দ্রাশ্চ[৬] বহবঃ শেরতে বানরর্ষভাঃ[৭]।
নিরস্তাঃ পতিতা ভূমৌ তাম্রপুষ্পা ইব দ্রুমাঃ ॥ ২১ ॥

১৮। লো-টী। শৈলশৃঙ্গৈরভিহতম্ অভিঘাতো যস্মিন্ তৎ, হতা অশ্বা রথা বাহনানি অন্যানি যত্র তে, 'হতাশ্বরথবারণ'মিতি ক্বচিৎ পাঠঃ। রক্ষসাং রুধিরৈঃ সংক্লেদঃ আর্দ্রতা বা যত্র তৎ।

১৯। লো-টী। 'শরৈঃ কালান্তকোপমৈ'রিতি পাঠঃ। 'কালানলোপমৈ'রিতি বা পাঠঃ।

২০। লো-টী। হয়ান্ খরান্ বা পাঠঃ।

মহাবলশালী বানরগণও অতিশয় ক্রুদ্ধ হইয়া সহস্র সহস্র পর্ব্বতশৃঙ্গ দ্বারা রাক্ষস-সৈন্যদিগকে নিহত করিতে লাগিল ॥ ১৭ ॥

সেই মহাযুদ্ধে পর্ব্বতশৃঙ্গের আঘাতে অশ্ব, রথ ও অন্যান্য বাহন নিহত হইতে লাগিল এবং রাক্ষস-রক্তে [চারিদিক্] আর্দ্র হইয়া উঠিল ॥ ১৮ ॥

রথারোহী রাক্ষসগণ যুদ্ধাকাঙ্ক্ষায় গর্জ্জন করিতে করিতে সহসা কালান্তক-তুল্য শরদ্বারা শ্রেষ্ঠ বানরদের মস্তকে আঘাত করিল ॥ ১৯ ॥

মহামনা বানরগণও বিশাল বৃক্ষসমূহ উৎপাটিত করিয়া রথ, অশ্ব, হস্তী, উষ্ট্র ও রাক্ষসদিগকে মর্দ্দিত করিতে লাগিল ॥ ২০ ॥

বহু শ্রেষ্ঠ বানর রক্তাক্ত হইয়া রক্তপুষ্পসমন্বিত ভূপতিত নিক্ষিপ্ত বৃক্ষের মত ধরাশায়ী হইল ॥ ২১ ॥

১। ছ 'ততঃ ক্রু-'। ২। ছ '-স্তে' ৩। ছ 'জহ্রু-'। ৪। ছ '-নুষ্ট্রান্ খরান্নাগান্'। ৫। ছ '-প্যসূদয়ন্'। ৬। ছ '-তাক্তা হি'। ৭। ছ 'স্ম প্লবঙ্গমাঃ'।

বানরা বধ্যমানাস্তে রাক্ষসেন জঘন্যতঃ।

সাগরং যেন সংতীর্ণাঃ পথা তেনৈব দুদ্রুবুঃ ॥ ২২ ॥

তে স্থলানি চ নিম্নানি বিষণ্ণবদনা ভয়াৎ।

লঙ্ঘয়ন্তঃ প্রধাবন্তো বানরা ন ব্যলোকয়ন্ ॥ ২৩ ॥

কেচিৎ সমুদ্রং সন্তেরুর্গগনং কেচিদাশ্রিতাঃ।

কেচিদ্ বৃক্ষান্ সমারূঢ়া মমজ্জুঃ কেচিদর্ণবে ॥ ২৪ ॥

কেচিদ্ গিরীনারুরুহুর্গুহাঃ কেচিৎ সমাশ্রিতাঃ।

নিপেতুর্বানরাঃ কেচিৎ কেচিন্ন ব্যবতস্থিরে ॥ ২৫ ॥

তানবেক্ষ্যাঙ্গদো ভগ্নান্ বানরানিদমব্রবীৎ।

অবতিষ্ঠত[1] যুধ্যামো বানরাঃ কিং গতেন বঃ ॥ ২৬ ॥

২২। লো-টী। জঘন্যতঃ পৃষ্ঠতঃ।

২৩। লো-টী। ন ব্যলোকয়ন্ নাপশ্যন্, 'ব্যবলোকয়ন্নি'তি পাঠে অড়াগমাভাব আর্ষঃ।

২৬। লো-টী। এত আগচ্ছত, কিং গতেন গমনেন, 'হৃতেনে'তি পাঠে সোঽর্থঃ।

সেই বানরগণ কুম্ভকর্ণকর্ত্তৃক পশ্চাদ্দেশে প্রহৃত হইতে হইতে যে পথে সাগর লঙ্ঘন করিয়াছিল, সেই পথেই পলায়ন করিতে লাগিল ॥ ২২ ॥

সেই বানরগণ নিম্নস্থলসমূহ [লাফাইয়া] অতিক্রম করিতে লাগিল, ভয়ে তাহাদের মুখ বিষণ্ণ হইল, তাহারা কোনদিকে দৃষ্টিপাত না করিয়াই দৌড়াইতে লাগিল ॥ ২৩ ॥

কেহ কেহ সমুদ্রে সন্তরণ করিতে লাগিল, কেহ কেহ আকাশে আশ্রয় গ্রহণ করিল, কেহ কেহ বৃক্ষোপরি আরোহণ করিল, কেহ কেহ সমুদ্রে নিমগ্ন হইল ॥ ২৪ ॥

কেহ পর্ব্বতে আরোহণ করিল, কেহ গুহাগর্ভে আশ্রয় গ্রহণ করিল, কেহ নিপতিত হইল এবং কোন কোন বানর অব্যবস্থিতভাবে বিচরণ করিতে লাগিল ॥ ২৫ ॥

অঙ্গদ বানরদিগকে ভঙ্গ দিতে দেখিয়া তাহাদিগকে বলিলেন—হে বানরগণ,

১। ছ 'এত তিষ্ঠত'; ছ-টি 'এম তিষ্ঠত'।

ভগ্নানাং বো ন পশ্যামি পরিক্রম্য মহীমিমাম্ ।
স্থানং সর্ব্বে নিবর্ত্তধ্বং যুধ্যধ্বং বানরোত্তমাঃ ।
তিষ্ঠন্তো[1] মর্ত্ত্যধর্ম্মেঽস্মিন্ গতা[2] মৃত্যোঃ ক মোক্ষ্যথ ॥ ২৭ ॥
নিরায়ুধানাং দ্রবতামসংজ্ঞানাং গতায়ুষাম্ ।
স্ত্রীণামৌপয়িকস্ত্রাসঃ[3] সর্ব্বেষাং বো জঘন্যতঃ ॥ ২৮ ॥
কুলেষু জাতাঃ সর্ব্বে স্ম বিস্তীর্ণেষু[4] মহৎসু চ ।
অনার্য্যং[5] খলু যদ্ভীতাস্ত্যক্ত্বা ধৈর্য্যং পলায়থ ॥ ২৯ ॥
বিকত্থনানি[6] বো যানি যুদ্ধার্থং[7] জনসংসদি ।
তানি বঃ ক নু[8] যাতানি সোদগ্রাণি মহান্তি চ ॥ ৩০ ॥

২৭। লো-টী। অস্মিন্ মর্ত্ত্যধর্ম্মে শরীরে তিষ্ঠন্তো বর্ত্তমানাঃ ক কুত্র গতা মৃত্যোঃ সকাশাৎ।

২৮। লো-টী। জঘন্যতঃ পৃষ্ঠং প্রদর্শ্য অসংজ্ঞানাং যুদ্ধানভিজ্ঞানামিব গতায়ুষামিব দ্রবতাং নঃ স্ত্রীণাম্ ঔপয়িকঃ সামদানাদিজঃ ঘাতঃ স্ত্রীভির্বয়ং হন্তব্যাঃ উপায়ৈঃ সামদানাদিভিঃ, 'ত্রাসো' বা পাঠঃ। 'স্ত্রীণাং' 'নঃ' ইতি চ উভয়ত্র কর্ত্তৃকর্ম্মণোঃ ষষ্ঠী।

২৯। লো-টী। সর্ব্বে স্থ ভবথ। বিস্তীর্ণেষু খ্যাতেষু অসদ্ভীতা অসন্তো ভীতাঃ পলায়থ এতদনার্য্যং নার্য্যকৃতাং, 'যদ্ভীতা' ইতি বা পাঠঃ।

৩০। লো-টী। বিকত্থনানি আত্মশ্লাঘনানি। ক মনসি সূক্ষ্মদেহে স্থূলদেহে বা গতানি অন্যত্র বা।

অবস্থান কর, আমরা যুদ্ধ করিব, তোমাদের পলায়নে কি হইবে ? ॥ ২৬ ॥

হে শ্রেষ্ঠ বানরগণ, পলায়ন করিয়া পৃথিবী পরিভ্রমণ করিলেও তোমাদের [নিরাপদ] স্থান দেখি না, সকলেই নিবৃত্ত হও এবং যুদ্ধ করিতে থাক, এই মর্ত্ত্যধর্ম্মে অবস্থান করিয়া কোথায় গেলে মৃত্যুর হাত হইতে মুক্তি পাইবে ? ॥ ২৭ ॥

শস্ত্রহীন, সংজ্ঞাহীন, পলায়মান আসন্নমৃত্যু ও স্ত্রীলোকদিগের উপযুক্ত ভীতি তোমাদের পশ্চাতে স্থান পাইবার যোগ্য ॥ ২৮ ॥

তোমরা সকলেই সুবিস্তীর্ণ মহৎ বংশে জন্মগ্রহণ করিয়াছ, তোমরা যে ধৈর্য্য ত্যাগ করিয়া ভয়ে পলায়ন করিতেছ, ইহা উত্তম নহে ॥ ২৯ ॥

তোমরা জনসভায় যুদ্ধের জন্য শ্লাঘা প্রকাশ করিয়াছিলে, তোমাদের সেই

১। ছ 'তিষ্ঠত ক্ষত্র-'। ২। ছ '-ত্যোন'। ৩। ছ 'স্ত্রীভিরৌপয়িকো ঘাতঃ'। ৪। ছ 'খ্যাতেষু'। ৫। ছ 'অন্যায্যং'। ৬। ছ '-খিতানি'। ৭। ছ 'স্পর্দ্ধিতা জনসন্নিধৌ'। ৮। ছ 'প্রনষ্টানি বিশ্রুতানি বলানি চ'।

ভীরুপ্রবাদোপহতা[১] যদি জীবথ ধিক্কৃতাঃ।
মার্গং সৎপুরুষৈর্জুষ্টং সেবধ্বং ত্যজ্যতাং ভয়ম্ ॥ ৩১ ॥
শয়ামোহথ[২] পীহ বা যুদ্ধে পৃথিব্যাং ত্যক্তজীবিতাঃ।
অবাপ্নুয়াম বা[৩] কীর্ত্তিং হত্বা শত্রুং মহাহবে।
দুষ্প্রাপং ব্রহ্মলোকং তু[৪] প্রাপ্নুয়াম নিসূদিতাঃ[৫] ॥ ৩২ ॥
ন কুম্ভকর্ণঃ কাকুৎস্থং দৃষ্ট্বা জীবন্ গমিষ্যতি।
দীপ্যমানং সমাসাদ্য পতঙ্গো জ্বলনং যথা ॥ ৩৩ ॥
পলায়নেন স্বান্[৬] প্রাণান্ যদি রক্ষামহে বয়ম্।
একেন[৭] বহবো ভগ্না যশো নো যুধি নঙ্ক্ষ্যতি ॥ ৩৪ ॥

৩১। লো-টী। বানরা ভীরব ইতি প্রবাদাস্তৈরুপহতাঃ ধিক্কৃতাশ্চ 'ভীরুপ্রমাদোপহতা' ইতি পাঠে ভীরূণাং যুষ্মাকং প্রমাদেন যূয়মেব হতাঃ অল্পজীবিতাশ্চ ইহ শয়ামঃ।

৩৪। লো-টী। একপ্রভগ্নানাম্ একেন ভগ্নানাং বরং শ্রেষ্ঠং যশঃ নাশং গমিষ্যতি। 'একেন খলু ভগ্নানা'মিতি চ পাঠঃ ক্বচিৎ।

মহাউৎকট শ্লাঘা [এক্ষণে] কোথায় গেল ? ॥ ৩০ ॥

'ভীরু' অপবাদগ্রস্ত হইয়া যদি জীবিত থাক, তাহা হইলে ধিক্কারভাজন হইবে ; ভয় পরিত্যাগ কর, সৎপুরুষগণ যে পথ আশ্রয় করিয়াছেন, সেই পথ আশ্রয় কর ॥ ৩১ ॥

হয় আমরা এই যুদ্ধে প্রাণ হারাইয়া ধরাশায়ী হইব, অথবা মহাযুদ্ধে শত্রুসংহার করিয়া কীর্ত্তি অর্জ্জন করিব ; নিহত হইলে আমরা দুর্লভ ব্রহ্মলোকে গমন করিব ॥ ৩২ ॥

পতঙ্গ যেমন প্রজ্বলিত অগ্নির সান্নিধ্যে আসিয়া আর জীবিত অবস্থায় ফিরে না, সেইরূপ কুম্ভকর্ণ রামকে দেখিয়া জীবিত ফিরিবে না ॥ ৩৩ ॥

আমরা যদি পলায়নপূর্ব্বক স্ব স্ব প্রাণ রক্ষা করি, তাহা হইলে মাত্র একজনের আক্রমণে অনেকের পরাভবে আমাদের যুদ্ধের খ্যাতি নষ্ট হইবে ॥ ৩৪ ॥

১। ছ '-দো মহতাং'। ২। ছ 'শয়ীম হি হতা যুদ্ধে পৃথিব্যামল্পজীবিতাঃ'। ৩। ছ 'কীর্ত্তিং বা'। ৪। ছ 'বা'। ৫। ছ অতঃ পরং 'সমগ্রাঃ পুত্রদারৈর্ব্বা বিহরামো যথাসুখম্। কাননানি বিচিত্রাস্তো নদীঃ পথবনানি চ'॥ ইত্যধিকম্। ৬। ছ 'যত্তত্র প্রাণান্ রক্ষাম সংযুগে'। ৭। ছ 'বহূনামেকভগ্নানাং যশো নাশং গমিষ্যতি'।

[১]এবং ব্রুবাণং তং শূরমঙ্গদং বানরা ভয়াৎ।
বিদ্রবন্তস্তদা বাক্যমূচুঃ শূরবিগর্হিতম্ ॥ ৩৫ ॥
কৃতং নঃ কদনং ঘোরং কুম্ভকর্ণেন রক্ষসা।
ন স্থানকালো গচ্ছামো দয়িতং জীবিতং হি নঃ ॥ ৩৬ ॥
এতাবদুক্ত্বা প্লবগাঃ সর্ব্বে তে ভেজিরে দিশঃ।
ভীমং ভীমাক্ষমায়ান্তং দৃষ্ট্বা রাক্ষসমা[২]হবে ॥ ৩৭ ॥
[৩]দ্রবমাণাস্তু তে ত্রাসাদঙ্গদেন বলী[৪]য়সা।
সা[৫]ন্ত্বৈশ্চাপ্যভিমানৈশ্চ সর্ব্ব এব নিবর্ত্তি[৬]তাঃ ॥ ৩৮ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে যুদ্ধকাণ্ডে বানরাশ্বাসনং নাম
পঞ্চচত্বারিংশঃ সর্গঃ ॥ ৪৫ ॥

৩৬। লো-টী। কদনং পীড়া, স্থানকালঃ অবস্থিতিকালো ন ভবতি, অতো গচ্ছামঃ পলায়ামঃ হি যস্মাৎ উন্নসং বৃহন্নাসং রাক্ষসমাহ (?) বা পাঠঃ।

৩৮। লো-টী। বলীমুখাঃ, 'বলীয়সে'তি বা পাঠঃ। সান্ত্বৈঃ সামপ্রয়োগৈঃ অভিমানৈশ্চ রাজপুত্রপ্রণয়ৈঃ স্নেহৈরিত্যর্থঃ। যদ্বা, অভিমানৈঃ পশ্চাদ্ভাবিতৎকৃতহিংসাদিভিঃ, 'অভিমানোহর্থাদিদর্পে জ্ঞানে প্রণয়হিংসয়ো'রিত্যমরঃ।

[লো-টী।] সমুদিতাঃ অন্যৈঃ সম্যক্ কথিতা ভীমা বিক্রমা যেষাং তে।

লঙ্কাকাণ্ডে বানরাশ্বাসঃ ॥ ৪৫ ॥

বীর অঙ্গদ এইরূপ বলিলে ভয়ে পলায়মান বানরগণ তখন তাঁহাকে বীর-বিগর্হিত এই কথা বলিল—॥ ৩৫ ॥

রাক্ষস কুম্ভকর্ণ আমাদের ভীষণ পরাভব ঘটাইয়াছে, অবস্থানের সময় নাই, আমরা পলায়ন করিব, জীবন আমাদের প্রিয় বস্তু ॥ ৩৬ ॥

এই বলিয়া সেই বানরগণ সকলে ভীষণ-লোচনশালী ভীষণ রাক্ষসকে যুদ্ধে আগমন করিতে দেখিয়া চতুর্দ্দিকে পলায়ন করিতে লাগিল ॥ ৩৭ ॥

বলশালী অঙ্গদ ভয়ে পলায়মান সেই বানরগণের সকলকেই সান্ত্বনা ও প্রীতিপ্রদর্শনদ্বারা নিবর্ত্তিত করিলেন ॥ ৩৮ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের যুদ্ধকাণ্ডে বানরাশ্বাসন-নামক
৪৫শ সর্গ সমাপ্ত ॥ ৪৫ ॥

১। ছ 'এবমুক্ত্বা তু'। ২। ছ '-মুল্বনম'। ৩। ছ 'দ্রবন্তস্তত্র তে'। ৪। ছ 'বলীমুখাঃ'। ৫। ছ 'সান্ত্বনৈশ্চানুমানৈশ্চ'। ৬। ছ অতঃ পরং 'ততঃ পুনর্হরিবৃষভা মহৌজসস্তদাহবে গিরিতটপাদপায়ুধাঃ। যুযুৎসবঃ সমুদিতভীমবিক্রমা ব্যবস্থিতাঃ পরবলদর্পনাশনাঃ'॥ ইত্যধিকম্।

(৪৬) ষট্চত্বারিংশঃ সর্গঃ

তে নিবৃত্তা মহাকায়াঃ শ্রুত্বাঙ্গদবচস্তদা।
নৈষ্ঠিকীং বুদ্ধিমাস্থায় তস্থুঃ[১] সংগ্রামকাঙ্ক্ষিণঃ ॥ ১ ॥

সমুদীরিতবীর্য্যাস্তে সমারোপিতবিক্রমাঃ।
পর্য্যবস্থাপিতা বাক্যৈরঙ্গদেন বলীমুখাঃ[২] ॥ ২ ॥

চক্রুর্যুদ্ধং সুতুমুলং বানরাস্ত্যক্তজীবিতাঃ।
[৩]প্রহর্ষাদাগতোৎসাহা মরণে কৃতনিশ্চয়াঃ ॥ ৩ ॥

অথ বৃক্ষান্ মহাকায়ান্[৪] সানূনি সুমহান্তি[৫] চ।
বানরাস্তূর্ণমুৎপাট্য কুম্ভকর্ণমুপাদ্রবন্ ॥ ৪ ॥

১। লো-টী। নৈষ্ঠিকীং 'যুদ্ধমবশ্যং বয়ং করিষ্যাম' ইতি নিষ্ঠাং গতাং বুদ্ধিম্।
২। লো-টী। সমুদীরিতানি প্রকাশিতানি বীর্য্যাণি শক্তয়ো যৈস্তে। 'সমারোপিত-বিক্রমাঃ' কৃতবিক্রমাঃ।
৪। লো-টী। সানূনি প্রস্থানি পর্ব্বতৈকদেশানিতি যাবৎ, 'শৃঙ্গাণী'তি বা পাঠঃ।

তখন অঙ্গদের কথা শুনিয়া মহাকায় বানরগণ নিবৃত্ত হইয়া নৈষ্ঠিক বুদ্ধি অবলম্বনপূর্ব্বক সংগ্রামাকাঙ্ক্ষায় অবস্থান করিতে লাগিল ॥ ১ ॥

অঙ্গদ বাক্যদ্বারা বানরদিগকে অবস্থান করাইলেন, তিনি তাহাদের বীরত্বের কথা বলিলেন এবং তাহাদের উপর পরাক্রমের আরোপ করিলেন ॥ ২ ॥

বানরগণ আনন্দে উৎসাহিত হইয়া মৃত্যুর জন্য 'কৃতসংকল্প' হইল এবং জীবনের আশা ত্যাগ করিয়া যুদ্ধ করিতে লাগিল ॥ ৩ ॥

বানরগণ সত্বর বিশাল বিশাল বৃক্ষ ও সুবিশাল পর্ব্বতসানু উৎপাটিত করিয়া কুম্ভকর্ণের প্রতি ধাবিত হইল ॥ ৪ ॥

১। ছ 'সর্ব্বে'। ২। ছ-অতঃ পরং 'প্রহর্ষাদাগতামর্ষাঃ সংগ্রামে কৃতনিশ্চয়াঃ' ইত্যধিকম্। ৩। ছ ইদমর্দ্ধং নাস্তি। ৪। ছ '-কায়াঃ'। ৫। ছ 'চ মহান্তি চ'।

তান্ সমাপততো দৃষ্ট্বা কুম্ভকর্ণঃ প্রতাপবান্।
ব্যদ্রাবয়ৎ সুসংরব্ধো মেঘানিব সদাগতিঃ ॥ ৫ ॥
ততস্তু তং মহাবীর্য্যং নব বানরযূথপাঃ।
শিলাশ্চোদ্যম্য বিপুলাঃ কুম্ভকর্ণমুপাদ্রবন্ ॥ ৬ ॥
অঙ্গদঃ কুমুদো নীলো গবাক্ষশ্চন্দনো হরিঃ।
মৈন্দো[১]ঽথ দ্বিবিদশ্চৈব জাম্ববান্[২] বিনতস্তথা ॥ ৭ ॥
যুগপৎ প্রাহরন্ সর্ব্বে কুম্ভকর্ণে মহাবলে[৩]।
তস্য গাত্রে বিনির্ভগ্নাঃ[৪] শিলাঃ শৈলনিভাস্তথা।
ধ্বজং রথং খরাংশ্চৈব সূতঞ্চৈব ব্যপোথয়ন্[৫] ॥ ৮ ॥
সোঽবপ্লুত্য রথাদ্বীরঃ শূলমুদ্যম্য সত্বরঃ।
বেগেনাভ্যুৎপপাতাথ পক্ষবানিব পর্ব্বতঃ ॥ ৯ ॥

৫। লো-টী। সদাগতির্বায়ুঃ।
৮। লো-টী। বিনির্ভগ্না বিবিধপ্রকারেণ ভগ্নাঃ। 'বিভিন্নাস্তা' ইতি বা পাঠঃ।

প্রতাপশালী কুম্ভকর্ণ তাহাদিগকে আসিতে দেখিয়া অতিশয় ক্রুদ্ধ হইয়া বায়ু যেমন মেঘসমূহকে বিদ্রাবিত করে সেইরূপ তাহাদিগকে বিদ্রাবিত করিতে লাগিলেন ॥ ৫ ॥

তার পর অঙ্গদ, কুমুদ, নীল, গবাক্ষ, চন্দন, মৈন্দ, দ্বিবিদ, জাম্ববান্ ও বিনত এই নয়জন দলপতি বিশাল শিলা উত্তোলিত করিয়া কুম্ভকর্ণের প্রতি ধাবিত হইলেন ॥ ৬-৭ ॥

মহাবলশালী কুম্ভকর্ণের উপর তাঁহারা সকলেই একসঙ্গে প্রহার করিতে লাগিলেন। পর্ব্বতসদৃশ শিলাসমূহ তাঁহার গাত্রসংস্পর্শে খণ্ড খণ্ড হইয়া ধ্বজ, রথ, গর্দ্দভসমূহ ও সারথিকে নিহত করিল ॥ ৮ ॥

বীর কুম্ভকর্ণ ত্বরান্বিত হইয়া রথ হইতে লাফাইয়া পড়িয়া শূল উত্তোলনপূর্ব্বক

১। ছ 'মৈন্দশ্চ'। ২। ছ 'বলবান্'। ৩। ছ '-কর্ণং মহাবলম্'। ৪। '-ভিন্না'। ৫। ছ 'ন্যপাতয়ন্'

কুম্ভকর্ণঃ [১] সুসংক্রুদ্ধঃ শূলমুদ্যম্য সম্ভ্রমাৎ।
[২] আর্দ্দয়ৎ স মহাবেগঃ সমন্তাদ্বিক্ষিপন্ [৩] রিপূন্ ॥ ১০ ॥

শতানি সপ্ত চাষ্টৌ চ সহস্রাণি চ বানরাঃ।
[৪] বিকীর্ণাঃ শেরতে ভূমৌ কুম্ভকর্ণ [৫] নিপাতিতাঃ ॥ ১১ ॥

ষোড়শাষ্টৌ চ দশ চ ত্রিংশতং [৬] বিংশতিং তথা।
স [৭] সংগৃহ্য তু বাহুভ্যাং নিষ্পিপেষ [৮] চ রাক্ষসঃ ॥ ১২ ॥

যথা নলবনং নাগঃ প্রভিন্নকরটো বলী।
তথা বানরসৈন্যানি স [৯] মৃদ্নন্ পর্য্যধাবত ॥ ১৩ ॥

হনূমান্ শৈলশৃঙ্গাণি বৃক্ষাংশ্চ বিবিধান্ বহূন্।
ববর্ষ কুম্ভকর্ণস্য [১০] শরীরে বানরর্ষভঃ ॥ ১৪ ॥

১০। লো-টী। সংভ্রমাদ্ বেগাৎ, অর্দ্দয়ৎ অড়াগমাভাব আর্ষঃ।

১১। লো-টী। সপ্ত শতানি অষ্টৌ চ শতানীত্যন্বয়ঃ।

পক্ষযুক্ত পর্ব্বতের ন্যায় বেগে উৎপতিত হইলেন ॥ ৯ ॥

মহাবেগশালী সেই কুম্ভকর্ণ অতিশয় ক্রুদ্ধ হইয়া সত্বর শূল উত্তোলনপূর্ব্বক চারিদিকে নিক্ষিপ্ত করত শত্রুদিগকে সংহার করিতে লাগিলেন ॥ ১০ ॥

আড়াই হাজার বানর কুম্ভকর্ণকর্ত্তৃক নিহত হইয়া বিক্ষিপ্ত ও ধরাশায়ী হইল ॥ ১১ ॥

রাক্ষস কুম্ভকর্ণ আট, দশ, ষোল, বিশ ও ত্রিশটি করিয়া বানরকে বাহুপাশে গ্রহণ করিয়া নিষ্পেষিত করিতে লাগিলেন ॥ ১২ ॥

বলবান্ মত্তহস্তী যেমন নলবন বিধ্বস্ত করে, কুম্ভকর্ণ সেইরূপ বানরসৈন্য-দিগকে মর্দ্দিত করিয়া ধাবিত হইতে লাগিলেন ॥ ১৩ ॥

বানরশ্রেষ্ঠ হনুমান্ কুম্ভকর্ণের গাত্রে নানারকমের বহু বৃক্ষ ও পর্ব্বতশৃঙ্গ বর্ষণ করিতে লাগিলেন ॥ ১৪ ॥

১। ছ 'স সংক্রুদ্ধঃ'। ২। ছ 'অর্দ্দয়ন্ সুমহা-'। ৩। ছ 'হরীন্'। ৪। চ 'অশেরংস্তে হতা ভূ-'। ৫। ছ '-কর্ণেন রক্ষসা'। ৬। ছ 'ত্রিংশতিং'। ৭। চ 'সংপরিষ্বজ্য'। ৮। ছ 'স'। ৯। ছ 'মৃদ্নন্নপ্যধাবত'। ১০। ছ 'শিরস্যম্বরমাস্থিতঃ'।

তানি পর্ব্বতশৃঙ্গাণি শূলেন তু বিভেদ সঃ ।
বভঞ্জ[১] বৃক্ষবর্ষং চ কুম্ভকর্ণো মদোৎকটঃ[২] ॥ ১৫ ॥

ততো হরীণাং তদনীকমুগ্রং দুদ্রাব শূলং নিশিতং প্রগৃহ্য[৩] ।
তস্থৌ তু তস্যাপততঃ পুরস্তান্ মহীধরাগ্রং হনুমান্ গৃহীত্বা ॥১৬॥

স কুম্ভকর্ণং কুপিতো[৪] জঘান শৈলেন তেন প্লবগপ্রবীরঃ[৫] ।
স চাপি তেনাভিহতস্তরস্বী ন চুক্ষুভে কালসমপ্রভাবঃ ॥ ১৭ ॥

স শূলমাবিধ্য[৬] তড়িৎপ্রকাশং[৭] গিরিং যথা[৮] প্রজ্বলিতাগ্রশৃঙ্গম্[৯] ।
বাহ্বন্তরে মারুতিমাজঘান গুহোঽচলং ক্রৌঞ্চমিবোগ্রশক্ত্যা ॥ ১৮ ॥

১৬। লো-টী। আপততঃ আগচ্ছতঃ।

১৮। লো-টী। আবিধ্য ভ্রাময়িত্বা বাহ্বন্তরে বাহ্বোর্মধ্যে অচলং পর্ব্বতং, 'গুহেরিতা ক্রৌঞ্চমিবোগ্রশক্তি'রিতি পাঠঃ।

মদোন্মত্ত কুম্ভকর্ণ শূল দ্বারা সেই পর্ব্বতশৃঙ্গসমূহ বিদারিত করিলেন এবং নিক্ষিপ্ত বৃক্ষরাজি ভাঙ্গিয়া ফেলিলেন ॥ ১৫ ॥

তার পর কুম্ভকর্ণ শাণিত শূল গ্রহণ করিয়া সেই উগ্র বানরসৈন্যের প্রতি ধাবিত হইলেন। হনুমান্ পর্ব্বতশিখর গ্রহণ করিয়া সেই ধাবমান কুম্ভকর্ণের সম্মুখীন্ হইলেন ॥ ১৬ ॥

বানরশ্রেষ্ঠ হনুমান্ কুপিত হইয়া সেই পর্ব্বতদ্বারা কুম্ভকর্ণকে আঘাত করিলেন। কালতুল্য প্রভাবশালী বেগবান্ কুম্ভকর্ণ তদ্দ্বারা প্রহৃত হইয়াও বিচলিত হইলেন না ॥ ১৭ ॥

কার্ত্তিকেয় যেমন উগ্রশক্তি দ্বারা ক্রৌঞ্চপর্ব্বত বিদ্ধ করিয়াছিলেন, কুম্ভকর্ণ সেইরূপ হনুমানের বক্ষঃস্থলে বিদ্যুৎতুল্য প্রভাময় প্রজ্বলিত শিখরাগ্রযুক্ত পর্ব্বতের ন্যায় শূল বিদ্ধ করিলেন ॥ ১৮ ॥

১। ছ 'বিভেদ'। ২। ছ 'মহাবলঃ'। ৩। ছ 'নিগৃহ্য'। ৪। ছ '-তোঽভ্যুপেত্য'। ৫। ছ 'কপিপ্রবীরঃ' (?)। ৬। ছ '-মাদায়'। ৭। ছ'-প্রভাসং'। ৮। ছ 'গিরির্যথা'। ৯। ছ '-শৃঙ্গঃ'।

স শূলনির্ভিন্নমহাভুজান্তরঃ [১]সুবিহ্বলঃ শোণিতমু[২]দ্গিরন্ মুখাৎ।
ননাদ ভীমং হনুমান্ মহা[৩]হবে [৪]তপান্তমেঘস্তনিতো[৫]পমস্বরঃ ॥ ১৯ ॥

ততো বিনেদুঃ সহসা প্রহৃষ্টা রক্ষোগণাস্তং ব্যথিতং নিশম্য।
প্লবঙ্গমা[৬]শ্চাপি তদা ভয়ার্ত্তাঃ প্রদুদ্রুবুস্তে সহসৈব ভীতাঃ ॥ ২০ ॥

নীলশ্চিক্ষেপ শৈলাগ্রং কুম্ভকর্ণায় সংযুগে।
[৭]তমাপতন্তং সম্প্রেক্ষ্য মুষ্টিনাভিজঘান সঃ ॥ ২১ ॥

মুষ্টিপ্রহারাভিহতং শৈলাগ্রং তদ্ব্যশীর্য্যত।
সবিস্ফুলিঙ্গং সজ্বালং [৮]পপাত চ মহীতলে ॥ ২২ ॥

১৯। লো-টী। স বিহ্বলঃ অবশঃ।

২০। লো-টী। ভয়েন ঘোরেণ রক্ষসা আর্ত্তাঃ পীড়িতাঃ। 'প্লবঙ্গমাশ্চাপি হি তদ্ব্যথার্ত্তা' ইতি বা পাঠঃ। 'ভয়ং প্রতিভয়ে ঘোরে প্রসূনে কুজকস্য চে'তি কোষঃ।

২১। লো-টী। শৈলাগ্রং শৈলোত্তমম্। 'অগ্রোঽধিকে প্রধানে চ প্রথমে চাভিধেয়বদি'তি কোষঃ।

হনুমানের বিশাল বক্ষঃস্থল শূলদ্বারা বিদারিত হইল, হনুমান্ বিহ্বল হইয়া মুখদিয়া রক্ত বমন করিতে করিতে বর্ষাকালীন মেঘগর্জ্জনের ন্যায় গম্ভীরস্বরে মহাযুদ্ধে ভীষণ গর্জ্জন করিতে লাগিলেন ॥ ১৯ ॥

তার পর হনুমান্‌কে ব্যথিত দেখিয়া রাক্ষসগণ সহসা আনন্দিত হইয়া গর্জ্জন করিতে লাগিল এবং বানরগণ সহসা ভয়ার্ত্ত হইয়া পলায়ন করিতে লাগিল ॥ ২০ ॥

যুদ্ধে 'নীল' কুম্ভকর্ণের প্রতি পর্ব্বতাগ্র নিক্ষেপ করিলেন, তাহা পতিত হইতেছে দেখিয়া কুম্ভকর্ণ মুষ্টিদ্বারা আঘাত করিলেন ॥ ২১ ॥

তাঁহার মুষ্ট্যাঘাতে সেই পর্ব্বতশৃঙ্গ বিদারিত হইল এবং অগ্নিশিখা ও স্ফুলিঙ্গের সহিত ভূতলে পতিত হইল ॥ ২২ ॥

১। ছ 'সংবি-'। ২। ছ 'মুদ্বমন্'। ৩। ছ '-যশাঃ'। ৪। ছ 'যুগান্ত-'। ৫। ছ 'পমস্বনম্'। ছ '-শ্চাশু ভয়ার্দ্দিতাস্তদা'। ৭। ছ 'কুম্ভকর্ণস্তু তৎ প্রেক্ষ্য'। ৮। ছ 'নিপপাত ততো ভুবি'

তদ্দৃষ্ট্বা কুম্ভকর্ণস্য কর্ম্ম দারুণমাহবে।
ঋষভঃ শরভো নীলো গবাক্ষো গন্ধমাদনঃ।
পঞ্চ বানরশার্দ্দূলাঃ কুম্ভকর্ণমুপাদ্রবন্[1] ॥ ২৩ ॥
শৈলৈর্ব্বৃক্ষৈস্তলৈশ্চৈব মুষ্টিভিশ্চ মহাবলাঃ[2]।
কুম্ভকর্ণং মহাকায়ং তে সর্ব্বেঽভ্যহনন্[3] ভৃশম্ ॥ ২৪ ॥
স্পর্শানিব প্রহারাংস্তান্ মন্যমানো ন বিব্যথে।
ঋষভঞ্চ মহাবীর্য্যং বাহুভ্যাং পরিষস্বজে ॥ ২৫ ॥
কুম্ভকর্ণভুজাভ্যাং তু পীড়িতো বানরোত্তমঃ[4]।
স[5] পপাত ততো ভূমৌ মুখাচ্ছোণিতমুদ্বমন্[6] ॥ ২৬ ॥
মুষ্টিনা শরভং চাপি জানুনা নীলমাহবে।
আজঘান গবাক্ষঞ্চ তলেনেন্দ্ররিপুস্তথা[7] ॥ ২৭ ॥

২৬। লো-টী। 'স পপাত' ইত্যগ্রার্দ্ধপদ্যে 'পপাত ঋষভো ভূমৌ মুখাদাগতশোণিত' ইতি ক্বচিৎ পাঠঃ।

যুদ্ধে কুম্ভকর্ণের সেই দারুণ কার্য্য দর্শন করিয়া ঋষভ, শরভ, নীল, গবাক্ষ ও গন্ধমাদন এই পাঁচজন শ্রেষ্ঠ বানর কুম্ভকর্ণের সম্মুখীন হইলেন ॥ ২৩ ॥

মহাবলশালী তাঁহারা সকলে পর্ব্বত, বৃক্ষ, চপেট ও মুষ্টিদ্বারা মহাকায় কুম্ভকর্ণকে অত্যন্ত প্রহার করিতে লাগিলেন ॥ ২৪ ॥

কুম্ভকর্ণ সেই প্রহারগুলিকে স্পর্শ মাত্র মনে করিয়া ব্যথিত হইলেন না এবং মহাবলশালী 'ঋষভ'কে দুই বাহু দ্বারা আলিঙ্গন করিলেন ॥ ২৫ ॥

বানরশ্রেষ্ঠ ঋষভ কুম্ভকর্ণের ভুজদ্বয়ে পীড়িত হইয়া মুখদিয়া রক্ত বমন করিতে করিতে ভূতলে পতিত হইলেন ॥ ২৬ ॥

কুম্ভকর্ণ যুদ্ধে মুষ্টিদ্বারা শরভকে জানুদ্বারা নীলকে এবং গবাক্ষকে চপেটদ্বারা আঘাত করিলেন ॥ ২৭ ॥

১। ছ '-কর্ণং প্রদুদ্রুবুঃ'। ২। ছ '-বলম্'। ৩। ছ '-র্ব্বেঽপি প্রজঘ্নিরে'। ৪। ছ 'বানরর্ষভঃ'। ৫। ছ 'পপাত ঋষভো ভূমৌ'। ৬। ছ '-দাগতশোণিতঃ'। ৭। ছ '-স্তদা'।

প্রহারৈর্ব্যথিতাস্তে[1] তে মুমুহুঃ শোণিতোক্ষিতাঃ।
নিপেতুশ্চাপি মেদিন্যাং নিকৃত্তা ইব কিংশুকাঃ ॥ ২৮ ॥
তেষু বানরমুখ্যেষু পতিতেষু মহাত্মসু।
বানরাণাং সহস্রাণি কুম্ভকর্ণং প্রদুদ্রুবুঃ[2] ॥ ২৯ ॥
তে[3] শৈলমিব শৈলাভাঃ সমারুরুহুরুত্থিতাঃ[4]।
তং নখৈর্দশনৈশ্চৈব[5] জানুভির্মুষ্টিভিস্তলৈঃ[6]।
কুম্ভকর্ণং মহাকায়মভিজঘ্নুঃ পরস্পরম্[7] ॥ ৩০ ॥
তৈশ্চ[8] বানরসাহস্রৈঃ পরিক্ষিপ্তঃ সমন্ততঃ।
ররাজ রাক্ষসব্যাঘ্রো গিরিরাত্মরুহৈরিব ॥ ৩১ ॥

২৮। লো-টী। কিংশুকাঃ পলাশবৃক্ষাঃ।
৩০। লো-টী। 'দদংশুশ্চে'তি পাঠঃ, ক্বচিৎ ব্যনদংশ্চেতি। পরস্পরং মিলিত্বা। 'প্লবঙ্গমা' ইতি বা পাঠঃ।
৩১। লো-টী। পরিক্ষিপ্তো বেষ্টিতঃ আত্মরুহৈরিব বৃক্ষৈরিব।

তাঁহারা প্রহারে ব্যথিত ও রক্তাক্ত হইয়া মূর্চ্ছিত হইলেন এবং কর্ত্তিত পলাশবৃক্ষের ন্যায় ভূতলে পতিত হইলেন ॥ ২৮ ॥

সেই মহামনাঃ প্রধান প্রধান বানরগণ পতিত হইলে সহস্র সহস্র বানর কুম্ভকর্ণের দিকে ধাবিত হইল ॥ ২৯ ॥

পর্ব্বতসদৃশ সেই বানরগণ পর্ব্বততুল্য বিশালকায় কুম্ভকর্ণের উপরে আরোহণ করিল এবং নখ, দন্ত, জানু, মুষ্টি ও চপেটদ্বারা পরস্পর তাহাকে আঘাত করিতে লাগিল ॥ ৩০ ॥

পর্ব্বত যেমন উপরিসঞ্জাত বৃক্ষ বা ক্ষুদ্র পর্ব্বতাদি দ্বারা শোভা পায়, রাক্ষসশ্রেষ্ঠ কুম্ভকর্ণ চারিদিকে সেই সহস্র সহস্র বানরে পরিবেষ্টিত হইয়া সেইরূপ শোভা পাইতে লাগিলেন ॥ ৩১ ॥

১। ছ '-স্তৈস্তে-'। ২। '-র্ণমুপাদ্রবন্'। ৩। ছ 'তং'। ৪। ছ 'সর্ব্বতঃ প্লবগর্ষভাঃ'। ৫। ছ '-স্তদা'। ৬। ছ অতঃ পরং 'সমারুরুহুরুৎপত্য দদংশুস্তে মহাবলাঃ' ইত্যধিকম্। ৭। ছ 'প্লবঙ্গমাঃ।' ৮। ছ 'তৈঃ স'।

বাহুভ্যাং বানরান্ সর্ব্বানাকৃষ্য[1] স মহাবলঃ।
ভক্ষয়ামাস সংক্রুদ্ধো গরুড়ঃ পন্নগানিব ॥ ৩২ ॥
প্রক্ষিপ্তাঃ কুম্ভকর্ণেন বক্ত্রে পাতালসন্নিভে।
নাসাপুটাভ্যাং নিষ্পেতুঃ কর্ণাভ্যাং চৈব বানরাঃ[2] ॥ ৩৩ ॥
মাংসশোণিতসংক্লেদাং কুর্ব্বন্ ভূমিং স রাক্ষসঃ।
চচার হরিসৈন্যেষু কালাগ্নিরিব মূর্চ্ছিতঃ ॥ ৩৪ ॥
বজ্রহস্তো যথা শক্রঃ পাশহস্তো যথা যমঃ।
শূলহস্তো বভৌ তদ্বৎ[3] কুম্ভকর্ণো মহামৃধে ॥ ৩৫ ॥
যথা শুষ্কাণ্যরণ্যানি গ্রীষ্মে দহতি পাবকঃ।
তথা বানরসৈন্যানি স দদাহ মহাবলঃ ॥ ৩৬ ॥

৩৪। লো-টী। মূর্চ্ছিতঃ সোচ্ছ্রয় উচ্ছ্রয়বানিত্যর্থঃ। 'মূর্চ্ছিতমপি সোচ্ছ্রয়ে চ মূঢ়ে চে'তি কোষঃ। কালাগ্নিঃ প্রলয়কালাগ্নিরিব।

গরুড় যেমন সর্পদিগকে ভোজন করে, মহাবলশালী কুম্ভকর্ণ ক্রুদ্ধ হইয়া সেইরূপ সমস্ত বানরকে দুই বাহুদ্বারা আকর্ষণপূর্ব্বক ভক্ষণ করিতে লাগিলেন ॥ ৩২ ॥

কুম্ভকর্ণ বানরদিগকে পাতালতুল্য বদনবিবরে নিক্ষেপ করিলেন এবং তাহারা কর্ণ ও নাসিকা দিয়া বহির্গত হইতে লাগিল ॥ ৩৩ ॥

কুম্ভকর্ণ পৃথিবীকে মাংস ও শোণিত দ্বারা সিক্ত করিয়া বানরসৈন্যমধ্যে প্রদীপ্ত কালাগ্নির ন্যায় বিচরণ করিতে লাগিলেন ॥ ৩৪ ॥

মহাযুদ্ধে শূলধারী কুম্ভকর্ণ বজ্রধারী ইন্দ্র ও পাশধারী যমের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ৩৫ ॥

অগ্নি যেমন গ্রীষ্মকালে শুষ্ক অরণ্য দগ্ধ করে, মহাবলশালী কুম্ভকর্ণ সেইরূপ

১। ছ '-ন প্রগৃহ্য তু'। ২। ছ অতঃ পরং 'ভক্ষয়ামাস সংক্রুদ্ধো হরীন্ পর্ব্বতসন্নিভান্। বুবুধে ন প্রহারাংশ্চ পর্ব্বতাগ্রৈর্মহাবলঃ'। ইত্যধিকম্। ৩। ছ 'তস্মিন্'।

ততস্তে হন্যমানাস্তু হতযূথা বিনায়কাঃ ।
বানরা ভয়সংবিগ্না বিনেদুর্বিকৃতস্বরাঃ[১] ॥ ৩৭ ॥

ততো নিপীড্যমানাস্তে কুম্ভকর্ণেন বানরাঃ ।
রাঘবাভ্যাং সমাজগ্মুর্ব্যথার্ত্তা নষ্টচেতসঃ[২] ॥ ৩৮ ॥

তমাপতন্তং সংপ্রেক্ষ্য কুম্ভকর্ণং মহাবলম্ ।
উৎপপাত ততো বীরঃ সুগ্রীবো বানরাধিপঃ ॥ ৩৯ ॥

স[৩] সালবৃক্ষং সহসা সংপ্রগৃহ্য মহাকপিঃ[৪] ।
অভিদুদ্রাব বেগেন কুম্ভকর্ণং মহাহবে ॥ ৪০ ॥

---

৩৭ । লো-টী । বিকৃতস্বরাঃ বিশেষেণ কৃতস্বরা উচ্চৈঃস্বরা ইত্যর্থঃ । 'বিকৃতৈঃ স্বরৈ'রিতি বা পাঠঃ ।

৩৮ । লো-টী । 'যথা বিষ্ণুং দিবৌকসঃ' 'ব্যথার্ত্তা নষ্টচেতসঃ' ইতি বা পাঠঃ ।

৪০ । লো-টী । 'সশাখবৃক্ষং' 'স সালবৃক্ষ'মিতি বা পাঠঃ ।

বানরসৈন্যদিগকে দগ্ধ করিতে লাগিলেন ॥ ৩৬ ॥

তার পর সেই নায়কহীন যূথভ্রষ্ট বানরগণ হত্যার ভয়ে উদ্বিগ্ন হইয়া বিকৃত-স্বরে চীৎকার করিতে লাগিল ॥ ৩৭ ॥

তার পর সেই বানরগণ কুম্ভকর্ণকর্ত্তৃক নিপীড়িত হইয়া বেদনায় কাতর ও নিরুৎসাহ হইয়া রামলক্ষ্মণের সহিত সম্মিলিত হইল ॥ ৩৮ ॥

তার পর মহাবলশালী কুম্ভকর্ণকে আসিতে দেখিয়া বানররাজ বীর সুগ্রীব উৎপতিত হইলেন ॥ ৩৯ ॥

মহাযুদ্ধে মহাকপি সুগ্রীব সহসা শালবৃক্ষ গ্রহণ করিয়া বেগে কুম্ভকর্ণের প্রতি ধাবিত হইলেন ॥ ৪০ ॥

---

১ । ছ '-র্বিকৃতং স্বরম্' । ২ । ছ '-র্যথা বিষ্ণুং দিবৌকসঃ' । ৩ । ছ 'শাল-' । ৪ । ছ '-বলঃ' ।

কপিশোণিতদিগ্ধাঙ্গং ভক্ষয়ন্তং প্লবঙ্গমান্।

কুম্ভকর্ণং স্থিতং দৃষ্ট্বা সুগ্রীবো বাক্যমব্রবীৎ ॥ ৪১ ॥[১]

নিহতা মে ত্বয়া বীরাঃ কৃতং কৰ্ম্ম সুদুষ্করম্।

[২]ত্রাসিতানি চ সৈন্যানি প্রাপ্তং তে পরমং যশঃ ॥ ৪২ ॥

[৩]ত্যজৈতান্ বানরান্ সর্ব্বান্ কিমেভিস্ত্বং করিষ্যসি।

সহস্বৈকং নিপাতং মে সালবৃক্ষস্য রাক্ষস ॥ ৪৩ ॥

তদ্বাক্যং হরিরাজস্য সত্ত্বধৈর্য্যসমন্বিতম্।

শ্রুত্বা রাক্ষসশার্দ্দূলঃ কুম্ভকর্ণোঽব্রবীদ্বচঃ ॥ ৪৪ ॥

[গো-টী]। বিবৃতানি যুদ্ধার্থং বিস্তৃতানি সর্ব্বাণি নখমুখলাঙ্গূলাদীন্যঙ্গানি যেন সঃ বিবৃতসর্ব্বাঙ্গঃ। 'বিবৃতা ক্ষুদ্ররুগ্‌ভেদে বিস্তৃতে ত্বভিধেয়বদি'তি কোষঃ। 'বিকৃতসর্ব্বাঙ্গ' ইতি পাঠে বিকৃতানি বিকারং প্রাপিতানি সর্ব্বাঙ্গানি যেন সঃ।

৪৪। গো-টী। সত্ত্বধৈর্য্যসমন্বিতং সত্ত্বং বলং ধৈর্য্যঞ্চ তাভ্যাং সমন্বিতং 'সাধিক্ষেপ-সমন্বিত'মিতি বা পাঠঃ।

কুম্ভকর্ণ বানরদিগকে ভক্ষণ করিতেছেন, বানরের রক্তে তাঁহার গাত্র সিক্ত, সুগ্রীব তাঁহাকে তাদৃশ অবস্থায় দেখিয়া বলিলেন—॥ ৪১ ॥

তুমি আমার বহু বীরকে নিহত করিয়াছ, অতি দুষ্কর কার্য্য করিয়াছ, সৈন্যদিগকে সন্ত্রাসিত করিয়াছ এবং অত্যন্ত যশোলাভ করিয়াছ ॥ ৪২ ॥

এই সমস্ত বানরগণকে তুমি পরিত্যাগ কর, ইহাদিগকে দিয়া তুমি কি করিবে? হে রাক্ষস! তুমি আমার শালবৃক্ষের একটি আঘাত সহ্য কর ॥ ৪৩ ॥

রাক্ষসশ্রেষ্ঠ কুম্ভকর্ণ বানররাজ সুগ্রীবের বল ও ধৈর্য্যযুক্ত সেই বাক্য শ্রবণ করিয়া বলিতে লাগিলেন—॥ ৪৪ ॥

১। ছ অতঃ পরং 'তস্থৌ বিকৃতসর্ব্বাঙ্গো বানরেন্দ্রঃ সমুৎসুকঃ। তমাপতন্তং সংপ্রেক্ষ্য রাক্ষসং বানরাধিপঃ'। ইত্যধিকম্। ২। ছ 'ভক্ষিতানীহ'। ৩। ছ 'ত্যজ্যন্তাং বানরাঃ সর্ব্বে'।

প্রজাপতেস্তু পৌত্রস্ত্বং তথৈবক্ষ[১]রজঃসুতঃ।
জাতস্ত্বং তস্য চ ক্ষেত্রে ভাস্করেণ মহাত্মনা ॥ ৪৫ ॥

শ্রুতপৌরুষসম্পন্নঃ কস্মাদ্ গর্জসি বানর।
কর্ম্মণা দর্শয়াত্মানং যাবৎ ত্বাং প্রমথাম্যহম্ ॥ ৪৬ ॥

স কুম্ভকর্ণস্য বচো নিশম্য ব্যাবিধ্য সালং[২] সহসা মুমোচ।
তেনাজঘানোরসি কুম্ভকর্ণং বৃক্ষেণ কালানলসন্নিভেন[৩] ॥ ৪৭ ॥

স সালবৃক্ষঃ সহসা চ ভগ্নো[৪] ভুজান্তরে তস্য তদা নিমগ্নঃ।
ততো বিষেদুঃ সহসা প্লবঙ্গা[৫] রক্ষোগণাশ্চাপি মুদা বিনেদুঃ ॥ ৪৮ ॥

৪৫। লো-টী। প্রজাপতেঃ কশ্যপস্য ঋক্ষরাজস্য অক্ষিরজসঃ (?) সম্মতঃ প্রিয়ঃ 'বিশ্রুত' ইতি বা পাঠঃ, ইত্যেকং বাক্যম্, তস্য ক্ষেত্রে ত্বং জাত ইত্যপরম্।

৪৮। লো-টী। ভুজান্তরে নিমগ্নঃ পতিতঃ। স ন ভগ্নঃ 'তদা বিশালে' ইতি বা পাঠঃ।

তুমি প্রজাপতির পৌত্র এবং ঋক্ষরজার পুত্র, তুমি তাঁহার ক্ষেত্রে মহাত্মা ভাস্করের ঔরসে জন্মগ্রহণ করিয়াছ ॥ ৪৫ ॥

হে বানর, তুমি জ্ঞানী ও পরাক্রমশালী, তুমি গর্জ্জন করিতেছ কেন? যে পর্য্যন্ত আমি তোমাকে প্রমথিত করি, ততক্ষণ তুমি কার্য্যদ্বারা আত্মপরিচয় প্রদান কর ॥ ৪৬ ॥

সুগ্রীব কুম্ভকর্ণের কথা শুনিয়া সহসা একটি শালবৃক্ষ উৎপাটিত করিয়া নিক্ষেপ করিলেন এবং সেই কালানলতুল্য বৃক্ষদ্বারা কুম্ভকর্ণের বক্ষঃস্থলে প্রহার করিলেন ॥ ৪৭ ॥

সেই শালবৃক্ষ সহসা কুম্ভকর্ণের বক্ষঃস্থলে পতিত হইয়া ভাঙ্গিয়া গেল, তাহাতে বানরগণ বিষণ্ণ হইল এবং রাক্ষসগণ উল্লাসধ্বনি করিতে লাগিল ॥ ৪৮ ॥

১। ছ '-মৃক্ষরাজস্য সম্মতঃ'। ২। ছ 'শালং'। ৩। ছ '-সপ্রভেণ'। ৪। ছ 'বিভগ্নো'। ৫। ছ '-ঙ্গমা'।

স সালবৃক্ষাভিহতশ্চুকোপ জহাস[1] চৈবাথ বিবৃত্য বক্ত্রম্।
ব্যাবিধ্য[2] শূলঞ্চ তড়িৎপ্রকাশং চিক্ষেপ হর্য্যক্ষপতের্ব্বধায় ॥ ৪৯ ॥
তৎ কুম্ভকর্ণস্য ভুজপ্রসৃষ্টং শূলং শিতং কাঞ্চনবজ্রজুষ্টম্।
ক্ষিপ্রং সমুৎপত্য নিগৃহ্য দোর্ভ্যাং বভঞ্জ বীরস্তরসা বলেন ॥ ৫০ ॥
কৃতং ভারসহস্রেণ[3] শূলং কার্ষ্ণায়সং দৃঢ়ম্।
বভঞ্জ জানুমারোপ্য প্রহৃষ্টঃ প্লবগর্ষভঃ ॥ ৫১ ॥
স তং তদা ভগ্নমবেক্ষ্য শূলং চুকোপ রক্ষোঽধিপতির্মহাত্মা।
উৎপাট্য[4] শৃঙ্গং সহসাচলস্য জঘান সুগ্রীবমুপেত্য তেন ॥ ৫২ ॥

৪৯। লো-টী। বিবৃত্য ব্যাদায়, ব্যাবিধ্য ভ্রাময়িত্বা তঞ্চ শূলং 'শূলঞ্চে'তি বা পাঠঃ।
৫০। লো-টী। তরসা বেগেন, ভুজাপ্রসৃষ্টং ভুজয়া ভুজেন প্রসৃষ্টং ত্যক্তম্। 'প্রভুজ-প্রসৃষ্ট'মিতি বা পাঠঃ। 'ভুজা দ্বয়োঃ করে বাহৌ' ইতি কোষঃ। বজ্রো হীরকঃ, নিগৃহ্য গৃহীত্বা।
৫১। লো-টী। ভারঃ পলসহস্রদ্বয়ং, তৎসহস্রস্য কৃতং তৎসহস্রেণ নির্ম্মিতমিত্যর্থঃ। 'ভারঃ স্যাদ্বীবধে বিষ্ণৌ পলানাং দ্বিসহস্রকে' ইতি কোষঃ।
৫২। লো-টী। অচলস্য পর্ব্বতস্য।

কুম্ভকর্ণ শালবৃক্ষদ্বারা প্রহৃত হইয়া কুপিত হইয়া মুখব্যাদানপূর্ব্বক হাসিতে লাগিলেন এবং সুগ্রীবকে বধ করিবার জন্য বিদ্যুতের ন্যায় প্রভাময় শূল ভ্রামিত করিয়া নিক্ষেপ করিলেন ॥ ৪৯ ॥

বীর সুগ্রীব দ্রুত উল্লম্ফন করিয়া কুম্ভকর্ণের হস্তনিক্ষিপ্ত সেই সুবর্ণ ও হীরক-সমন্বিত শাণিত শূল দুই হাতে গ্রহণ করিয়া বলপূর্ব্বক ভাঙ্গিয়া ফেলিলেন ॥ ৫০ ॥

বানরশ্রেষ্ঠ সুগ্রীব সহস্র'ভার' কৃষ্ণলৌহনির্ম্মিত সেই দৃঢ় শূলকে সানন্দে জানুর উপর স্থাপন করিয়া ভাঙ্গিয়া ফেলিলেন ॥ ৫১ ॥

মহামনা রাক্ষসাধিপতি কুম্ভকর্ণ সেই শূল ভাঙ্গিয়া গেল দেখিয়া ক্রুদ্ধ হইলেন এবং সহসা পর্ব্বতশৃঙ্গ উৎপাটিত করিয়া সুগ্রীবের নিকট গমন করিয়া তদ্দ্বারা তাঁহাকে আঘাত করিলেন ॥ ৫২ ॥

১। ছ 'উচ্চৈর্জ্জহাসাথ'। ২। ছ 'তড়িৎপ্রভং স'। ৩। ছ '-স্রস্য'। ৪। ক '-মুৎপত্য'।

স শৈলশৃঙ্গাভিহতো বিসংজ্ঞঃ পপাত ভূমৌ যুধি বানরেন্দ্রঃ।
তং প্রেক্ষ্য[1] ভূমৌ পতিতং বিসংজ্ঞং নেদুঃ প্রহৃষ্টা যুধি যাতুধানাঃ ॥৫৩॥
তমভ্যুপেত্যাদ্ভুতঘোরবীর্য্যঃ[2] স কুম্ভকর্ণো যুধি বানরেন্দ্রম্।
জহার[3] সুগ্রীবমভিপ্রগৃহ্য যথানিলো মেঘমতিপ্রচণ্ডঃ[4] ॥ ৫৪ ॥
স[5] তং সমুৎপাট্য জগাম বীরঃ সংস্তূয়মানো যুধি রাক্ষসৌঘৈঃ।
শৃণ্বন্ নিনাদং ত্রিদিবালয়ানাং প্লবঙ্গরাজগ্রহবিস্মিতানাম্ ॥ ৫৫ ॥
ততস্তমাদায় তদা স মেনে হরীন্দ্রমিন্দ্রোপম[6]মিন্দ্রবীর্য্যঃ।
অস্মিন্ হতে সর্ব্বমিদং বিপন্নং[7] সরাঘবং সৈন্যমিতীন্দ্রশত্রুঃ[8] ॥ ৫৬ ॥

৫৪। লো-টী। জহার নীতবান্।

৫৫। লো-টী। উৎপাট্য গৃহীত্বা উত্তোল্য বা।

[লো-টী]। মেরুপ্রতিমানং মেরুতুল্যং স্থৌল্যে রূপং শরীরং যস্য সঃ। 'মেঘপ্রতিমানরূপ' ইতি পাঠঃ। মানং রূপকে উচ্চতায়াং দৃষ্টান্তঃ, গ্রহো গ্রহণং বিশস্তং হিংসিতম্।

বানররাজ সুগ্রীব যুদ্ধে পর্ব্বতশৃঙ্গের আঘাতে অচেতন হইয়া ভূতলে পতিত হইলেন, তাঁহাকে ভূপাতিত ও সংজ্ঞাহীন দেখিয়া রাক্ষসগণ রণক্ষেত্রে সানন্দে হুঙ্কার করিতে লাগিল ॥ ৫৩ ॥

অদ্ভুত এবং ভীষণ পরাক্রমশালী সেই কুম্ভকর্ণ যুদ্ধক্ষেত্রে বানররাজ সুগ্রীবের সমীপবর্ত্তী হইয়া অতি প্রচণ্ড বায়ু যেমন মেঘকে হরণ করে সেইরূপ সুগ্রীবকে ধারণপূর্ব্বক অপহরণ করিলেন ॥ ৫৪ ॥

বানরাজ সুগ্রীব ধৃত হওয়ায় দেবগণ বিস্মিত হইলেন, বীর কুম্ভকর্ণ সুগ্রীবকে উত্তোলিত করিয়া দেবগণের হাহাকার শ্রবণ করিতে করিতে গমন করিলেন, যুদ্ধক্ষেত্রে রাক্ষসগণ তাঁহার প্রশংসা করিতে লাগিল ॥ ৫৫ ॥

তার পর ইন্দ্রের শত্রু ইন্দ্রতুল্য পরাক্রমশালী কুম্ভকর্ণ ইন্দ্রতুল্য বানররাজ সুগ্রীবকে গ্রহণ করিয়া মনে করিলেন—"ইহাকে বধ করিলে রামের সহিত এই সমস্ত সৈন্যই বিপন্ন হইবে" ॥ ৫৬ ॥

১। ছ 'বীক্ষ্য'। ২। ছ '-রূপং'। ৩। ছ 'জগাম'। ৪। অতঃ পরং 'স তং মহামেঘনিকাশরূপমুৎপাট্য গচ্ছন্ যুধি কুম্ভকর্ণঃ। ররাজ মেঘঃপ্রতিমোহনুরূপো মেরুর্যথাত্যুচ্ছ্রিতচারুশৃঙ্গঃ' ॥ ইত্যধিকম্। ৫। ছ ততঃ। ৬। ক '-তুল্য-'। ৭। ছ 'বিনষ্টং'। ৮। ছ 'সেন্দ্রমিতীন্দ্রশত্রুঃ'।

বিদ্রুতাং বাহিনীং দৃষ্ট্বা বানরাণাং[1] ততস্ততঃ।
কুম্ভকর্ণেন সুগ্রীবং গৃহীতঞ্চ হরীশ্বরম্ ॥ ৫৭ ॥

হনূমাংশ্চিন্তয়ামাস মতিমান্ পবনাত্মজঃ।
এবং গৃহীতে সুগ্রীবে কিং কার্য্যং[2] বৈ ময়া ভবেৎ ॥ ৫৮ ॥

যৎ[3] তু ন্যায্যং ময়া কর্ত্তুং তৎ করিষ্যামি সর্ব্বথা।
মহাপর্ব্বতসঙ্কাশং নাশয়িষ্যামি রাক্ষসম্[4] ॥ ৫৯ ॥

ময়া হতে সম্প্রতি কুম্ভকর্ণে মহাবলে মুষ্টিনিপাতভগ্নে[5]।
বিমোক্ষিতে[6] বানরপার্থিবে চ ভবন্তু তুষ্টাঃ প্লবগাঃ সমস্তাঃ ॥ ৬০ ॥

অথবা স্বয়মেবৈষ আত্মানং[7] মোক্ষয়িষ্যতি।
গৃহীতো যদ্যপি ভবেৎ ত্রিদশৈর্[8]বানরাধিপঃ ॥ ৬১ ॥

৫৮। লো-টী। 'ময়ৈব চ' ইতি পাঠঃ। 'ময়া ভবেদি'তি বা পাঠঃ।
৬০। লো-টী। মুষ্টিবিকীর্ণদেহে মুষ্টিচ্ছিন্নদেহে।

সৈন্যদিগকে চারিদিকে পলায়ন করিতে দেখিয়া এবং বানররাজ সুগ্রীবকে কুম্ভকর্ণকর্ত্তৃক গৃহীত দেখিয়া পবননন্দন বুদ্ধিমান্ হনূমান্ চিন্তা করিতে লাগিলেন—সুগ্রীব এইভাবে ধৃত হইলে আমাদ্বারা কোন্ কার্য্য সাধিত হইবে ? ॥ ৫৭-৫৮ ॥

যাহা আমার করা উচিত তাহা সর্ব্বপ্রকারেই সম্পাদন করিব, আমি এই বিশাল পর্ব্বতসদৃশ রাক্ষসকে বধ করিব ॥ ৫৯ ॥

সম্প্রতি আমি মহাবলশালী কুম্ভকর্ণকে মুষ্ট্যাঘাতে নিহত করিলে এবং বানররাজ সুগ্রীবকে মুক্ত করিলে বানরগণ সকলে সন্তুষ্ট হইবে ॥ ৬০ ॥

অথবা—এই বানররাজ সুগ্রীব যদি দেবগণকর্ত্তৃকও ধৃত হন, তথাপি নিজেই নিজকে মুক্ত করিয়া লইবেন ॥ ৬১ ॥

১। ছ '-রাণামিতস্ততঃ'। ২। ছ 'কর্ত্তব্যং'। ৩। ছ 'যদ্বৈ'। ৪। ছ-অতঃ পরং 'মোচয়িষ্যামি সুগ্রীবং হত্বা তং দেবকণ্টকম্' ইত্যধিকম্। ৫। ছ '-বিকার্ণদেহে। ৬। ছ 'বিমোচিতে'। ৭। ছ 'মোক্ষং প্রাপ্স্যতি পার্থিবঃ'। ৮। ছ '-শৈঃ সমহোরগৈঃ'।

মন্যে ন তাবদাত্মানং বুধ্যতে বানরাধিপঃ।

শৈলপ্রহারাভিহতঃ কুম্ভকর্ণেন সংযুগে॥ ৬২॥

অয়ং মুহূর্ত্তাৎ[১] সুগ্রীবো লব্ধসংজ্ঞো মহাবলঃ।

আত্মনো বানরাণাঞ্চ যৎ পথ্যং তৎ করিষ্যতি॥ ৬৩॥

ময়া তু মোক্ষিতস্যাস্য[২] সুগ্রীবস্য মহাত্মনঃ।

অপ্রীতিশ্চ ভবেৎ কষ্টা কীর্ত্তিনাশশ্চ শাশ্বতঃ[৩]॥ ৬৪॥

তস্মান্মুহূর্ত্তং কাঙ্ক্ষিষ্যে বিক্রমং পার্থিবস্য তু[৪]।

ভিন্নঞ্চ বানরানীকং যাবদাশ্বাসয়াম্যহম্॥ ৬৫॥

ইত্যেবং চিন্তয়িত্বা স হনূমান্ মারুতাত্মজঃ।

ভূয়ঃ সংস্তম্ভয়ামাস বানরাণাং মহাচমূম্॥ ৬৬॥

৬৩। লো-টী। পথ্যং হিতম্।

৬৪। লো-টী। শাশ্বতঃ। নিরন্তরমকীর্ত্তিং জনা গাস্যন্তীত্যর্থঃ।

৬৫। লো-টী। ভিন্নং বিদারিতম্।

৬৬। লো-টী। সংস্তম্ভয়ামাস স্থিরীচকার।

মনে হয়, বানররাজ যুদ্ধে কুম্ভকর্ণের শৈলপ্রহারে আহত হইয়া আত্মবোধ হারাইয়া ফেলিয়াছেন॥ ৬২॥

এই মহাবলশালী সুগ্রীব মুহূর্ত্তমধ্যেই সংজ্ঞালাভ করিয়া নিজের এবং বানরদের যাহা হিতকর তাহা করিবেন॥ ৬৩॥

আমি যদি এই মহাত্মা সুগ্রীবকে মুক্তিদান করি, তাহা হইলে ইঁহার কষ্টদায়ক অসন্তোষ এবং চিরদিনের জন্য কীর্ত্তিক্ষয় হইবে॥ ৬৪॥

সুতরাং আমি মুহূর্ত্তকাল মহারাজ সুগ্রীবের বিক্রমপ্রকাশের আকাঙ্ক্ষা করিব। ততক্ষণ বিচ্ছিন্ন বানরসৈন্যদিগকে আশ্বাসিত করি॥ ৬৫॥

সেই পবননন্দন হনুমান্ এইরূপ চিন্তা করিয়া বিশাল বানরবাহিনীকে পুনরায় সুস্থির করিলেন॥ ৬৬॥

১। ছ 'অস্মিন্ মুহূর্ত্তে'। ২। ছ 'মোক্ষিতে তস্মিন্'। ৩। ছ 'জায়তে'। ৪। ছ 'চ'।

কৃচ্ছ্রেণ[১] চ সমাশ্বস্য সংগম্য চ ততস্ততঃ।
বৃক্ষাদ্রিহস্তা হরয়স্তস্থুঃ[২] সংগ্রামমূর্দ্ধনি ॥ ৬৭ ॥
স কুম্ভকর্ণোঽথ[৩] বিবেশ লঙ্কাং স্ফুরন্তমাদায় মহাহরীশম্[৪]।
[৫]বিমানচর্য্যাগৃহগোপুরস্থৈর্মাল্যোপবর্ষৈরবকীর্য্যমাণঃ ॥ ৬৮ ॥
ততঃ স সংজ্ঞাং প্রতিলভ্য কৃচ্ছ্রাদ্ বলীয়সস্তস্য ভুজান্তরস্থঃ।
অবেক্ষমাণঃ পুররাজমার্গং বিচিন্তয়ামাস মুহুর্মহাত্মা ॥ ৬৯ ॥
এবং গৃহীতেন কথং[৬] তু নাম শক্যং ময়া সম্প্রতিকর্ত্তুমদ্য।
তথা করিষ্যামি যথা হরীণাং ভবিষ্যতীষ্টং মম চাপি[৭] পথ্যম্ ॥ ৭০ ॥

৬৭। লো-টী। সংগ্রামমূর্দ্ধনি তস্থুঃ 'আলেখিতা ইবে'তি পাঠে চিত্রিতা ইব।

৬৮। লো-টী। বিমানচর্য্যা বিমানে চর্য্যা চরণং গমনং যাসাং তা বিমানোপচারিণ্য-স্তাভির্গৃহাদিস্থিতৈর্জনৈশ্চ, 'বিমানপূর্য্যাগৃহগোপুরস্থৈ'রিতি পাঠে বিমানপুরি যে যান্তি তে বিমান-পূর্য্যাস্তৈশ্চ গৃহগোপুরস্থৈশ্চেত্যর্থঃ। মাল্যাগ্রবর্ষৈর্মাল্যানাং পুষ্পাণামগ্রে প্রথমে বর্ষং বর্ষণং যেষাং লাজাদীনাং তৈঃ পশ্চাৎ লাজাদিভিরবকীর্য্যমাণ ইত্যর্থঃ।

বানরগণ বহুকষ্টে আশ্বস্ত হইয়া এবং চারিদিক্ হইতে সম্মিলিত হইয়া বৃক্ষ ও পর্ব্বত হস্তে সংগ্রামের পুরোভাগে অবস্থান করিতে লাগিল ॥ ৬৭ ॥

এদিকে কুম্ভকর্ণ কম্পমান বানররাজ সুগ্রীবকে লইয়া বিমান, বিহারভবন ও পুরদ্বারে অবস্থিত ব্যক্তিবৃন্দের মাল্যবর্ষণে আচ্ছাদিত হইয়া লঙ্কায় প্রবেশ করিলেন ॥ ৬৮ ॥

তার পর বলবান্ কুম্ভকর্ণের ভুজমধ্যস্থিত মহাত্মা সুগ্রীব অতিকষ্টে সংজ্ঞা লাভ করিয়া পুরমার্গ অবলোকন করিতে করিতে পুনঃ পুনঃ চিন্তা করিতে লাগিলেন—॥ ৬৯ ॥

আমি এইরূপে ধৃত হইয়াছি, এক্ষণে কিরূপে ইহার প্রতীকার করিতে পারি? এইরূপ কিছুই করিব, যাহাতে বানরদিগের অভীষ্ট সিদ্ধ হয় এবং আমারও মঙ্গল হয় ॥ ৭০ ॥

১। ছ 'তু'। ২। ছ '-স্তুরালিখিতা ইব'। ৩। ছ '-র্ণঃ প্রবি-'। ৪। ছ 'ততো হরী'। ৫। ছ 'প্রাসাদবপ্রালয়-'। ৬। ছ '-মু'। ৭। ছ 'চৈব'।

ততঃ করাগ্রৈঃ সহসোর্দ্ধমেত্য রাজা হরীণামমরেন্দ্রশত্রোঃ[১]।
চকর্ত্ত কর্ণৌ দশনৈশ্চ নাসাং দদার পার্শ্বেষু চ কুম্ভকর্ণম্ ॥ ৭১ ॥

স কুম্ভকর্ণো হৃতকর্ণনাসো ভৃশং[২] নদন্ বেদনয়ার্দ্দিতশ্চ।
রোষাভিভূতো[৩] রুধিরোক্ষিতশ্চ সুগ্রীবমাবিধ্য পিপেষ ভূমৌ ॥ ৭২ ॥

স ভূতলে ন্যস্তঃ[৪] কপিপ্রবীরঃ সুরারিভিস্তৈরভিহন্যমানঃ।
জগাম বেগাদ্বিয়দভ্যুপেত্য[৫] পুনশ্চ রামং[৬] সহসা জগাম[৭] ॥ ৭৩ ॥

কর্ণনাসাবিহীনস্তু[৮] কুম্ভকর্ণো মহাবলঃ।
ররাজ শোণিতোৎসেকৈর্গিরিঃ প্রস্রবণৈরিব ॥ ৭৪ ॥

৭২। লো-টী। হৃতৌ ছিন্নৌ কর্ণৌ নাসে চ যস্য সঃ। বমন্ রক্তমিত্যর্থঃ। 'রসন্নি'তি পাঠে শব্দং কুর্ব্বন্ 'নদন্নি'তি বা পাঠঃ। আবিধ্য ভ্রাময়িত্বা পিপেষ ভূমৌ চূর্ণীকর্ত্তুমুদ্যতঃ।

৭৩। লো-টী। ন্যস্তকপিপ্রবীরঃ কুম্ভকর্ণঃ 'ভীমবলো নিপিষ্ট' ইতি বা পাঠঃ। বিয়ৎ আকাশম্ অভ্যুপেত্য প্রাপ্য।

[লো-টী]। তমাপতন্তুং ক্ষৈঃ (?) প্রসমীক্ষ্য সর্ব্বে ইতি 'তমাগতন্তার্ক্ষ্যমিবাপতন্তং সমীক্ষ্যে'তি ক্বচিৎ। সুসংহিতঃ সুমঙ্গলঃ।

৭৪। লো-টী। শোণিতোৎসেকৈঃ শোণিতোদ্রেকৈঃ, প্রস্রবণৈর্বা বিপ্রহারৈঃ (?)।

তার পর বানররাজ সুগ্রীব সহসা ঊর্দ্ধে উত্থিত হইয়া করাগ্রভাগদ্বারা কুম্ভকর্ণের কর্ণদ্বয় ছেদন করিলেন, দন্তদ্বারা তাহার নাসিকা কর্ত্তন করিলেন এবং পার্শ্বদেশ বিদারিত করিলেন ॥ ৭১ ॥

কর্ণ ও নাসিকাবিহীন সেই কুম্ভকর্ণ বেদনায় কাতর হইয়া রক্তাক্ত দেহে অতিশয় আর্ত্তনাদ করিতে করিতে ক্রোধাভিভূত হইয়া সুগ্রীবকে চাপিয়া ধরিয়া ভূতলে নিষ্পেষিত করিতে লাগিলেন ॥ ৭২ ॥

বানরশ্রেষ্ঠ সুগ্রীব ভূতলে সন্নিবেশিত এবং সেই রাক্ষসগণকর্ত্তৃক প্রহৃত হইয়া সহসা বেগে আকাশে আরোহণ করিলেন এবং পুনরায় রামের সমীপে গমন করিলেন ॥ ৭৩ ॥

কর্ণ ও নাসিকাবিহীন মহাবলশালী কুম্ভকর্ণ রক্তধারায় প্রস্রবণযুক্ত পর্ব্বতের

১। ছ '-ণাঞ্চ মহেন্দ্রশত্রোঃ'। ২। ছ 'ভৃশন্তু তদ্বেদনয়া-'। ৩। ছ '-ভূতঃ ক্ষতজাভিষিক্তঃ'। ৪। ছ 'ভীমবলো নিবিষ্টঃ'। ৫। ছ 'খং বেগবলাভ্যুপেতঃ'। ৬। ছ 'রামেণ সমাজগাম'। ৭। ছ অতঃ পরং 'তমাগতং তার্ক্ষ্যমিবাপতন্তং সমীক্ষ্য হৃষ্টা যুধি বানরেন্দ্রাঃ। স চাপি বেগেন মহানুভাবং সমেত্য রামেণ সুসংহিতোঽভূৎ'। ইত্যধিকম্। ৮। ছ '-শ্চ'।

ততঃ স পূর্য্যাঃ[১] সহসা মহাত্মা নিষ্ক্রম্য তদ্বানরসৈন্যমুগ্রম্।
অভক্ষয়ৎ ক্রোধবিবৃত্তনেত্রঃ প্রজা যুগান্তেঽগ্নিরিব প্রদীপ্তঃ॥ ৭৫॥

বুভুক্ষিতঃ শোণিতমাংসগৃধ্নুঃ[২] প্রবিশ্য তদ্বানরসৈন্যমাশু[৩]।
চখাদ রক্ষাংসি হরীংশ্চ রক্ষ ঋক্ষাংশ্চ মোহাদ্ যুধি কুম্ভকর্ণঃ॥ ৭৬॥

একং দ্বৌ ত্রীন্ বহূংশ্চাপি বানরান্ রাক্ষসৈঃ সহ।
সমাদায়ৈকহস্তেন মুখে প্রক্ষিপতি[৪] স্ম সঃ॥ ৭৭॥

মুখপ্রস্রুতমেদোঽসৃগ্ ঘোররূপঃ স রাক্ষসঃ।
বর্দ্ধমানো নগেন্দ্রাভো ভক্ষয়ামাস বানরান্॥ ৭৮॥

৭৫। লো-টী। 'ততঃ স' ইতি পাঠঃ, 'পুনঃ স' ইতি বা পাঠঃ। ক্রোধেন বিবৃত্তে বিপরীততাং প্রাপ্তে নেত্রে যস্য সঃ।

৭৬। লো টী। শোণিতমাংসগৃধ্নুঃ তৎসাকাঙ্ক্ষঃ কুম্ভকর্ণো রক্ষ ইত্যন্বয়ঃ। ঋক্ষান্ ভল্লুকান্ মোহাৎ ক্রোধেন স্বপরজ্ঞানশূন্যান্ (?)।

৭৮। লো-টী। মুখাৎ প্রস্রুতং নিঃসৃতং যৎ মেদো মাংসবিশেষঃ অসৃক্ চ তাভ্যাং ঘোররূপঃ।

ন্যায় শোভা পাইতে লাগিলেন॥ ৭৪॥

ক্রোধে তাঁহার নেত্র ঘূর্ণিত হইতে লাগিল। প্রলয়কালে প্রদীপ্ত অগ্নি যেমন লোক সংহার করে, সেইরূপ মহাত্মা কুম্ভকর্ণ পুরমধ্য হইতে নিষ্ক্রান্ত হইয়া সেই উগ্র বানরসৈন্যদিগকে ভক্ষণ করিতে লাগিলেন॥ ৭৫॥

রক্ত ও মাংসলোলুপ বুভুক্ষিত রাক্ষস কুম্ভকর্ণ সত্বর সেই বানরসৈন্যমধ্যে প্রবেশ করিয়া ভ্রমক্রমে বানর, ভল্লুক ও রাক্ষসদিগকে ভক্ষণ করিতে লাগিলেন॥ ৭৬॥

তিনি রাক্ষসদিগের সহিত এক, দুই, তিন বা বহুসংখ্যক বানরকে এক হস্তে গ্রহণ করিয়া মুখমধ্যে নিক্ষেপ করিতে লাগিলেন॥ ৭৭॥

ভীষণাকৃতি বর্দ্ধিতকায় পর্ব্বততুল্য রাক্ষস কুম্ভকর্ণ বানরদিগকে ভক্ষণ

১। ছ 'ভূয়ঃ'। ২। ছ '-গৃধ্রঃ'। ৩। ছ '-মুগ্রম্'। ৪। ছ 'প্রচিক্ষেপ মুখে তদা'।

তে বধ্যমানা হরয়ো রামং জগ্মুস্তদা গতিম্।
রাঘবশ্চ[১] সমুৎপত্য ধনূরত্নং সমাদদে ॥ ৭৯ ॥
স চাপমাদায় ভুজঙ্গকল্পং[২] দৃঢ়জ্যমুগ্রং তপনীয়পৃষ্ঠম্।
হরীন্ সমাশ্বাস্য সমুৎপপাত রামো[৩] নিবদ্ধোত্তমবাণতূণঃ[৪] ॥ ৮০ ॥
স বানরগণৈস্তৈস্তু বৃতঃ পরপুরঞ্জয়ঃ।
লক্ষ্মণানুচরো রামঃ সংপ্রতস্থে মহাধনুঃ ॥ ৮১ ॥

৭৯। লো-টী। গতিং সরণং 'মহাবল'মিতি বা পাঠঃ। সমুৎপত্য সমাগম্য।
৮০। লো-টী। 'ভুজঙ্গকল্প'মিতি দৈর্ঘ্যেণ তুলনা, দৃঢ়া জ্যা গুণো যস্মিন্ তৎ।

করিতে লাগিলেন, তাঁহার মুখ হইতে মেদ ও রক্ত প্রবাহিত হইতে লাগিল ॥ ৭৮ ॥

বানরগণ আহত হইয়া রামের শরণাপন্ন হইল, রামচন্দ্রও উত্থানপূর্ব্বক শ্রেষ্ঠ ধনুক গ্রহণ করিলেন ॥ ৭৯ ॥

সেই রাম উত্তম বাণপূর্ণ তূণ বন্ধন করিয়া এবং দৃঢ়-জ্যাযুক্ত পশ্চাদ্ভাগে স্বুবর্ণ-মণ্ডিত সর্পতুল্য ভীষণ ধনুক গ্রহণ করিয়া বানরদিগকে আশ্বাস দানপূর্ব্বক উত্থিত হইলেন ॥ ৮০ ॥

শত্রুপুরবিজয়ী রামচন্দ্র সেই বানরবৃন্দে পরিবৃত হইয়া মহাধনুঃ ধারণপূর্ব্বক লক্ষ্মণের সহিত প্রস্থান করিলেন ॥ ৮১ ॥

১। ছ '-বোঽপি'। ২। ছ '-কল্পম্'। ৩। ছ 'রামস্তদা তূণগৃহীতবাণঃ'। ৪। ছ-পুস্তকে অতঃ পরং 'পুরস্তাদ্রাঘবস্যার্থে গদাপাণির্বিভীষণঃ। অভিদুদ্রাব বেগেন ভ্রাতা ভ্রাতরমাহবে ॥ বিভীষণং পুরো দৃষ্ট্বা কুম্ভকর্ণোঽব্রবীদিদম্। প্রহরস্ব রণে শীঘ্রং ক্ষাত্রধর্ম্মে স্থিতো ভব। ভ্রাতৃস্নেহং পরিত্যজ্য রাঘবস্য প্রিয়ং কুরু ॥ অস্মৎকার্য্যং কৃতং বৎস যত্ত্বং রামমুপাগতঃ। ত্বমেকো রক্ষসাং লোকে সত্যধর্ম্মানুরক্ষিতা ॥ নাস্তি সত্যাভিষিক্তানাং ব্যসনন্তু কদাচন। সন্তানার্থং ত্বমেবৈকঃ কুলস্যাস্য ভবিষ্যসি ॥ রাঘবস্য প্রসাদাচ্চ রক্ষসাং রাজ্যমাপ্স্যসি। প্রকৃত্যা ক্ষান্তিদুর্দ্ধর্ষ শীঘ্রং মার্গাদপাক্রম ॥ ন স্থাতব্যং পুরস্তান্মে সংভ্রমান্নষ্টচেতসঃ। ন বেদ্মি সংযুগে মত্তঃ স্বান্ পরান্ বা নিশাচর। রক্ষণীয়োঽসি মে বৎস সত্যমেতদ্ব্রবীমি তে ॥ এবমুক্তবচস্তেন কুম্ভকর্ণেন ধীমতা। বিভীষণো মহাবাহুঃ কুম্ভকর্ণমভাষত ॥ গদিতং মে কুলস্যাস্য রক্ষণার্থমরিন্দম। ন কৃতং সর্ব্বরক্ষোভিস্তেনাহং রামমাগতঃ ॥ তৎ ক্ষন্তব্যং হি ভবতা স্বকৃতং দুষ্কৃতন্ন বা। এবমুক্ত্বাশ্রুপূর্ণাক্ষো গদাপাণির্ব্বিভীষণঃ। একান্তমাশ্রিতো ভূত্বা চিন্তয়ামাস তৎক্ষয়ম্'। ইত্যধিকম্।

স দদর্শ মহাত্মানং কিরীটিনমবস্থিতম্।
শোণিতপ্লুতসর্ব্বাঙ্গং কুম্ভকর্ণং মহাবলম্॥ ৮২ ॥
সর্ব্বান্ সমভিধাবন্তং যথা দুষ্টং মহাগজম্।
মার্গমাণং হরীন্ ক্রুদ্ধং রাক্ষসৈঃ[১] পরিবারিতম্॥ ৮৩ ॥
বিন্ধ্যমন্দরসঙ্কাশং কাঞ্চনাদ্ভুতভূষণম্[২]।
স্রবন্তং রুধিরং গাত্রান্[৩]মহামোহসমন্বিতম্[৪]॥ ৮৪ ॥
লেলিহানমসৃগ্ বক্ত্রাজ্জিহ্বয়া শোণিতোক্ষিতম্।
মর্দ্দন্তং[৫] বানরান্ সংখ্যে কালান্তকযমোপমম্॥ ৮৫ ॥
তং দৃষ্ট্বা রাক্ষসশ্রেষ্ঠং প্রদীপ্তমিব তেজসা।
রামো বিস্ফারয়ামাস কার্ম্মুকং পুরুষর্ষভঃ॥ ৮৬ ॥

৮২-৮৫। লো-টী। 'স দদর্শ' ইত্যাদি। 'কালান্তকযমোপম'মিত্যন্তেন চতুষ্টয়েনান্বয়ঃ। বক্ত্রাক্রুধিরং স্রবন্তমুদ্‌গিরন্তম্ অসৃক্ রক্তং লেলিহানং রক্ষঃ কুম্ভকর্ণমিত্যন্বয়ঃ। মহাত্মানং স্রবন্তং খাদন্তমিত্যাদি বিশেষণং কুম্ভকর্ণস্য। অসৃক্ রক্তং জিহ্বয়া লেলিহানম্ 'অসৃগ্বক্ত্র'মিতি পাঠে অসৃগ্‌যুক্তবক্ত্রম্, লেলিহানং সৃক্কণীমিতি শেষঃ।

৮৬। লো-টী। বিস্ফারয়ামাস কার্ম্মুকং ধ্বনিযুক্তং চকার। 'বিস্ফারো ধনুষাং ধ্বনি'রিতি রত্নমালা।

তিনি দেখিলেন—কিরীটধারী মহাবলশালী মহাত্মা কুম্ভকর্ণ সর্ব্বাঙ্গে রক্তাপ্লুত হইয়া অবস্থান করিতেছেন॥ ৮২ ॥

কুম্ভকর্ণ ক্রুদ্ধ হইয়া বিশালকায় দুষ্ট হস্তীর ন্যায় সকলের দিকে ধাবিত হইতেছেন, বানরদিগকে অন্বেষণ করিতেছেন এবং রাক্ষসগণ তাঁহাকে ঘিরিয়া রহিয়াছে॥ ৮৩ ॥

বিন্ধ্য এবং মন্দরপর্ব্বতসদৃশ কুম্ভকর্ণ অদ্ভুত সুবর্ণালঙ্কারে অলংকৃত, তাঁহার গাত্র হইতে রুধিরস্রাব হইতেছে, তিনি মহামোহসমন্বিত॥ ৮৪ ॥

তিনি রক্তাক্ত এবং জিহ্বাদ্বারা মুখমণ্ডল হইতে রক্ত লেহন করিতেছেন, তিনি যুদ্ধে কালান্তক যমের ন্যায় বানরদিগকে মর্দ্দিত করিতেছেন॥ ৮৫ ॥

পুরুষশ্রেষ্ঠ রাম সেই তেজোদীপ্ত রাক্ষসশ্রেষ্ঠ কুম্ভকর্ণকে দেখিয়া ধনুক

১। ছ '-সৈর্ব্বহুভির্ব্বৃতম্'। ২। ছ '-অদভু-'। ৩। ছ '-বক্ত্রা-'। ৪। ছ '-মেঘমিবোত্থিতম্'। ৫। ছ 'খাদন্তং'।

স তস্য ধনুর্নির্ঘোষং শ্রুত্বা চ নৈঋর্তর্ষভঃ।[১]
অমৃষ্যমাণস্তং ঘোষমভিদুদ্রাব রাঘবম্ ॥ ৮৭ ॥
তস্মিন্ কালে সুমিত্রায়াঃ পুত্রঃ পরবলার্দ্দনঃ।
প্রাদুশ্চক্রে মহাঘোরমস্ত্রমস্ত্রবিশারদঃ[২] ॥ ৮৮ ॥
স কুম্ভকর্ণস্য শরান্ শরীরে সপ্ত বীর্য্যবান্।
নিচখানাদদে চান্যান্ বিসসর্জ চ লক্ষ্মণঃ ॥ ৮৯ ॥
অতিক্রম্য তু[৩] সৌমিত্রিং কুম্ভকর্ণো মহাবলঃ।
রামমেবাভিদুদ্রাব নাদয়ন্নিব মেদিনীম্ ॥ ৯০ ॥

৮৭। লো-টী। ধনুর্নির্ঘোষম্ উকারান্তোঽপি ধনুশব্দঃ। 'ধনুঃ পুমান্ পিয়ালদ্রৌ রাশিভেদে শরাসনে' ইতি নদ্বিতয়ে কোষঃ। 'চাপনির্ঘোষ'মিতি বা পাঠঃ। 'তঞ্চৈন'মিতি পাঠঃ, 'তং ঘোষং' বা।

৮৯। লো-টী। নিচখান প্রবেশয়ামাস।

বিস্ফারিত করিলেন ॥ ৮৬ ॥

রাক্ষসশ্রেষ্ঠ কুম্ভকর্ণ রামের ধনুকের শব্দ শুনিয়া তাহা সহ্য করিতে না পারিয়া তাঁহার অভিমুখে ধাবিত হইলেন ॥ ৮৭ ॥

সেই সময়ে শত্রুসৈন্য-নিসূদন অস্ত্রবিশারদ সুমিত্রানন্দন লক্ষ্মণ অতিভীষণ অস্ত্র নিষ্কাশিত করিলেন ॥ ৮৮ ॥

বীর্য্যবান্ লক্ষ্মণ কুম্ভকর্ণের গাত্রে সাতটী শর প্রোথিত করিলেন এবং আরও শর লইয়া নিক্ষেপ করিতে লাগিলেন ॥ ৮৯ ॥

মহাবলশালী কুম্ভকর্ণ লক্ষ্মণকে অতিক্রম করিয়া রামের প্রতিই ধাবিত হইলেন। তাঁহার গতিভরে পৃথিবী যেন কম্পিত হইতে লাগিল ॥ ৯০ ॥

১। ছ 'চাপনির্ঘোষাৎ কুপিতো রাক্ষসর্ষভঃ'। ২। ছ '-বিদাংবরঃ'। ৩। ছ 'স'।

ততস্তু বাতোদ্ধুতমেঘকল্পং ভুজঙ্গরাজোত্তমভোগবাহুম্।
তমাপতন্তং ধরণীধরাভম্ উবাচ রামো যুধি কুম্ভকর্ণম্ ॥ ৯১ ॥

আগচ্ছ রক্ষোঽধিপ মৎসমীপম্ অয়ং স্থিতোঽহং [১]শরচাপপাণিঃ।
অবেহি মাং মৃত্যুমুপস্থিতং ত্বং [২]প্রেতো মুহূর্ত্তাদ্ভবিতাসি পাপ ॥ ৯২ ॥

রামোঽয়মিতি বিজ্ঞায় জহাস বিপুল[৩]স্বনম্।
[৪]পাটয়ন্নিব সর্ব্বেষাং হৃদয়ানি বনৌকসাম্ ॥ ৯৩ ॥

প্রহস্য বিকৃতং ভীমং স [৫]মেঘস্তনিতোপমম্।
কুম্ভকর্ণো মহাতেজা রাঘবং বাক্যমব্রবীৎ ॥ ৯৪ ॥

৯১। লো-টী। বাতোদ্ধূতমেঘকল্পং বাতেন কম্পিতমেঘতুল্যম্ ভুজঙ্গরাজোত্তম-ভোগবাহুঃ। ভোগবাহুবরা (?) পাঠঃ।

৯২। লো-টী। অয়মহং মৎসকাশং 'মৎসমীপং' বা পাঠঃ। অচেতাঃ চেতনাশূন্যো ভবিতাসি ভবিষ্যসি।

৯৩। লো-টী। বিপুলস্বনম্ উচ্চৈঃস্বনং যথা। 'বিকৃতস্বরং' বা পাঠঃ।

অনন্তর যুদ্ধক্ষেত্রে রাম বায়ুচালিত মেঘতুল্য ভুজঙ্গরাজের শরীরের ন্যায় বাহুবিশিষ্ট সেই পর্ব্বতপ্রমাণ ধাবমান কুম্ভকর্ণকে বলিলেন—॥ ৯১ ॥

হে রাক্ষসাধিপতে! আমার সমীপে আগমন কর, এই আমি ধনুর্ব্বাণ হস্তে লইয়া অবস্থান করিতেছি। হে পাপিষ্ঠ, আমাকে উপস্থিত মৃত্যু অবগত হও, তুমি মুহূর্ত্তমধ্যেই প্রেতত্ব প্রাপ্ত হইবে ॥ ৯২ ॥

কুম্ভকর্ণ 'এই রাম' ইহা জানিতে পারিয়া যেন সমস্ত বানরের হৃদয় বিদারিত করিয়াই মহাশব্দে অট্টহাস্য করিলেন ॥ ৯৩ ॥

মহাতেজস্বী কুম্ভকর্ণ মেঘগর্জ্জনের ন্যায় বিকৃতস্বরে ভীষণ হাস্য করিয়া রামকে বলিলেন—॥ ৯৪ ॥

১। ছ 'প্রগৃহীতচাপঃ'। ২। ছ 'ত্বমস্মিন্ মুহূর্ত্তে ভবিতাস্যচেতাঃ'। ৩। ছ 'বিকৃতস্বনম্'। ৪। ছ 'পাতয়ন্নিব'। ৫। ছ 'রিপূণাং ভয়বর্দ্ধনম্'।

নাহং বিরাধো বিজ্ঞেয়ো ন খরো[১] ন চ দূষণঃ।
ন মারীচো[২] ন বালী চ কুম্ভকর্ণমবেহি মাম্ ॥ ৯৫ ॥
পশ্য মে মুদ্‌গরং ঘোরং সর্ব্বকালায়সং দৃঢ়ম্।
অনেন নির্জিতা[৩] দেবা দানবাশ্চ ময়া পুরা ॥ ৯৬ ॥
কর্ণনাসাবিহীনোঽহ্যমবজ্ঞামিতি মা কৃথাঃ।
অল্পাপি হি[৪] ন মে পীড়া কর্ণনাসাবিকর্ত্তনে ॥ ৯৭ ॥
দর্শয়েক্ষ্বাকুশার্দ্দূল বীর্য্যং গাত্রেষু মে লঘু।
ততস্ত্বাং ভক্ষয়িষ্যামি দৃষ্ট্বা[৫] পৌরুষবিক্রমম্ ॥ ৯৮ ॥
স কুম্ভকর্ণস্য বচো নিশম্য শরান্ সুপুঙ্খান্ বিসসর্জ রামঃ[৬]।
তৈরাহতো বজ্রসমানবেগৈর্ন চুক্ষুভে[৭] সংযতি কুম্ভকর্ণঃ ॥ ৯৯ ॥

৯৫। লো-টী। 'নাহং বিরাধো বিজ্ঞেয়ো ন খরো ন চ দূষণ' ইতি। ক্বচিৎ 'নাহং বিরাধো ন খরো ন কবন্ধো ন দূষণ' ইতি।
৯৮। লো-টী। লঘু শীঘ্রং কৃতং দর্শিতং পৌরুষং পুরুষকর্ম্ম বিক্রমঃ শক্তিসম্পচ্চ যেন তম্।
৯৯। লো-টী। তেন রামেণ। 'তৈরাহত' ইতি ক্বচিৎ পাঠঃ। 'কালসমপ্রভাব' ইতি পাঠঃ। 'সংযতি কুম্ভকর্ণ' ইতি ক্বচিৎ।

আমাকে বিরাধ, খর, দূষণ, মারীচ বা বালী মনে করিও না; জানিও, আমি কুম্ভকর্ণ ॥ ৯৫ ॥

আগাগোড়া কৃষ্ণলৌহনির্ম্মিত আমার এই ভীষণ মুদ্গর অবলোকন কর, আমি পূর্ব্বে ইহাদ্বারা দেবতা ও দানবদিগকে জয় করিয়াছি ॥ ৯৬ ॥

কর্ণ ও নাসিকাবিহীন বলিয়া আমাকে অবজ্ঞা করিও না, কর্ণ ও নাসিকা ছেদনে আমার এতটুকুও ক্লেশ হয় নাই ॥ ৯৭ ॥

হে ইক্ষ্বাকুশার্দ্দূল, সত্বর আমার দেহের উপর পরাক্রম প্রদর্শন কর, তোমার পৌরুষ ও পরাক্রম দর্শন করিয়া তার পর তোমাকে ভক্ষণ করিব ॥ ৯৮ ॥

সেই রাম কুম্ভকর্ণের কথা শুনিয়া উত্তমপুঙ্খযুক্ত শরনিকর নিক্ষেপ করিলেন,

---

১। ছ 'কবন্ধঃ খরো ন চ'। ২। ছ 'বালী ন চ মারীচঃ'। ৩। ছ 'বিজিতা'। ৪। ছ 'ন হি'। ৫। ছ 'পিতৃপৌরুষ-'। ৬। ছ 'রামঃ সুপুঙ্খান্ বিসসর্জ্জ বাণান্'। ৭। ছ 'ন ব্যথিতশ্চ বীরঃ'।

যৈঃ[১] সায়কৈস্তালবরা নিকৃত্তা বালী হতো রাক্ষসপুঙ্গবাশ্চ।
তে কুম্ভকর্ণস্য শরাঃ শরীরে বজ্রোপমা ন ব্যথয়াম্বভূবুঃ ॥ ১০০ ॥
স বারিধারা ইব সায়কাংস্তান্ পিবন্[২] শরীরেণ মহেন্দ্রশত্রুঃ।
জঘান রামস্য শরপ্রবেগং ব্যাবিধ্য তং মুদ্‌গরমুগ্রবেগম্ ॥ ১০১ ॥
স শত্রুগাত্রক্ষতজানুলিপ্তং বিত্রাসনং দেবমহাচমূনাম্।
ব্যাবিধ্য[৩] তং মুদ্‌গরমুগ্রবেগং[৪] বিত্রাসয়ামাস রঘুপ্রবীরম্ ॥ ১০২ ॥

অথাশু সমরে রামো দিব্যমস্ত্রমুদীরয়ন্।
কুম্ভকর্ণস্য হৃদয়ে নিচখান শরোত্তমান্ ॥ ১০৩ ॥

১০১। লো-টী। শরীরেণ শরীরাবয়বেন মুখেন ইত্যর্থঃ। ব্যথয়াম্বভূব (?) ব্যথাং জনয়ামাস।

১০২। লো-টী। 'দেবমহাচমূনাম্' ইতি পাঠঃ। 'সংযতি দেবতানা'মিতি কচিৎ।

১০৩। লো-টী। 'অথাশু সমরে রাম' ইতি পাঠঃ। 'অথ দাশরথী রাম' ইতি, 'রৌদ্র-মন্ত্র'মিতি বা পাঠঃ।

কুম্ভকর্ণ যুদ্ধে সেই বজ্রতুল্য বেগশালী শরজালে আহত হইয়াও বিচলিত হইলেন না ॥ ৯৯ ॥

যে শরসমূহ সপ্ততাল ছেদন করিয়াছিল এবং বালী ও শ্রেষ্ঠ রাক্ষসগণকে নিহত করিয়াছিল, সেই বজ্রতুল্য শররাজি কুম্ভকর্ণের শরীরে বেদনার সঞ্চার করিল না ॥ ১০০ ॥

ইন্দ্রশত্রু সেই কুম্ভকর্ণ শরীরদ্বারা সেই শররাজিকে বারিধারার ন্যায় গ্রহণ করত সেই উগ্রবেগশালী মুদ্‌গর চালনা করিয়া রামের শরবেগ নিবারিত করিলেন ॥ ১০১ ॥

কুম্ভকর্ণ দেবতাদিগের বিশাল বাহিনীর সন্ত্রাসজনক শত্রুশোণিতলিপ্ত উগ্রবেগ-শালী সেই মুদ্‌গর ভ্রামিত করিয়া রামের ভয় উৎপাদন করিলেন ॥ ১০২ ॥

অনন্তর রাম যুদ্ধক্ষেত্রে সত্বর দিব্য অস্ত্র (ধনুক) উত্তোলনপূর্ব্বক কুম্ভকর্ণের হৃদয়ে উত্তম শররাজি বিদ্ধ করিলেন ॥ ১০৩ ॥

১। ছ '-কৈঃ শাল-'। ২। ছ 'গৃহ্ণন্'। ৩। ছ 'আবিধ্য'। ৪। ছ '-বীর্য্যং'।

তস্য রামেণ বিদ্ধস্য[1] সহসাভিপ্রধাবতঃ।
অঙ্গারমিশ্রাঃ ক্রুদ্ধস্য মুখান্নিশ্চেরুরর্চ্চিষঃ ॥ ১০৪ ॥
তস্যোরসি নিমগ্নাস্তে[2] শরা বর্হিণপত্রিণঃ[3]।
হৃদয়ং পীড়য়ামাসুঃ ক্রোধমুক্তা মহাত্মনা।
হস্তাচ্চাস্য পপাতোর্ব্ব্যাং বিহ্বলস্য মহায়ুধম্[4] ॥ ১০৫ ॥
স নিরায়ুধমাত্মানং যদা মেনে মহাবলঃ।
মুষ্টিভ্যাং চরণাভ্যাঞ্চ চকার কদনং মহৎ ॥ ১০৬ ॥
[5]স বাণৈরতিবিদ্ধাঙ্গঃ ক্ষতজেন সমুক্ষিতঃ।
রুধিরং পরিসুস্রাব গিরিঃ প্রস্রবণৈরিব ॥ ১০৭ ॥

১০৪। লো-টী। অর্চ্চিষো জ্বালাঃ।
১০৫। লো-টী। বর্হিণলক্ষণা ময়ূরপুচ্ছচিহ্নাঃ, ক্রোধমুক্তাঃ ক্রোধত্যক্তাঃ।
১০৭। লো-টী। পরিসুস্রাব তত্যাজ।

রামকর্তৃক সহসা শরবিদ্ধ হইয়া ধাবমান কুম্ভকর্ণের মুখ হইতে অঙ্গারমিশ্রিত শিখা নির্গত হইতে লাগিল ॥ ১০৪ ॥

মহাত্মা রামকর্তৃক সক্রোধে নিক্ষিপ্ত সেই ময়ূরপুচ্ছযুক্ত শররাজি তাঁহার বক্ষঃস্থলে নিমগ্ন হইয়া তাঁহার হৃদয়কে পীড়িত করিতে লাগিল, তিনি বিহ্বল হইয়া পড়িলেন এবং তাঁহার হাত হইতে বিশাল অস্ত্র ভূতলে পতিত হইল ॥ ১০৫ ॥

মহাবলশালী কুম্ভকর্ণ যখন নিজেকে নিরস্ত্র মনে করিলেন, তখন মুষ্টি ও পদাঘাতে ভয়ানক সংহারলীলা সম্পাদন করিতে লাগিলেন ॥ ১০৬ ॥

কুম্ভকর্ণ বাণবিদ্ধ হইয়া রক্তাক্ত হইলেন, পর্ব্বতের প্রস্রবণের ন্যায় তাঁহার গাত্র হইতে রুধিরস্রাব হইতে লাগিল ॥ ১০৭ ॥

১। ছ '-সা বি-'। ২। ছ '-শ্চ'। ৩। ছ '-পক্ষিণঃ'। ৪। ছ 'বরায়ুধম্'। ৫। ছ-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি।

স তীব্রেণ চ কোপেন রুধিরেণ সমুক্ষিতঃ।
বানরান্ রাক্ষসাংশ্চৈব খাদন্ বৈ পরিধাবতি[১] ॥ ১০৮ ॥

তস্মিন্ কালে তু ধর্ম্মাত্মা লক্ষ্মণো বাক্যমব্রবীৎ।
কুম্ভকর্ণবধে যুক্তো যোগান্[২] পরিমৃশন্ বহূন্ ॥ ১০৯ ॥

নৈবায়ং[৩] বানরান্ খাদন্ নৈব জানাতি রাক্ষসান্।
মত্তঃ শোণিতগন্ধেন স্বান্ পরাংশ্চৈব খাদতি ॥ ১১০ ॥

সর্ব্বে তমভিরোহন্তু সর্ব্বতো বানরর্ষভাঃ।
যূথপাশ্চ যথা মুখ্যাস্তিষ্ঠন্তু[৪] অস্য সমীপতঃ ॥ ১১১ ॥

অথায়ং[৫] দুর্ম্মতিঃ পাপো[৬] গুরুভারপ্রপীড়িতঃ[৭]।
নিপতেদ্ রাক্ষসো ভূমৌ নান্যান্ হন্যাৎ প্লবঙ্গমান্ ॥ ১১২ ॥

১০৯। লো-টী। যুক্তঃ যোগান্ উপায়ান্ পরিমৃশন্ বিচারয়ন্।

১১১। লো-টী। সর্ব্বেনাভীবাহন্ত (?) কুম্ভকর্ণমিত্যর্থাৎ সাধ্বেন সমরোহন্ত (?) ইতি ক্বচিৎ পাঠঃ। সর্ব্বতঃ সর্ব্বশরীরে।

১১২। লো-টী। ভারমপরায়ন্ বোঢ়ুমিতি শেষঃ। 'উপানয়ন্নি'তি বা পাঠঃ। ততো হন্যাদন্যানিত্যর্থঃ। 'ততো হন্যুঃ প্লবঙ্গমানি'তি বা পাঠঃ। 'ন নো হন্যাৎ প্লবঙ্গমানি'তি বা পাঠে নোঽস্মাকং প্লবঙ্গমান্।

রুধিরসিক্ত কুম্ভকর্ণ তীব্রকোপে বানর ও রাক্ষসদিগকে ভক্ষণ করিতে করিতে বিচরণ করিতে লাগিলেন ॥ ১০৮ ॥

সেই সময়ে ধর্ম্মাত্মা লক্ষ্মণ কুম্ভকর্ণের বধে উদ্যোগী হইয়া বহু উপায় বিচার-পূর্ব্বক বলিলেন—॥ ১০৯ ॥

"এই ভোজনরত কুম্ভকর্ণ রক্তগন্ধে উন্মত্ত হইয়া বানর ও রাক্ষসদিগকে চিনিতে পারিতেছে না, স্বপক্ষ ও শত্রুপক্ষ উভয়কেই ভোজন করিতেছে ॥ ১১০ ॥

শ্রেষ্ঠ বানরগণ সকলেই চারিদিক হইতে ইহার উপরে আরোহণ করুন এবং দলপতিগণ প্রাধান্যানুসারে ইহার সমীপে অবস্থান করুন ॥ ১১১ ॥

অনন্তর এই পাপিষ্ঠ দুর্ম্মতি রাক্ষস গুরুতর ভারে প্রপীড়িত হইয়া ভূতলে

১। ছ 'পর্য্যধাবত'। ২। ছ 'যোধান্'। ৩। ছ 'ন বৈষ'। ৪। ছ '-মুখ্যাং তিষ্ঠ-'। ৫। ছ 'অপ্যয়ং'। ৬। ছ 'কালে'। ৭। ছ '-মপায়য়ন্'।

তস্য তদ্বচনং শ্রুত্বা রাজপুত্রস্য ধীমতঃ।
গয়ো গবাক্ষো গবয়ঃ শরভো[১] গন্ধমাদনঃ ॥ ১১৩ ॥
নীলশ্চ কুমুদশ্চৈব সুবাহুরঙ্গদস্তথা[২]।
তে সমারুরুহুর্হৃষ্টাঃ[৩] কুম্ভকর্ণং প্লবঙ্গমাঃ ॥ ১১৪ ॥
কুম্ভকর্ণস্তু সংক্রুদ্ধঃ সমারূঢ়ৈঃ পবঙ্গমৈঃ।
[৪]ব্যাধূনয়ৎ তান্ বেগেন দুষ্টহস্তীব হস্তিপান্ ॥ ১১৫ ॥
[৫]স তান্ দৃষ্ট্বা বিনির্ধূতান্ রামো বানরযূথপান্।
মহাপ্রভাবং জ্ঞাত্বা তং দিব্যান্যস্ত্রাণি সন্দধে ॥ ১১৬ ॥

১১৪। লো-টী। 'সুবাহুরঙ্গদস্তথে'তি পাঠঃ। 'জাম্ববানঙ্গদস্তথে'তি বা।
১১৫। লো-টী। ব্যাধূনয়ত অকম্পয়ত।

পতিত হইবে এবং অন্য বানরকে বধ করিতে পারিবে না" ॥ ১১২ ॥

বুদ্ধিমান্ রাজপুত্র লক্ষ্মণের সেই কথা শুনিয়া গয়, গবাক্ষ, গবয়, গন্ধমাদন, শরভ, নীল, কুমুদ, সুবাহু ও অঙ্গদ এই বানরগণ সানন্দে কুম্ভকর্ণের উপরে অরোহণ করিলেন ॥ ১১৩ ॥

দুষ্ট হস্তী যেমন হস্তিপালকদিগকে নিক্ষেপ করে, বানরগণের আরোহণে ক্রুদ্ধ হইয়া কুম্ভকর্ণ সেইরূপ বেগে তাহাদিগকে কম্পিত করিয়া নিক্ষেপ করিলেন ॥ ১১৪-১১৫ ॥

রাম সেই বানরদলপতিদিগকে নিক্ষিপ্ত হইতে দেখিয়া কুম্ভকর্ণকে মহাপ্রভাবশালী বুঝিয়া দিব্য অস্ত্র সন্ধান করিলেন ॥ ১১৬ ॥

১। ছ 'সরম্ভো'। ২। ছ 'জাম্ববানঙ্গ-'। ৩। ছ 'মহাবলাঃ'। ৪। ছ 'ব্যাধুনয়ত বেগেন'। ৫। ছ 'তান্ দৃষ্ট্বা নির্ধূতান্ রামো রোষাত্মা-'।

বায়ব্যমাহুয় ততো মহাস্ত্রং রামঃ প্রচিক্ষেপ নিশাচরায়।

সমুদ্গরং তেন জহার বাহুং স কৃত্তবাহুস্তুমুলং ননাদ ॥ ১১৭ ॥

স তস্য বাহুর্গিরিশৃঙ্গকল্পঃ সমুদ্গরো রাঘববাণকৃত্তঃ।

পপাত তস্মিন্ হরিসৈন্যমধ্যে জঘান তাং বানরবাহিনীঞ্চ ॥ ১১৮ ॥

তে বানরা ভগ্নবলাবশেষাঃ পর্য্যন্তমাশ্রিত্য ভয়াবসন্নাঃ।

প্রবেপিতাঙ্গা দদৃশুঃ সুঘোরং নরেন্দ্ররক্ষোঽধিপসন্নিপাতম্ ॥ ১১৯ ॥

স কুম্ভকর্ণোঽস্ত্রনিকৃত্তবাহুর্[1]নিকৃত্তপক্ষশ্চ[2] ইবাচলেন্দ্রঃ।

উৎপাটয়ামাস করেণ সালং[3] ততোঽভিদুদ্রাব রণে নরেন্দ্রম্ ॥ ১২০ ॥

১১৭। লো-টী। বায়ব্যমাহুয় মহাস্ত্রবাণে বায়ুদেবমাহুয়। 'ষমস্ত চাহুয়' ইতি বা পাঠঃ। নিশাচরায় নিশাচরং হন্তুং, জহার চকর্ত্ত, তুমুলমতীব।

১১৯। লো-টী। পর্য্যন্তং শরণদমেকান্তং নরেন্দ্রাদ্রামাদ্রক্ষোঽধিপতের্নিপাতং দদৃশুঃ।

১২০। লো-টী। করেণ বামেন।

তার পর রাম বায়ব্যাস্ত্রের আবাহন করিয়া কুম্ভকর্ণের প্রতি নিক্ষেপ করিলেন এবং তদ্দ্বারা তাহার মুদ্গরযুক্ত বাহুটী ছেদন করিলেন, বাহু ছিন্ন হওয়ায় কুম্ভকর্ণ তুমুল আর্ত্তনাদ করিতে লাগিলেন ॥ ১১৭ ॥

তাঁহার সেই মুদ্গরযুক্ত পর্ব্বতশৃঙ্গতুল্য বাহুটী রামের বাণে ছিন্ন হইয়া সেই বানরসৈন্যমধ্যে পতিত হইল এবং সেই বানরবাহিনীকে নিহত করিল ॥ ১.৮ ॥

হতাবশিষ্ট বানরসৈন্যগণ ভয়ে অবসন্ন হইয়া কাঁপিতে কাঁপিতে এক প্রান্তে অবস্থানপূর্ব্বক. রাম ও কুম্ভকর্ণের ভীষণ সংঘর্ষ অবলোকন করিতে লাগিল ॥ ১১৯ ॥

ছিন্নপক্ষ পর্ব্বতরাজের মত সেই ছিন্নবাহু কুম্ভকর্ণ অপর হস্তে একটী সালবৃক্ষ উৎপাটিত করিলেন এবং তাহার পর যুদ্ধে রামের প্রতি ধাবিত হইলেন ॥ ১২০ ॥

১। ছ '-র্ণস্ত নিকৃ-'। ২। ছ 'পক্ষৌঘ ইবা-'। ৩। ছ 'বৃক্ষং'।

স তস্য[১] বাহুং সহসালবৃক্ষং[২] সমুদ্যতং[৩] পন্নগভোগকল্পম্ ।
ইন্দ্রাস্ত্রযুক্তেন জহার রামো বাণেন বজ্রাশনিসন্নিভেন ॥ ১২১ ॥
স কুম্ভকর্ণস্য ভুজো নিকৃত্তঃ পতন্নিবাহিঃ পতগেন্দ্রমুক্তঃ ।
বিচেষ্টমানোঽভিজঘান তত্র শিলা[৪] দ্রুমান্ রাক্ষসবানরাংশ্চ[৫] ॥ ১২২ ॥
তং কৃত্তবাহুং প্রসমীক্ষ্য রামঃ সমাপতন্তং সহসোন্নদন্তম্[৬] ।
দ্বাবর্দ্ধচন্দ্রৌ নিশিতৌ গৃহীত্বা চিচ্ছেদ পাদৌ যুধি রাক্ষসস্য ॥ ১২৩
স কৃত্তবাহুর্বিনিকৃত্তপাদো বিবর্ত্ত্য বক্ত্রং বড়বামুখাভম্ ।
দুদ্রাব রামং সহসাভিগর্জ্জন্ রাহুর্যথা চন্দ্রমিবান্তরীক্ষে[৭] ॥ ১২৪ ॥

---

১২১ । লো-টী । সমুদ্যতং প্রহর্ত্তুমিত্যর্থঃ । 'সমুন্নত'মিতি পাঠে মহান্তম্ । ইন্দ্রাস্ত্রযুক্তেন বজ্রবৎ হীরকবৎ তীক্ষ্ণেণ অশনিবদ্ দৃঢ়েন, বজ্রাশনির্বজ্রং বা তত্তুল্যেনেত্যর্থঃ ।

১২২ । লো-টী । পতগেন্দ্রমুক্তঃ পতগেন্দ্রেণ গরুড়েণ মুক্তস্ত্যক্তোঽহিরিব ।

১২৩ । লো-টী । চন্দ্রার্দ্ধচন্দ্রৌ চন্দ্রো বাণবিশেষঃ । 'দ্বাবর্দ্ধচন্দ্রা'বিতি বা পাঠঃ ।

১২৪ । লো-টী । বিবৃত্য ব্যাদায় বড়বামুখো বড়বানলঃ পাতালং বা, তদাভম্ ।

রাম কুম্ভকর্ণের সালবৃক্ষযুক্ত সর্পদেহসদৃশ সমুন্নত বাহুটীকে হীরকের ন্যায় তীক্ষ্ণ ও বজ্রের ন্যায় দৃঢ় ইন্দ্রাস্ত্রযুক্ত বাণদ্বারা ছেদন করিলেন ॥ ১২১ ॥

কুম্ভকর্ণের সেই ছিন্ন বাহু গরুড়-পরিত্যক্ত সর্পের ন্যায় পতিত হইয়া ছিট-কাইতে লাগিল এবং তত্রত্য শিলা, বৃক্ষ, রাক্ষস ও বানরদিগকে নিহত করিল ॥ ১২২ ॥

রাম ছিন্নবাহু কুম্ভকর্ণকে উচ্চৈঃস্বরে গর্জ্জন করিতে করিতে আসিতে দেখিয়া সহসা দুইটী শাণিত অর্দ্ধচন্দ্র গ্রহণপূর্ব্বক যুদ্ধক্ষেত্রে তাহার পদদ্বয় ছেদন করিলেন ॥ ১২৩ ॥

আকাশে রাহু যেমন চন্দ্রের প্রতি ধাবিত হয়, সেইরূপ হস্তপদহীন কুম্ভকর্ণ অগ্নিতুল্য মুখ ব্যাদানপূর্ব্বক [গড়াইতে গড়াইতে] গর্জ্জন সহকারে সহসা রামের দিকে ধাবিত হইলেন ॥ ১২৪ ॥

১ । ছ 'অতোঽস্য' । ২ । ছ '-সা নবৃ-' । ৩ । ছ '-ন্নতং' । ৪ । ছ 'শৈলান্' । ৫ । ছ '-পুঙ্গবাংশ্চ' । ৬ । ছ '-সা নদ-' । ৭ । ছ 'পর্ব্বণি চন্দ্রবিম্বম্' ।

অপূরয়ৎ তস্য মুখং শিতাগ্রৈঃ রামঃ শরৈর্হেমপিনদ্ধপুঙ্খৈঃ।[১]
স পূর্ণবক্ত্রো ন শশাক বক্তুং চুকূজ কৃচ্ছ্রেণ মুমোহ চাপি ॥ ১২৫ ॥
অথাদদে সূর্য্যমরীচিকল্পং স ব্রহ্মদণ্ডান্তককালতুল্যম্।
অরিঘ্নমৈন্দ্রং নিশিতং সুপুঙ্খং[২] রামঃ শরং মারুততুল্যবেগম্ ॥ ১২৬ ॥

অবারণীয়ং বিশিখং বীর্য্যবন্তং সুদারুণম্।
ভয়ঙ্করমমিত্রাণাং জ্ঞাতীনাং নন্দিবৰ্দ্ধনম্ ॥ ১২৭ ॥
তং কার্ম্মুকে সমাধায়[৩] বিকৃষ্য চ মহাবলঃ।
সসর্জ কুম্ভকর্ণস্য বধায় শরমুত্তমম্।
দিব্যং মঘবতা দত্তং জ্বলন্তমিব তেজসা ॥ ১২৮ ॥

১২৬। লো-টী। স রাম ইত্যন্বয়ঃ। ব্রহ্মদণ্ডো বিপ্রশাপঃ। ইন্দ্রমন্ত্রমন্ত্রিতং শরম্।
১২৭-২৮। লো-টী। অবারণীয়ং বারয়িতুমশক্যং বিশিখং বিশিষ্টা শিখা অগ্রভাগো যস্য তং শরং কর্ম্মুকে ধনুষি সমাদায় নীত্বা 'সমানীয়' ইতি বা পাঠঃ। বিকৃষ্য আকৃষ্য চ।

রামচন্দ্র সুবর্ণমণ্ডিত-পুঙ্খদেশযুক্ত শাণিতাগ্র শরজালে তাঁহার মুখগহ্বর পরিপূর্ণ করিয়া ফেলিলেন, মুখ পূর্ণ হওয়ায় কুম্ভকর্ণ কথা বলিতে পারিলেন না, অতিকষ্টে অব্যক্ত শব্দ করিতে লাগিলেন এবং মূর্চ্ছিত হইয়া পড়িলেন ॥ ১২৫ ॥

অনন্তর রাম সংহারকারী কাল এবং ব্রহ্মদণ্ডতুল্য সূর্য্যকিরণকল্প ইন্দ্রমন্ত্রে অভিমন্ত্রিত বায়ুর ন্যায় বেগবান্ উত্তম-পুঙ্খযুক্ত শত্রুঘাতী শর গ্রহণ করিলেন ॥ ১২৬ ॥

মহাবলশালী রাম শত্রুদিগের ভয়াবহ ও মিত্রবর্গের আনন্দবৰ্দ্ধক অনিবার্য্য বীর্য্যবান্ দারুণ শর ধনুকে যোজনা করিয়া আকর্ষণপূর্ব্বক কুম্ভকর্ণের বধার্থে সেই তেজঃপ্রভাবে দীপ্তপ্রায় ইন্দ্রদত্ত স্বর্গীয় উত্তম শর নিক্ষেপ করিলেন ॥ ১২৭-১২৮ ॥

১। ছ '-নিবদ্ধ-'। ২। ছ 'সুতীক্ষ্ণ-'। ৩। ছ '-নীয়-'।

স বিসৃষ্টো[১] বলবতা রামেণ নিশিতঃ শরঃ।
কুম্ভকর্ণস্য হৃদয়ং ভিত্ত্বা ধরণিমাবিশৎ[২] ॥ ১২৯ ॥
অথাদদে শরং চান্যং দিব্যং[৩] নিত্যাভিরক্ষিতম্।
পূজিতং ত্রিদশৈঃ সেন্দ্রৈঃ[৪] কালদণ্ডমিবাপরম্ ॥ ১৩০ ॥
তং বজ্রজাম্বূনদচিত্রপুঙ্খং প্রদীপ্তসূর্য্যজ্বলনপ্রকাশম্।
মহেন্দ্রবজ্রাশনিতুল্যবেগং বাণং[৫] প্রচিক্ষেপ নিশাচরায় ॥ ১৩১ ॥
স সায়কো[৬] রাঘববাহুবিচ্যুতো দিশঃ স্বভাসা[৭] দশ সম্প্রকাশয়ন্।
বিধূমবৈশ্বানরতুল্যদর্শনো[৮] জগাম শক্রাশনিতুল্যবিক্রমঃ ॥ ১৩২ ॥
স তন্মহাপর্ব্বতকূটসন্নিভং বিবৃত্তদংষ্ট্রোজ্জ্বলচারুকুণ্ডলম্।
চকর্ত্ত রক্ষোঽধিপতেস্তদা[৯] শিরো যথৈব বৃত্রস্য পুরা পুরন্দরঃ[১০] ॥১৩৩॥

১৩০। লো-টী। অপরং কালান্তকং কালসহিতান্তকমিব 'প্রলয়কালীনান্তক'মিতি বা।
১৩১। লো-টী। জ্বলনোঽগ্নিঃ বজ্রস্য অশনের্বিদ্যুতশ্চ তুল্যো বেগো গতির্যস্য তম্।
১৩৩। লো-টী। বিবৃত্তাঃ প্রকাশিতা দংষ্ট্রা যেন উজ্জ্বলে চারুণী কুণ্ডলে যস্য তং চ তং চ।

বলবান্ রামকর্ত্তৃক নিক্ষিপ্ত সেই শাণিত শর কুম্ভকর্ণের হৃদয় ভেদপূর্ব্বক ভূগর্ভে প্রবেশ করিল ॥ ১২৯ ॥

অনন্তর রাম ইন্দ্রের সহিত দেবগণের প্রশংসিত সর্ব্বদা সুরক্ষিত দ্বিতীয় কালদণ্ডের ন্যায় অপর একটী দিব্য শর গ্রহণ করিলেন ॥ ১৩০ ॥

তিনি হীরক ও সুবর্ণমণ্ডিত-পুঙ্খযুক্ত প্রদীপ্ত সূর্য্য ও অনলতুল্য ইন্দ্রের বজ্র ও বিদ্যুতের ন্যায় বেগশালী সেই বাণটী কুম্ভকর্ণের প্রতি নিক্ষেপ করিলেন ॥ ১৩১ ॥

দেখিতে ধূমহীন অগ্নির ন্যায় এবং ইন্দ্রের বজ্রের ন্যায় বেগগামী রামচন্দ্রের হস্তচ্যুত সেই শর স্বীয় প্রভায় দশদিক্ উদ্ভাসিত করিয়া গমন করিল ॥ ১৩২ ॥

পুরাকালে ইন্দ্র যেমন বৃত্রাসুরের শিরশ্ছেদ করিয়াছিলেন, তিনি তখন

১। ছ 'নিসৃ-'। ২। ছ 'ভুবমথাবিশৎ'। ৩। ছ 'দিব্যমন্ত্রাভিমন্ত্রিতম্'। ৪। ছ 'স বৈ'। ৫। ছ 'রামঃ'। ৬। ছ 'শায়-'। ৭। ছ 'প্রভাভিঃ স্বদিশঃ প্রকা-'। ৮। ছ '-দীপ্তদর্শ-'। ৯। ছ '-স্তথা'। ১০। অতঃ পরং ছ-'তদ্রামবাণাভিহতং পপাত রক্ষঃশিরঃ পর্ব্বতসন্নিকাশম্। বভঞ্জ পুর্য্যা গৃহগোপুরাণি প্রাকার-মট্টালবরাংশ্চ তত্র'। ইত্যধিকম্।

বিনদ্য সুমহানাদং[১] ন্যপতদ্ রাক্ষসো হতঃ।
বানরাণাং সহস্রে দ্বে কায়েনাথ ন্যপোথয়ৎ[২] ॥ ১৩৪ ॥
[৩]সংপ্রাকম্পন্ত লঙ্কায়াঃ প্রকারাস্তোরণানি চ।
তস্মিন্ নিপতিতে ভূমৌ চুক্ষুভে চ মহোদধিঃ ॥ ১৩৫ ॥
তং তু ভূমৌ নিপতিতং দৃষ্ট্বা বিক্ষিপ্তভূষণম্।
বভূবুর্ব্যথিতাঃ সর্ব্বে হতশেষা নিশাচরাঃ ॥ ১৩৬ ॥
তে বিষণ্ণমুখা দীনাঃ প্রহারজনিতশ্রমাঃ।
বিনেদুরুচ্চৈর্বহবো রাক্ষসা বিকৃতৈঃ[৪] স্বরৈঃ ॥ ১৩৭ ॥
[৫]স কুম্ভকর্ণং সুরশত্রুমুত্তমং মহৎসু যুদ্ধেষ্বজিতং কদাচন।
ননন্দ হত্বা ভরতাগ্রজো রণে মহাসুরং বৃত্রমিবামরাধিপঃ ॥ ১৩৮ ॥

১৩৭। লো-টী। প্রহারজনিতশ্রমাঃ প্রহারজনিতদুঃখাঃ।

সেইরূপ রাক্ষসাধিপতি কুম্ভকর্ণের অনাবৃত দন্ত ও উজ্জ্বল মনোরম কুণ্ডলযুক্ত বিশাল পর্ব্বতশৃঙ্গতুল্য মস্তক ছেদন করিলেন ॥ ১৩৩ ॥

নিহত কুম্ভকর্ণ মহাশব্দে গর্জ্জন করিয়া পতিত হইলেন, তাঁহার শরীরের চাপে দুই সহস্র বানর নিহত হইল ॥ ১৩৪ ॥

কুম্ভকর্ণ ভূতলে নিপতিত হইলে লঙ্কার প্রাচীর ও তোরণরাজি কম্পিত হইল এবং মহাসমুদ্র বিক্ষুব্ধ হইয়া উঠিল ॥ ১৩৫ ॥

তাহাকে ভূপতিত দেখিয়া এবং তাহার অলঙ্কাররাশি নিক্ষিপ্ত দেখিয়া হতাবশিষ্ট রাক্ষসগণ সকলেই ব্যথিত হইল ॥ ১৩৬ ॥

প্রহারে তাহারা পরিশ্রান্ত ও দীনভাবাপন্ন হইয়াছিল, তাহাদের মুখমণ্ডল বিষণ্ণ হইল, বহু রাক্ষস বিকৃতকণ্ঠে উচ্চৈঃস্বরে চীৎকার করিতে লাগিল ॥ ১৩৭ ॥

বৃত্রাসুরকে বধ করিয়া ইন্দ্র যেমন আনন্দিত হইয়াছিলেন, মহাযুদ্ধে কদাপি

১। ছ 'চ মহা-'। ২। চ '-নাসৌ বাপো-'। ৩। ছ 'প্রাকম্পন্ত চ'। ৪। ছ 'বিবিধৈঃ'। ৫। ছ অস্য শ্লোকস্য স্থানে 'স চাতিকায়ো হিমবৎপ্রকাশো রক্ষোঽধিপস্তোয়নিধেঃ সমীপে। গ্রাহান্ মহামীনবরান্ ভুজঙ্গমান্ সংক্ষোভ্য ভূমৌ চ তদা পপাত ॥ তস্মিন্ হতে ব্রাহ্মণদেবশত্রৌ মহাবলে সংযতি কুম্ভকর্ণে। চচাল ভূর্ভূমিধরাশ্চ সর্ব্বে হর্ষাচ্চ দেবাঃ প্রসভং বিনেদুঃ ॥' ইতি পাঠঃ।

প্রহর্ষযুক্তা বহবশ্চ বানরাঃ প্রবুদ্ধপদ্মপ্রতিমৈরথাননৈঃ।
অপূজয়ন্ রাঘবমিষ্টভাগিনং হতে রিপৌ[1] ভীমবলে নিশাচরে[2] ॥১৩৯॥
ততস্তু দেবর্ষিমহর্ষিগুহ্যকাঃ সুরাসুরা ভূতসুপর্ণপন্নগাঃ।
সযক্ষগন্ধর্ব্বসদৈত্যদানবাঃ প্রহর্ষিতা রামপরাক্রমাৎ তদা ॥ ১৪০ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে যুদ্ধকাণ্ডে কুম্ভকর্ণবধো নাম
ষট্চত্বারিংশঃ সর্গঃ ॥ ৪৬ ॥

১৩৯। লো-টী। ইষ্টঃ প্রশংসার্হঃ ভাগো ভাগ্যং তদ্বন্তম্।
১৪০। লো-টী। দেবর্ষয়ো নারদাদয়ঃ, মহর্ষয়ো ভৃগ্বাদয়ঃ।
লঙ্কাকাণ্ডে কুম্ভকর্ণবধঃ ॥ ৪৬ ॥

অপরাজিত দেবতাদিগের উত্তম শত্রু কুম্ভকর্ণকে বধ করিয়া রামচন্দ্র সেইরূপ আনন্দিত হইলেন ॥ ১৩৮ ॥

মহাবলশালী কুম্ভকর্ণ নিহত হইলে বহুবানর আনন্দিত হইল, তাহাদের মুখমণ্ডল বিকসিত পদ্মের ন্যায় প্রফুল্ল হইল, তাহারা আশানুরূপ সৌভাগ্যশালী রামচন্দ্রের পূজা করিতে লাগিল ॥ ১৩৯ ॥

তার পর তখন রামচন্দ্রের পরাক্রমে দেবর্ষি, মহর্ষি, গুহ্যক, দেবতা, অসুর, ভূত, দৈত্য, দানব, যক্ষ, রক্ষঃ, গন্ধর্ব্ব সকলেই আনন্দিত হইল ॥ ১৪০ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের যুদ্ধকাণ্ডে কুম্ভকর্ণবধ-নামক
৪৬শ সর্গ সমাপ্ত ॥ ৪৬ ॥

১। ছ '-সুরাসদে'। ২। ছ অতঃ পরং 'স কুম্ভকর্ণং সুরদৈত্যসূদনং মহৎসু যুদ্ধেষজিতং কদাচন। ননন্দ হত্বা ভরতাগ্রজো রণে মহাসুরং বৃত্রমিবামরেশঃ ॥' ইত্যধিকম্।

(৪৭) সপ্তচত্বারিংশঃ সর্গঃ

কুম্ভকর্ণং হতং শ্রুত্বা রাঘবেণ মহাত্মনা।
রাক্ষসা রাক্ষসেন্দ্রায় রাবণায় ন্যবেদয়ন্ ॥ ১ ॥

স শ্রুত্বা নিহতং সংখ্যে কুম্ভকর্ণং মহাবলম্।
রাবণঃ শোকসন্তপ্তো মুমোহ চ পপাত চ ॥ ২ ॥

[১] পিতৃব্যং পতিতং শ্রুত্বা দেবান্তকনরান্তকৌ।
ত্রিশিরাশ্চাতিকায়শ্চ [২] বভূবুঃ শোকপীড়িতাঃ । ৩ ॥

ভ্রাতরং নিহতং শ্রুত্বা রামেণাক্লিষ্টকর্ম্মণা।
মহোদরমহাপার্শ্বৌ [৩] শোকাক্রান্তৌ বভূবতুঃ ॥ ৪ ॥

ততঃ কৃচ্ছ্রাৎ [৪] সমাসাদ্য সংজ্ঞাং রাক্ষসপুঙ্গবঃ।
কুম্ভকর্ণবধাদ্দীনো বিললাপাথ রাবণঃ ॥ ৫ ॥

৩। লো-টী। ব্যথিতং সংজাতব্যথম্।
৪। লো-টী। মহাবলৌ 'বভূবতু'রিতি বা পাঠঃ।
৫। লো-টী। সমাসাদ্য প্রাপ্য।

মহাত্মা রামচন্দ্রকর্ত্তৃক কুম্ভকর্ণ নিহত হইয়াছেন শুনিয়া রাক্ষসগণ রাক্ষসরাজ রাবণের নিকট জ্ঞাপন করিল ॥ ১ ॥

মহাবলশালী কুম্ভকর্ণ যুদ্ধে নিহত হইয়াছেন শুনিয়া সেই রাবণ শোকসন্তপ্ত, ভূপতিত এবং মূর্চ্ছিত হইলেন ॥ ২ ॥

দেবান্তক, নরান্তক, ত্রিশিরাঃ এবং অতিকায় ইঁহারা পিতৃব্য নিপতিত [হইয়াছেন] শুনিয়া শোকসন্তপ্ত হইলেন ॥ ৩ ॥

অক্লিষ্টকর্ম্মা রামকর্ত্তৃক ভ্রাতা কুম্ভকর্ণ নিহত হইয়াছেন শুনিয়া মহোদর ও মহাপার্শ্ব উভয়ে শোকার্ত্ত হইয়া পড়িলেন ॥ ৪ ॥

কুম্ভকর্ণের বধে দীনভাবাপন্ন রাক্ষসশ্রেষ্ঠ রাবণ অতিকষ্টে সংজ্ঞা লাভ করিয়া বিলাপ করিতে লাগিলেন—॥ ৫ ॥

১। ছ 'পিতরং ব্যথিতং দৃষ্ট্বা'। ২। ছ 'রুরুদুঃ'। ৩। ছ 'শোকবন্তৌ'। ৪। ছ 'তমা-'।

হা বীর রিপুদর্পঘ্ন কুম্ভকর্ণ মহাবল।
ত্বং[১] মাং বিহায় বৈ দৈবাদ্ যাতোঽসি যমসাদনম্ ॥ ৬ ॥

ইদানীং খল্বহং নাস্মি যস্য মে পতিতো ভুজঃ।
দক্ষিণো যং সমাশ্রিত্য ন বিভেমি দিবৌকসাম্ ॥ ৭ ॥

কথমেবংবিধো নাম দেবদানবদর্পহা।
কালাগ্নিপ্রতিমঃ সংখ্যে রাঘবেণ নিপাতিতঃ ॥ ৮ ॥

ননু তে বজ্রনিষ্পেষা যস্য[২] কুর্ব্বন্তি ন ব্যথাম্।
স কথং রামবাণার্ত্তঃ প্রসুপ্তোঽসি মহীতলে ॥ ৯ ॥

এতে[৩] দেবগণাঃ সর্ব্বে ঋষয়ো গগনে স্থিতাঃ।
নিহতং ত্বাং রণে দৃষ্ট্বা[৪] বিনন্দন্তি প্রহর্ষিতাঃ ॥ ১০ ॥

৭। লো-টী। নাস্মি ন ভবামি ন পশ্যামীত্যর্থঃ। দিবৌকসাং দিবৌকোভ্যঃ।

৮। লো-টী। নাম সম্ভাবনায়াম্। এবংবিধো জনঃ রাঘবেণ নিপাতিত ইতি কথং সম্ভাব্যতে! কালাগ্নিপ্রতিমঃ প্রলয়কালাগ্নিতুল্যঃ।

৯। লো-টী। বজ্রনিষ্পেষাঃ বজ্রসংঘট্টধ্বনয়ঃ বজ্রনিপাতা বা।

হায়, শক্রদর্পহারী মহাবলশালী কুম্ভকর্ণ, তুমি আমাকে পরিত্যাগ করিয়া দৈববশে যমালয়ে গমন করিলে ॥ ৬ ॥

সম্প্রতি আমি [থাকিয়াও] নাই, যাহার আশ্রয়ে আমি দেবগণকেও ভয় করিতাম না, আমার সেই দক্ষিণবাহু পতিত হইয়াছে ॥ ৭ ॥

যুদ্ধে কালাগ্নিতুল্য দেবদানবের দর্পহারী এবংবিধ ব্যক্তিকে রাঘব কিরূপে নিহত করিল ॥ ৮ ॥

বজ্রের নিষ্পেষণেও যে-তোমার বেদনা উৎপাদন করে না, সেই তুমি রামের বাণে কাতর হইয়া ভূতলে নিদ্রিত হইলে কেন? ॥ ৯ ॥

তোমাকে যুদ্ধে নিহত দেখিয়া এই দেবতা ও ঋষিগণ আকাশে অবস্থানপূর্ব্বক আনন্দ প্রকাশ করিতেছে ॥ ১০ ॥

১। ছ 'শক্রসৈন্যপ্রতাপো্যকঃ ক্ব মাং সন্ত্যজ্য গচ্ছসি'। ২। ছ 'যন্তাকুর্ব্বত'। ৩। ছ '-গণৈঃ সার্দ্ধমৃষ-'। ৪। ছ 'নিন-'।

ধ্রুবমদ্যৈব সংহৃষ্টা লব্ধলক্ষ্যাঃ[১] প্লবঙ্গমাঃ।
সমারোক্ষ্যন্তি[২] দুর্গাণি লঙ্কাদ্বারাণি সর্ব্বতঃ ॥ ১১ ॥

রাজ্যেন নাস্তি মে কার্য্যং কিং করিষ্যামি সীতয়া।
কুম্ভকর্ণবিহীনস্য জীবিতে নাস্তি[৩] মে স্পৃহা ॥ ১২ ॥

যদ্যহং ভ্রাতৃহন্তারং ন হন্মি যুধি রাঘবম্।
ততো মে মরণং শ্রেয়ো ন ত্বিদং ব্যর্থজীবিতম্ ॥ ১৩ ॥

অদ্যৈব তং গমিষ্যামি দেশং যত্রানুজো মম।
ন হি ভ্রাতৃপরিত্যক্তঃ সুখং জীবিতুমুৎসহে ॥ ১৪ ॥

দেবা মাং প্রহসিষ্যন্তি হৃষ্টাঃ[৪] পূর্ব্বাপকারিণম্।
কথমিন্দ্রং বিজেষ্যামি কুম্ভকর্ণ হতে ত্বয়ি।
কথং বৈবস্বতং দেবং বরুণঞ্চ মহাবলম্ ॥ ১৫ ॥

১১। লো-টী। লব্ধলক্ষ্যা লব্ধশরব্যা লব্ধচ্ছিদ্রা ইত্যর্থঃ।

বানরগণ আনন্দিত হইয়া এই সুযোগে আজই নিশ্চয় চারিদিকে দুর্গম লঙ্কাদ্বারসমূহে আরোহণ করিবে ॥ ১১ ॥

আমার রাজ্যের প্রয়োজন নাই, সীতাকে লইয়াই বা আমি কি করিব? কুম্ভকর্ণকে হারাইয়া আমার জীবনের ইচ্ছা নাই ॥ ১২ ॥

যদি আমি যুদ্ধে ভ্রাতৃহন্তা রামকে নিহত না করি, তবে আমার মরণই শ্রেয়ঃ, বৃথা বাঁচিয়া থাকিবার প্রয়োজন নাই ॥ ১৩ ॥

আমার অনুজ কুম্ভকর্ণ যেখানে আছে, আমি অদ্যই সেইস্থানে গমন করিব, ভ্রাতৃহীন হইয়া সুখে বাঁচিয়া থাকিতে চাহি না ॥ ১৪ ॥

হে কুম্ভকর্ণ, তুমি নিহত হইয়াছ, এক্ষণে আমি ইন্দ্রকে এবং যমদেব ও মহাবলশালী বরুণকে জয় করিব কিরূপে? আনন্দিত দেবগণ পূর্ব্বাপকারী আমাকে উপহাস করিবে ॥ ১৫ ॥

১। ছ '-লক্ষাঃ'। ২। ছ 'আরোহিষ্যন্তি'। ৩। ছ 'মে গতা স্পৃহা'। ৪। ছ 'দৃষ্ট্বা'।

তদিদং মামনুপ্রাপ্তং বিভীষণবচঃ শুভম্।
যদজ্ঞানান্ময়া তস্য ন গৃহীতং মহাত্মনঃ ॥ ১৬ ॥
বিভীষণাভিশাপোঽয়ং কুম্ভকর্ণপ্রহস্তয়োঃ।
বিনাশো বৈ সমুৎপন্নো[১] মাং পীড়য়তি দারুণঃ[২] ॥ ১৭ ॥
তস্যায়ং কর্ম্মণঃ প্রাপ্তো বিপাকো মম শোকদঃ।
যন্ময়া ধার্ম্মিকঃ শ্রীমান্ স[৩] নিরস্তো বিভীষণঃ ॥ ১৮ ॥
ইতি রজনিচরাধিপস্তদা পিতৃপতিরাষ্ট্রগতং নিশম্য তম্[৪]।
অনুজমনুশুশোচ নৈকধা[৫] মরণমপশ্যদিবাত্মনস্তদা[৬] ॥ ১৯ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে যুদ্ধকাণ্ডে রাবণবিলাপো নাম
সপ্তচত্বারিংশঃ সর্গঃ ॥ ৪৭ ॥

১৬। লো-টী। তদিদমিতি। 'সোঽয়ং বিষ্ণুঃ সুরৈঃ সার্দ্ধং মানুষত্বমুপাগতঃ। রামাভিধান' ইত্যাদি 'সকামা ন চ বৈ দেবা ভবিষ্যন্তি নিরুত্তমাঃ' ইত্যেতৈশ্চতুর্ভিঃ শ্লোকৈঃ রক্ষোবধার্থং বিষ্ণোঃ সুরৈঃ সহাবতরণম্ তস্মাৎ রামায় সীতাং দত্ত্বা সন্ধিং কুরু, অকরণে চ দেবাঃ সকামা ভবিষ্যন্তীতি যদিদং শুভং কুম্ভকর্ণস্য বচস্তৎ তদকরণে অনর্থো মাং প্রাপ্ত ইত্যর্থঃ।

১৮। লো-টী। বাক্যং যন্ন গৃহীতং তস্য অগ্রহণরূপস্য কর্ম্মণঃ বিপাক ইত্যন্বয়ঃ, বিপাকো বিসদৃশং ফলম্।

লঙ্কাকাণ্ডে রাবণবিলাপঃ ॥ ৪৭ ॥

আমি অজ্ঞানবশতঃ যাহা গ্রহণ করি নাই, মহাত্মা বিভীষণের সেই হিতবাক্যই এই সফল হইল ॥ ১৬ ॥

কুম্ভকর্ণ এবং প্রহস্তের দারুণ নিধন সংঘটিত হইয়া আমাকে পীড়িত করিতেছে—ইহা বিভীষণের অভিশাপ ॥ ১৭ ॥

আমি যে সেই ধর্ম্মনিষ্ঠ শ্রীমান্ বিভীষণকে তাড়াইয়া দিয়াছি, সেই [অপ-] কর্ম্মেরই এই শোকপ্রদ পরিণাম উপস্থিত হইয়াছে ॥ ১৮ ॥

কুম্ভকর্ণকে যমরাজ্যগত শুনিয়া তখন রাক্ষসরাজ কনিষ্ঠের জন্য এইরূপে নানাপ্রকারে শোক করিতে লাগিলেন এবং তখন যেন নিজের মরণ [আসন্ন] দেখিতে পাইলেন ॥ ১৯ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের যুদ্ধকাণ্ডে রাবণবিলাপ-নামক
৪৭শ সর্গ সমাপ্ত ॥ ৪৭ ॥

১। ছ '-ন্নস্তন্মাং পীড়য়তে ভৃশম্'। ২। অতঃ পরং 'যদ্বাক্যং কুম্ভকর্ণস্য প্রারোচত চ যদ্বচঃ। উক্তং বিভীষণেনাপি হিতং পথ্যঞ্চ সাধু চ'। ইত্যধিকম্। ৩। ছ 'নিরস্তোঽসৌ'। ৪। ছ 'বুদ্ধ্যা'। ৫। ছ '-ধাসৌ'। ৬। ছ '-স্তদা চ'।

বাল্মীকিকৃত

রামায়ণ

(গৌড়ীয়-পাঠ)

রামায়ণের নিয়মাবলী—

১। রামায়ণের এক এক খণ্ড প্রতিমাসে বাহির হইবে।

২। প্রত্যেক খণ্ডে রয়েল আটপেজী আকারের অন্যূন ১০৪ পৃষ্ঠা থাকিবে।

৩। প্রাঞ্জল বঙ্গানুবাদ, প্রয়োজনমত টিপ্পনী, বড় বাঙ্গালা অক্ষরে মূল, লোকনাথ চক্রবর্ত্তীর টীকা ও পাঠান্তর প্রতিখণ্ডে প্রদত্ত হইবে।

৪। রামায়ণের প্রতিখণ্ডের মূল্য—সাধারণ সংস্করণ ১৲ টাকা, রাজসংস্করণ ২৲ টাকা, গ্রাহকগণের পক্ষে ভি. পি. খরচ লাগিবে না।

পত্র লিখিলেই গ্রাহকশ্রেণীভুক্ত করিয়া গ্রাহকের অভিপ্রায়ানুসারে রামায়ণ প্রেরিত হইবে।

চিঠিপত্র টাকাপয়সা নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে।

কর্ম্মসচিব—

মেট্রোপলিটান্ প্রিণ্টিং এণ্ড্ পাব্লিশিং হাউস্ লিঃ,

৯০, লোয়ার সার্কুলার রোড্, কলিকাতা।

'মেট্রোপলিটান্ প্রিণ্টিং এণ্ড্ পাব্লিশিং হাউস লিঃ' হইতে শ্রীপুলিনবিহারী সরকার কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।